

# প্রাথমিক গণিত

## তৃতীয় শ্রেণি







জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৪ শিক্ষাবর্ষ থেকে
তৃতীয় শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

# প্রাথমিক গণিত

## তৃতীয় শ্রেণি



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

কর্তৃক প্রকাশিত


---


(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)



**রচনা ও সম্পাদনা**

ড. অমল হালদার

তামান্না সুলতানা

মোহাম্মদ শুকুর আলম মজুমদার

মোঃ মাজাহারুল ইসলাম খান

শম্পা রহমান

মোহাম্মদ মফিজুর রহমান

**শিল্প নির্দেশনা**

হাশেম খান

**ছবি ও অলংকরণ**

জাকির হোসেন ফকির

মুনমুন আলম খান



প্রথম মুদ্রণ : অক্টোবর ২০২৩

পরিমার্জিত সংস্করন : অক্টোবর ২০২৪

**ডিজাইন**

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

---

মুদ্রণে:

# প্রসঙ্গকথা

প্রাথমিক স্তর শিক্ষার ভিত্তিভূমি। প্রাথমিক শিক্ষা সুনির্দিষ্ট লক্ষ্যমুখী ও পরিকল্পিত না হলে গোটা শিক্ষাব্যবস্থাই দুর্বল হতে বাধ্য। এই বিষয়টি মাথায় রেখেই ২০১০ সালের শিক্ষানীতিতে প্রাথমিক স্তরকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। বিশ্বের উন্নত দেশসমূহের সাথে সংগতি রেখে প্রাথমিক স্তরের পরিসর বৃদ্ধি এবং অন্তর্ভুক্তিমূলক করার ওপর জোর দেওয়া হয়েছে, যাতে সামাজিক ও অর্থনৈতিক স্তর এবং ধর্ম-বর্ণ কিংবা লৈঙ্গিক পরিচয় কোনো শিশুর শিক্ষাগ্রহণের পথে বাধা না হয়ে দাঁড়ায়।

প্রাথমিক শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) একটি সমন্বিত শিক্ষাক্রম গ্রহণ করেছে। এই শিক্ষাক্রমে একদিকে শিক্ষাবিজ্ঞান ও উন্নতবিশ্বের শিক্ষাক্রম অনুসরণ করা হয়েছে, অন্যদিকে বাংলাদেশের চিরায়ত শিখন-শেখানো মূল্যবোধকেও গ্রহণ করা হয়েছে। এর মাধ্যমে শিক্ষাকে অধিকতর জীবনমুখী ও ফলপ্রসূ করার প্রয়াস বাস্তব ভিত্তি পেয়েছে। বিশেষ করে বিশ্বায়নের বাস্তবতায় শিশুদের মনোজাগতিক অবস্থাকে বিশেষভাবে বিবেচনায় রাখা হয়েছে।

শিক্ষাক্রম বাস্তবায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান-উপকরণ হলো পাঠ্যপুস্তক। এই কথাটি মাথায় রেখে এনসিটিবি প্রাথমিক স্তরসহ প্রতিটি স্তর ও শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়নে সবসময় সচেষ্ট রয়েছে। প্রতিটি পুস্তক রচনা ও সম্পাদনার ক্ষেত্রে শিক্ষাক্রমের লক্ষ্য ও উদ্দেশ্যকে প্রাধান্য দেওয়া হয়েছে। শিশুমনের বিচিত্র কৌতূহল এবং ধারণক্ষমতা সম্পর্কে রাখা হয়েছে সজাগ দৃষ্টি। শিক্ষা যাতে একমুখী ও ক্লান্তিকর না হয়ে আনন্দের অনুষঙ্গ হয়ে ওঠে সেদিকটি শিক্ষাক্রম এবং পাঠ্যবই প্রণয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। আশা করা যায়, প্রতিটি বই শিক্ষাকার্যক্রমের মাধ্যমে শিশুদের সুষম মনোদৈহিক বিকাশের সহায়ক হবে। একই সাথে তাদের কাঙ্ক্ষিত দক্ষতা, অভিযোজন সক্ষমতা, দেশপ্রেম ও নৈতিক মূল্যবোধ অর্জনের পথকেও সুগম করবে।

আবশ্যকীয় বিষয় হিসেবে প্রাথমিক স্তরে 'প্রাথমিক গণিত' পাঠ্যপুস্তকটি প্রণয়ন করা হয়েছে। গণিতের বিষয়বস্তুগুলো সহজ ও আকর্ষণীয়ভাবে উপস্থাপন করার জন্য প্রয়োজনীয় ব্যাখ্যা, ছবি ও উদাহরণ দেওয়া হয়েছে। গণিতের পাঠক্রমগুলো জানা থেকে অজানা এবং সহজ থেকে কঠিন অনুক্রমে সাজানো হয়েছে, ফলে শিখন-শেখানো কার্যক্রম অধিকতর কার্যকর হয়েছে। শিক্ষার্থীদের অধিক অনুশীলনের সুবিধার্থে গণিত পাঠ্যপুস্তকে নিজে করি অনুশীলন যুক্ত করা হয়েছে। সার্বিকভাবে শিক্ষার্থীরা গণিতের ধারণাগুলো নিকট পরিবেশ ও বাস্তব ঘটনাবলির আলোকে অনুধাবন করে অনুশীলনের মাধ্যমে আয়ত্ত করতে পারবে বলে আশা করা যায়।

বইটি রচনা, সম্পাদনা ও পরিমার্জনে যেসকল বিশেষজ্ঞ ও শিক্ষক নিবিড়ভাবে কাজ করেছেন তাঁদের বিশেষভাবে কৃতজ্ঞতা জানাই। কৃতজ্ঞতা জানাই তাদের প্রতিও যাঁরা অলংকরণের মাধ্যমে বইটিকে শিশুদের জন্যে চিত্তাকর্ষক করে তুলেছেন। ২০২৪ সালের পরিবর্তিত পরিস্থিতিতে প্রয়োজনের নিরিখে পাঠ্যপুস্তকসমূহ পরিমার্জন করা হয়েছে। সময় স্বল্পতার কারণে কিছু ভুলত্রুটি থেকে যেতে পারে। সুধিজনের কাছ থেকে যৌক্তিক পরামর্শ ও নির্দেশনা পেলে সেগুলো গুরুত্বের সাথে বিবেচনায় নেওয়া হবে।

পরিশেষে বইটি যাদের জন্য, সেই কোমলমতি শিক্ষার্থীদের সার্বিক কল্যাণ কামনা করছি।

অক্টোবর ২০২৪

প্রফেসর ড. এ কে এম রিয়াজুল হাসান
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ



# চরিত্র ও প্রতীকের ব্যাখ্যা

১. **চরিত্র:** পাঠ্যপুস্তকে রাফি ও তুলি নামের দুইজন শিক্ষার্থী ও টিয়া পাখির কথোপকথন দেখানো হয়েছে। তাদের আলোচনা ও মতামতের মাধ্যমে শিক্ষার্থীদের গণিতের ধারণা স্পষ্ট হবে।




২. পাঠে কিছু প্রতীক ব্যবহার করে ধাপগুলো নির্দেশ করা হয়েছে।



**মূল প্রশ্ন:** চলো, আমরা সবাই মিলে সমাধান করি।

**কাজ:** চলো, আমরা সহপাঠী ও শিক্ষকের সঙ্গে আলোচনা করে সমাধান করি।

**অনুশীলন:** যৌক্তিকভাবে চিন্তা করে সমাধান করি। প্রয়োজনে সহপাঠীর সঙ্গে আলোচনা করি ও শিক্ষকের সহায়তা নিই।

**নিজে করি:** চলো, আমরা নিজে নিজে সমাধান করি।


# সূচিপত্র



| অধ্যায় | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | সংখ্যা | ১ |
| ২ | যোগ | ২১ |
| ৩ | বিয়োগ | ৩১ |
| ৪ | যোগ ও বিয়োগের সম্পর্ক | ৩৭ |
| ৫ | গুণ | ৪২ |
| ৬ | ভাগ | ৬৩ |
| ৭ | গুণ ও ভাগের সম্পর্ক | ৭৮ |
| ৮ | যোগ, বিয়োগ, গুণ ও ভাগসংক্রান্ত সমস্যা | ৮৪ |
| ৯ | ভগ্নাংশ | ৯১ |
| ১০ | বাংলাদেশি মুদ্রা | ১০৭ |
| ১১ | পরিমাপ | ১১৮ |
| ১২ | জ্যামিতি | ১৩৩ |
| ১৩ | উপাত্ত সংগ্রহ ও বিন্যস্তকরণ | ১৪৯ |

# সংখ্যা

## গণনা করা, পড়া ও লেখা

কতগুলো ব্লক আছে?






আমরা কীভাবে গণনা করব?

২য় শ্রেণিতে ব্লকের সাহায্যে আমরা দশ এবং শতের দল তৈরি করে ১০০০ পর্যন্ত গণনা করেছি। আমার মনে হয় একইভাবে আমরা ব্লকগুলো সহজেই গণনা করতে পারি। কিন্তু এটি সংখ্যায় কীভাবে লিখব?







| | | |
|---|---|---|
| ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ | ১০ ১০ | ১ |
| শতক | দশক | একক |
| ১১ | ২ | ১ |



আমরা দ্বিতীয় শ্রেণিতে শিখেছি ১০টি ১০০ তে ১০০০ হয়।

তাহলে এটি হলো এক হাজার একশত একুশ এবং আমরা লিখি ১১২১


▲১ কতগুলো ব্লক আছে?




| হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|
| ১০০০ ১০০০ | ১০০ ১০০ ১০০ | ১০ ১০ ১০ ১০ ১০ | ১ ১ ১ ১ |
| | | | |

সংখ্যাটি হলো দুই হাজার তিন শত চুয়ান্ন এবং আমরা লিখি ২৩৫৪

১ নিচের কোন বক্সে ৯২৫টি ব্লক রয়েছে?



২ গণনা করি ও সংখ্যায় লিখি

| হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|
| ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ | ১০০ ১০০ ১০০ ১০০ | ১০ ১০ ১০ ১০ | ১ ১ ১ ১ ১ ১ ১ ১ |
| | | | |

সংখ্যাটি হলো............

৩ পড়ি ও কথায় লিখি

(১) ১২৩৮ (২) ২৮১৫ (৩) ৩১১১ (৪) ৪৩৩৫ (৫) ৫১৫৩

৪ অঙ্কে লিখি

(১) এক হাজার এক শত পঁয়ত্রিশ (২) তিন হাজার নয় শত উনআশি


(৩) সাত হাজার আট শত উনসত্তর (৪) নয় হাজার এক শত এক



নিচের ছবিতে দেওয়া টিকিটগুলো ক্রিকেট ম্যাচের জন্য বিক্রি করা হবে।

(১) বাক্সের ভেতর কতগুলো প্যাকেট আছে?

(২) সর্বমোট কতটি টিকিট আছে?






এতগুলো টিকিট কীভাবে গণনা করব?

আমার মনে হয় আমরা ১, ১০, ১০০, ১০০০ করে গণনা করতে পারি।



| | |
|---|---|
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |

= ১০০০০

উপরের ছবির প্রতিটি বড় বাক্সে ১০০০ এর ১০টি করে প্যাকেট আছে। অর্থাৎ, টিকিটের পরিমাণ দশ হাজার এবং একে লেখা হয় ১০০০০। ছবিতে এরকম ২টি বাক্স আছে। এই ২টি বাক্সে একত্রে ২০ হাজার টিকিট আছে।

ছবিতে আরও ৩ হাজার এবং ৪২৫টি টিকিট আছে।



| অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|
| ১০০০০<br>১০০০০ | ১০০০<br>১০০০<br>১০০০ | ১০০<br>১০০<br>১০০<br>১০০ | ১০<br>১০ | ১<br>১<br>১<br>১<br>১ |
| | | | | |

সংখ্যাটি হলো তেইশ হাজার চার শত পঁচিশ, এবং আমরা লিখি ২৩৪২৫

**এক অযুত অর্থ হলো ১০ হাজার**

২০২৫

১ কতগুলো হাজার আছে? সংখ্যাটি কত?

| | | | | |
|---|---|---|---|---|
| ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |



কতগুলো ১০০০ আছে গণনা করি

| | |
|---|---|
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |

সংখ্যাটি হলো ______ হাজার বা ______ অযুত

১ দাগ টেনে মিল করি




(১) পাঁচ হাজার তিন শত পাঁচ

(২) বাইশ হাজার সাত শত উনিশ

(৩) তেষট্টি হাজার সাত শত দুই


(৪) নিরানব্বই হাজার তিন শত পাঁচ


(৫) একান্ন হাজার তিন শত পাঁচ

(৬) পাঁচ হাজার পাঁচ শত তিন

২০২৫

২ গণনা করে অঙ্কে ও কথায় লিখি




কার্ডগুলো সাজিয়ে রাখি

কার্ডগুলো সাজিয়ে রাখি

অঙ্কে লিখি

কথায় লিখি

অঙ্কে লিখি

কথায় লিখি

৩ গণনা করি ও সংখ্যায় লিখি

| অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|
| ১০০০০ | ১০০০<br>১০০০<br>১০০০ | ১০০<br>১০০<br>১০০<br>১০০ | ১০<br>১০ | ১<br>১<br>১<br>১<br>১ |
| | | | | |

সংখ্যাটি হলো............


২০২৫

## ৪ গণনা করি ও সংখ্যায় লিখি

| অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|
| ১০০০০<br>১০০০০<br>১০০০০ | ১০০০<br>১০০০<br>১০০০<br>১০০০ | | ১০<br>১০<br>১০ | ১<br>১<br>১<br>১ |
| | | | | |

সংখ্যাটি হলো............................ । এখানে শতক স্থানীয় অঙ্কটি কী?

## ৫ সংখ্যাটি কত?




## ৬ অঙ্কে লিখি

(১) নয় হাজার নয় শত নব্বই

(২) নয় হাজার নিরানব্বই

(৩) দশ হাজার

(৪) দশ হাজার দশ

(৫) তেরো হাজার পাঁচ শত বত্রিশ

(৬) ছাব্বিশ হাজার আট শত সাঁইত্রিশ


## ৭ পড়ি ও কথায় লিখি


(১) ১১২৩৮ (২) ১৭৮০৫ (৩) ১৯১১১


(৪) ১৩৩৫৯ (৫) ১৫১৫৩ (৬) ২৭৫৩৭


২০২৫

নিচের ছবিতে দেওয়া টিকিটগুলো ফুটবল খেলার জন্য বিক্রি করা হবে। কতগুলো টিকিট আছে?









| | |
|---|---|
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |
| ১০০০ | ১০০০ |

= ১০০০০

উপরের সারির প্রতিটি বাক্সে ১০০০ এর ১০টি করে প্যাকেট আছে। অর্থাৎ, টিকিটের পরিমাণ দশ হাজার এবং একে লেখা হয় ১০০০০। ছবিতে এরকম ৮টি বাক্স আছে। এই ৮টি বাক্সে একত্রে আশি হাজার টিকিট আছে।



ছবিতে আরও অনেকগুলো টিকিট রয়েছে। এগুলো আমরা কীভাবে গণনা করব?

| অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

আমরা সংখ্যাটি পড়ি তিরাশি হাজার চার শত তিয়াত্তর এবং লিখি ৮৩৪৭৩।

৮ ৩ ৪ ৭ ৩

| | স্থানীয় মান | |
|---|---|---|
| ৩ একক | ৩ | |
| ৭ দশক | ৭০ | |
| ৪ শতক | ৪০০ | |
| ৩ হাজার | ৩০০০ | ৮৩ হাজার |
| ৮ অযুত | ৮০০০০ | |

**১** সংখ্যাগুলো উচ্চস্বরে পড়ি, কথায় লিখি এবং উপরের মতো করে স্থানীয় মান নির্ণয় করি।

(ক) ২৩৫১৭ (খ) ৫১৩৪৭ (গ) ৯৩০০৭

**১** ৪৯০৩৭ সংখ্যাটির অঙ্কগুলোর স্থানীয় মান বের করি।

৪ ৯ ০ ৩ ৭

| | স্থানীয় মান | |
|---|---|---|
| ৭ একক | ৭ | |
| ৩ দশক | ৩০ | |
| ০ শতক | ০ | |
| ৯ হাজার | ৯০০০ | ৪৯ হাজার |
| ৪ অযুত | ৪০০০০ | |

**২** খালিঘর পূরণ করি

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩৪৫৭ = | ☐ অযুত | ☐ হাজার | ☐ শতক | ☐ দশক | ☐ একক |
| ৭৮০৪ = | ☐ অযুত | ☐ হাজার | ☐ শতক | ☐ দশক | ☐ একক |
| ৬৮০০৫= | ☐ অযুত | ☐ হাজার | ☐ শতক | ☐ দশক | ☐ একক |
| ৯৭৮৪২= | ☐ অযুত | ☐ হাজার | ☐ শতক | ☐ দশক | ☐ একক |

২০২৬

**৩** (ক) ৯৪২৩০ সংখ্যাটিতে ৪ ও ৩ এর স্থানীয় মান কত? সংখ্যাটিতে অযুত স্থানের অঙ্কটি কত?

(খ) ৮৬৯৩৫ সংখ্যাটিতে হাজার স্থানের অঙ্কটি কত?

বাংলাদেশের একটি ইউনিয়নের লোকসংখ্যা ১০০০০০ (প্রায়)। সংখ্যাটি আমরা কীভাবে পড়ব?



এটি সহজ। আগের মতো আমরা দশ, শত, হাজার ও অযুতের দল গঠন করে পড়তে পারি।



আমার কাছে কাজটি সহজ মনে হচ্ছে না, কারণ এখানে বাম দিকের ১ এর স্থানীয় মানের স্থানটি নেই।

১

| অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|
| ০ | ০ | ০ | ০ | ০ |



এখানে নতুন স্থানটির মান হবে লক্ষ।
১ লক্ষ অর্থ হলো ১০ অযুত এবং একে লেখা হয় ১০০০০০।

| স্থানের নাম | লক্ষ | অযুত | হাজার | শতক | দশক | একক |
|---|---|---|---|---|---|---|
| | ১ | ০ | ০ | ০ | ০ | ০ |

এক লক্ষ বা ১০০০০০

১ ০ ০ ০ ০ ০

০ একক — ০
০ দশক — ০
০ শতক — ০
০ হাজার — ০
০ অযুত — ০
১ লক্ষ — ১০০০০

**১** বাংলাদেশের একটি পৌরসভার মোট জনসংখ্যার ৮০৬৯৯ জন পুরুষ ও ৭৬৬৪৪ জন নারী। সংখ্যা দুইটি উচ্চ স্বরে পড়ি, কথায় লিখি এবং অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় করি।

**২** সংখ্যারেখায় ক ও খ স্থানের সংখ্যা লিখি।





২০২৫

## সংখ্যার তুলনা

১২১৫ ও ১১২৫ এর মধ্যে কোন সংখ্যাটি ছোটো?

সংখ্যা দুইটিকে হাজার, শত, দশ ও এককের দলে সাজাই।





| ১২১৫ | ১১২৫ |
|---|---|



চলো, আমরা হাজারের দল তুলনা করি।

হাজারের দল একই। তাই আমরা সংখ্যা দুইটিতে শত এর দল তুলনা করব। ১২১৫ সংখ্যাটিতে শত এর দল ২টি এবং ১১২৫ এ শত এর দল ১টি। তাই ১১২৫ সংখ্যাটি ছোটো।



১ নিচের সংখ্যা দুইটি তুলনা করো।

৩২৭৪০ এবং ৩২৯৪০



এটি খুব সহজ। আমরা একে একে বড়ো স্থানীয় মান থেকে ছোটো স্থানীয় মান তুলনা করব। প্রথমে অযুতের স্থান, এরপর হাজারের স্থান, এরপর শতকের স্থান, এরপর দশকের স্থান এবং সবশেষে এককের স্থান।

২০২৫

অযুত এবং হাজারের স্থানের অঙ্ক একই। ৩ ও ২।





তাহলে শতক স্থানের অঙ্ক তুলনা করি। ৭ থেকে ৯ বড়ো।

তাহলে বলতে পারি ৩২৭৪০ থেকে ৩২৯৪০ বড়ো।



যখন আমরা সংখ্যা তুলনা করব, তখন আমরা < ও > চিহ্ন ব্যবহার করতে পারি।

৩২৩৭০ > ৩২৩২০ ৩২৩২০ সংখ্যাটি ৩২৩৭০ থেকে ছোটো

৪৩৬৮০ < ৪৫৪০০ ৪৫৪০০ সংখ্যাটি ৪৩৬৮০ থেকে বড়ো

**২** নিচের সংখ্যাগুলো তুলনা করি এবং খালিঘরে < বা > চিহ্ন লিখি।

(১) ১০০০ ☐ ৯৯৯ (২) ২১৯৯ ☐ ২২০০

(৩) ৯৪৬৯ ☐ ৯৪৯৬ (৪) ১৩৭৭৭ ☐ ১৩৬৬৬

(৫) ৩৮৯৬ ☐ ৩২৮৯ (৬) ৪৫৭৯৯ ☐ ৪৬৮৯৮

(৭) ৭৯৯৮০ ☐ ৬৯৯৮৮ (৮) ৯৯৯৯৯ ☐ ১০০০০০

**৩** আমরা নিচের সংখ্যাগুলো প্রতীক ব্যবহার করে ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো লিখি।

| সংখ্যা | ছোটো থেকে বড়ো | বড়ো থেকে ছোটো |
|---|---|---|
| ১৯৯৯, ২০০০ | ১৯৯৯< ২০০০ | ২০০০>১৯৯৯ |
| ২১১১১, ২১১০৯ | | |
| ৪২৫৮৬, ৪২৫৮৫ | | |
| ৬৮৯৯০, ৬৮৮৮৮ | | |
| ৮৭১০৯, ৮৭০৯৯ | | |

২০২৫

১ সংখ্যাগুলো ছোটো থেকে বড়ো ক্রমে সাজাই

৩৭৫৬৬, ৩৮৫৫৬, ৩৭৫৫৬, ৩৯৪৫৬



অযুত স্থানের অঙ্কগুলো তুলনা করি। সবগুলো অঙ্ক একই।



হাজার স্থানের অঙ্কগুলো তুলনা করি। ৭ < ৮ < ৯



৩৭৫৬৬ ও ৩৭৫৫৬ সংখ্যা দুইটির হাজারের ও শতকের অঙ্ক একই।



৩৭৫৬৬ ও ৩৭৫৫৬ সংখ্যা দুইটির দশক স্থানের অঙ্ক ৬ এবং ৫। ৫ < ৬



সকগুলো সংখ্যারই একক স্থানের অঙ্ক ৬



সংখ্যাগুলো ছোটো থেকে বড়ো ক্রমে সাজালে হবে ৩৭৫৫৬< ৩৭৫৬৬<৩৮৫৫৬<৩৯৪৫৬

৪ নিচের সংখ্যাগুলোর তুলনা করি এবং বড়ো থেকে ছোটো ও ছোটো থেকে বড়ো ক্রমে সাজাই।

| | | |
|---|---|---|
| ৪৩৯৯, ৫৪০৯, ৫৪৮০, ৪৩৭৯ | বড়ো থেকে ছোটো | |
| | ছোটো থেকে বড়ো | |
| ২৪৭০৯, ৩৫৬৯৯, ৩৬৭৩৫, ৪৭৮০২ | বড়ো থেকে ছোটো | |
| | ছোটো থেকে বড়ো | |
| ৭৫৬১১, ৭৫৬৮৯, ৭৭৬৯০, ৭৮৬০৯ | বড়ো থেকে ছোটো | |
| | ছোটো থেকে বড়ো | |
| ৯১০০৯, ৯১৮০৯, ৯০৮৮৮, ৯১০৯৯ | বড়ো থেকে ছোটো | |
| | ছোটো থেকে বড়ো | |



একটি প্রতিষ্ঠানে শ্রমিকদের বেতন কাঠামো ৫টি ধাপে নির্ধারণ করা হয়েছে। এতে প্রথম ধাপে ১৮২৫৭ টাকা, দ্বিতীয় ধাপে ১৫৪১৬ টাকা, তৃতীয় ধাপে ৯৮৪৫ টাকা, চতুর্থ ধাপে ৯৩৪৭ টাকা ও পঞ্চম ধাপে ৮৮৭৫ টাকা নির্ধারণ করা হয়েছে।



কোন ধাপে বেতন কত তা সহজে কীভাবে পড়তে পারি?

আমরা স্থানীয় মানের ধারণা ব্যবহার করে সহজেই পড়তে পারি।



১ সংখ্যাগুলো পড়ি ও স্থানীয় মান নির্ণয় করি। ১টি করে দেখানো হলো।

১ ৮ ২ ৫ ৭

| অঙ্ক | স্থানীয় মান |
|---|---|
| ৭ একক | ৭ |
| ৫ দশক | ৫০ |
| ২ শতক | ২০০ |
| ৮ হাজার | ৮০০০ |
| ১ অযুত | ১০০০০ |

১ সংখ্যাগুলোকে প্রতীক ব্যবহার করে ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো ক্রমে সাজাই।

| সংখ্যা | | |
|---|---|---|
| ১৮২৫৭, ১৫৪১৬, ৯৮৪৫ ৮৮৭৫, ৯৩৪৭ | ছোটো থেকে বড়ো | |
| | বড়ো থেকে ছোটো | |

২ সুমনা আপা গত মাসে তার ভাইয়ের বিয়ে উপলক্ষ্যে ১ ভরি ওজনের একটি গহনা ক্রয় করেন। গহনা কিনতে তার ৯৭৭৭৯ টাকা লাগে। গহনার মূল্যকে কথায় লিখি এবং এতে ব্যবহৃত অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় করি।

৩ দুইটি আম বাগানের একটি থেকে ৮৯৩২৫ টাকার এবং অপরটি থেকে ৮৯৭৭৫ টাকার আম বিক্রয় করা হলো। সংখ্যা দুইটি পড়ি ও প্রতীক ব্যবহার করে ছোটো বড়ো লিখি।





২০২৫

## ক্রমবাচক সংখ্যা

তোমরা শ্রেণির ২০ জন শিক্ষার্থী উচ্চতা অনুযায়ী ছোটো থেকে বড়ো ক্রমে লাইনে দাঁড়াও। লাইনের প্রত্যেক শিক্ষার্থী তার অবস্থান ক্রমবাচক সংখ্যায় বলো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

তোমার অবস্থান কত?

কতজন শিক্ষার্থী তোমার চাইতে লম্বা বা খাটো?

ছোটো থেকে বড়ো ক্রমে দাঁড়ানো শিক্ষার্থীদের অবস্থান অনুযায়ী নাম লিখি।

| অবস্থান | | নাম |
|---|---|---|
| প্রথম | ১ম | |
| দ্বিতীয় | ২য় | |
| তৃতীয় | ৩য় | |
| চতুর্থ | ৪র্থ | |
| পঞ্চম | ৫ম | |
| ষষ্ঠ | ৬ষ্ঠ | |
| সপ্তম | ৭ম | |
| অষ্টম | ৮ম | |
| নবম | ৯ম | |
| দশম | ১০ম | |
| একাদশ | ১১শ | |
| দ্বাদশ | ১২শ | |
| ত্রয়োদশ | ১৩শ | |
| চতুর্দশ | ১৪শ | |
| পঞ্চদশ | ১৫শ | |
| ষোড়শ | ১৬শ | |
| সপ্তদশ | ১৭শ | |
| অষ্টাদশ | ১৮শ | |
| ঊনবিংশ | ১৯শ | |
| বিংশ | ২০শ | |

২০২৫

১ তোমাদের শ্রেণিতে গণিতে প্রাপ্ত নম্বরের ক্রম অনুযায়ী ক্রমবাচক অবস্থান লিখি

| নাম | বড়ো থেকে ছোটো ক্রম অনুযায়ী গণিতে প্রাপ্ত নম্বর | ক্রমবাচক অবস্থান | নাম | বড়ো থেকে ছোটো ক্রম অনুযায়ী গণিতে প্রাপ্ত নম্বর | ক্রমবাচক অবস্থান |
|---|---|---|---|---|---|
| ঐশী | ১০০ | প্রথম | সামি | ৮০ | |
| শিমু | ৯৮ | | জ্যোতি | ৭৯ | |
| ইমন | ৯৭ | | সামিয়া | ৭৬ | ত্রয়োদশ |
| তপন | ৯৫ | | কবির | ৭৫ | |
| রিয়া | ৯২ | | রাজু | ৬৯ | |
| লিমন | ৯০ | | তিথি | ৬৫ | |
| রেখা | ৮৭ | | আরিফ | ৬৩ | |
| ইতি | ৮৫ | | রিফাত | ৬০ | |
| নাবিলা | ৮৪ | | মিতু | ৫৮ | |
| লিপু | ৮২ | | রিয়া | ৫৬ | |

১ বাম দিক থেকে নিচের সারির দ্বাদশ পিঁপড়াটি রং করি



২ নিচের সিঁড়ির ধাপগুলোতে ক্রমবাচক সংখ্যা বসাই




২০২৫

## সংখ্যা প্যাটার্ন

নিচের প্যাটার্নগুলো ভালো করে লক্ষ্য করি। খালিঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করি।

১) ৭, ১০, ১৩, ____ , ১৯, ____ , ২৫, ২৮, ____

২) ১৮, ২০, ____ , ____ , ২৬, ২৮

৩) ১৯, ____ , ১৫, ____ , ১১, ৯, ____ , ____

৪) ২, ৪, ____ , ____ , ____ , ১২, ____ , ____

৫) ____ , ২৯, ২৮, ____ , ২৬, ____ , ২৪

৬) ____ , ____ , ____ , ৩৫, ৪০, ৪৫ ____



প্রতিটি প্যাটার্নের একটি নির্দিষ্ট নিয়ম আছে। সেটি খুঁজে বের করতে হবে।

১ নম্বর প্যাটার্নের নিয়মটি হলো +৩, কারণ, এখানে প্রতি ক্ষেত্রে ৩ করে বৃদ্ধি পেয়েছে।



১ ১ নম্বর প্যাটার্নের নিয়মটি কীভাবে বের করা যায় তা নিয়ে সহপাঠীর সঙ্গে আলোচনা করি।

২ উপরের অন্যান্য প্যাটার্নের নিয়মগুলো খুঁজে বের করি ও খালিঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করি।

৩ ইচ্ছেমতো প্যাটার্ন তৈরি করে তা নিয়ে সহপাঠীর সঙ্গে আলোচনা করি।

১ ৫টি ভিন্ন প্যাটার্ন তৈরি করি যেগুলোর প্রতিটির ক্ষেত্রে নিয়ম হবে +৩।

২০২৫

নিচের প্যাটার্নগুলোর নিয়ম খুঁজে বের করি ও খালিঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করি।

| | |
|---|---|
| ১) ১৪, ১৮, ২২, ___ , ___ , ___ | নিয়ম: + ৪ |
| ২) ২৮, ২৬, ২৪, ___ , ___ , ___ | নিয়ম: |
| ৩) ৬৫, ___ , ৭৫, ৮০, ___ , ___ | নিয়ম: |
| ৪) ৩৬, ৩০, ২৪, ___ , ___ , ___ | নিয়ম: |
| ৫) ৭৭, ৬৬, ৫৫, ___ , ___ , ___ | নিয়ম: |



প্রথম প্যাটার্নে আগের সংখ্যা থেকে প্রতি ক্ষেত্রে পরের সংখ্যা বড়ো।

আবার প্রতি ক্ষেত্রে ৪ করে বৃদ্ধি পেয়েছে। সে কারণেই প্যাটার্নের নিয়মটি হবে + ৪।



১ প্রতিটি প্যাটার্নের নিয়ম কীভাবে বের করা যায় তা নিয়ে সহপাঠীদের সঙ্গে আলোচনা করে নিয়মগুলো খুঁজে বের করি। নিয়মগুলো বক্সে লিখি।

১ নিয়ম অনুযায়ী খালিঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করি।

২ নিচের প্রতিটি নিয়মের জন্য প্যাটার্ন তৈরি করে সহপাঠীর সঙ্গে আলোচনা করি।

(ক) +৬ (খ) +৩ (গ) –৩ (ঘ) –৪


৩ নিচের মতো করে প্যাটার্নের কার্ড তৈরি করি ও সহপাঠীর সঙ্গে খেলি।

| সামনে | পিছনে |
|---|---|
| ১৫, ১৮, ২১, ২৪, ২৭, ৩০ | আমার নিয়মটি হলো +৩ |



## নিজে করি

১ কতগুলো ▭ আছে?



২ নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১০ | ১০ | ১০০০ | ১ | ১০ | ১০ |
| ১০০০ | ১০০ | ১০০ | ১০০০ | ১০০০ | ১০০ | ১০০ |
| ১ | ১০ | ১০০০ | ১ | ১০ | ১০০০ | ১০০০ |
| ১ | ১০০০০ | ১০০০ | ১ | ১০০০০ | ১০০০ | ১০০০ |

(১) বক্সে কতগুলো ১০০০০, ১০০০, ১০০, ১০ ও ১ আছে?

(২) সংখ্যাটি কত?

৩ অঙ্কে লিখি

(১) ত্রিশ হাজার ছয় শত পাঁচ

(২) সাতান্ন হাজার পাঁচ শত তেষট্টি

(৩) সাতাশি হাজার সাত

(৪) আটটি ১০ হাজার ও চারটি ১ হাজার দ্বারা গঠিত সংখ্যা

(৫) আটটি ১০ হাজার, নয়টি ১ হাজার ও নয়টি ১ দ্বারা গঠিত সংখ্যা

(৬) নয়টি ১০ হাজার, নয়টি ১ হাজার, নয়টি ১ শত, নয়টি ১০ ও নয়টি ১ দ্বারা গঠিত সংখ্যা

২০২৫

## ৪ সঠিক উত্তরের পাশে টিক(✓) চিহ্ন দিই

(১) এক অযুত কত অঙ্ক বিশিষ্ট সংখ্যা হবে?

ক) তিন অঙ্ক খ) চার অঙ্ক গ) পাঁচ অঙ্ক ঘ) ছয় অঙ্ক

(২) নিচের কোনটি বৃহত্তম সংখ্যা?

ক) ৭৮২৯ খ) ৭৮৯২ গ) ৭৯৮২ ঘ) ৭৯২৮

(৩)  চিত্রে বাম দিক থেকে গণনা করলে কালো রং করা বৃত্তটির অবস্থান ক্রমবাচক সংখ্যায় কততম?

ক) চতুর্থ খ) পঞ্চম গ) চতুর্দশ ঘ) পঞ্চদশ

(৪) ২৫৯৭, ২৫৭৯, ২৭৫৭, ২৭৭৫ সংখ্যাগুলোকে বড়ো থেকে ছোটো ক্রমে সাজালে নিচের কোন ক্রমটি সঠিক?

ক) ২৭৭৫ >২৭৫৭>২৫৯৭>২৫৭৯ খ) ২৭৭৫ >২৭৫৭>২৫৭৯>২৫৯৭

গ) ২৭৭৫ >২৭৫৭>২৫৯৭>২৫৭৯ ঘ) ২৭৫৭ >২৭৭৫>২৫৯৭>২৫৭৯

(৫) ৫, ১০, ১৫, ২০, ২৫,৩০, .....প্যাটার্নটির নিয়ম হলো–

ক) প্রতি ক্ষেত্রে ৫ বৃদ্ধি খ) প্রতি ক্ষেত্রে ১০ বৃদ্ধি

গ) প্রতি ক্ষেত্রে ৫ কম ঘ) প্রতি ক্ষেত্রে ১০ কম

(৬) ৭, ১১, ..., ১৯, ..., ২৭ । প্যাটার্নটির খালিঘরের সংখ্যাগুলো কত হবে?

ক) ১২, ২০ খ) ১৮, ২৬ গ) ১৫, ২৩ ঘ) ১৫, ২০

## ৫ খালিঘর পূরণ করি

(১) ☐ সংখ্যাটি ৩ হাজার ৫ শতক ০ দশক ৫ একক

(২) ☐ সংখ্যাটি ৭ হাজার, ১ শতক, ৪ দশক ও ৫ একক

(৩) ☐ সংখ্যাটি ২ হাজার, ২ দশক ও ৭ একক

(৪) ☐ সংখ্যাটি ৫ হাজার ৬ একক

(৫) ৪৩৭৫ সংখ্যাটি হচ্ছে ☐ হাজার ☐ শতক ☐ দশক ☐ একক

(৬) ৫৪০০৯ সংখ্যাটি হচ্ছে ☐ অযুত ☐ হাজার ☐ শতক ☐ দশক ☐ একক

**৬** নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

(১) ৩৯ শত সংখ্যাটি কত?

(২) ১২২ শত সংখ্যাটি কত?

(৩) ২৯০০ এ কয়টি শত আছে?

(৪) ৯১০০০ এ কয়টি শত আছে?

(৫) যোগ করার ক্ষেত্রে কোন স্থানীয়মান থেকে হিসাব শুরু করতে হবে?

**৭** খালিঘরে সংখ্যা লিখি

(১)




(২)




**৮** প্রতি ক্ষেত্রে সংখ্যাটি কত?

(১) একটি সংখ্যা ১২৯৯৯ থেকে ১ বেশি

(২) একটি সংখ্যা ৩০০০০ থেকে ১ কম

(৩) একটি সংখ্যা ১০০০০ থেকে ১০ কম

(৪) একটি সংখ্যা ৪৯৯৯০ থেকে ১০ বেশি

(৫) একটি সংখ্যা ৭৯৯০০ থেকে ১০০ বেশি।

**৯** খালিঘরে > বা < প্রতীক বসিয়ে বড়ো বা ছোটো তুলনা করি

(১) ৯৭৫ ☐ ৯৫৭ (২) ৮৪৭৫ ☐ ৮৫৭৪

(৩) ১৭৭৭৯ ☐ ১৭৮৭৯ (৪) ৩৭৫৮৯ ☐ ৩৮৫৭৯

(৫) ৮৫৭৯ ☐ ৮৫৭৮ (৬) ১৭৯৯৯ ☐ ১৮৯৯৯


২০২৫

## যোগ

একটি গুড়া দুধের প্যাকেটের দাম ৪৫৩ টাকা এবং এক কেস ডিমের দাম ৩২৫ টাকা। এক প্যাকেট গুড়া দুধ ও এক কেস ডিম কিনতে কত টাকার প্রয়োজন?




৪৫৩ টাকা



৩২৫ টাকা

এই হিসাবটি সহজ। যোগ করতে হবে। আমরা স্থানীয় মান ব্যবহার করে যোগ করতে পারি।



৪৫৩+ ৩২৫ = ☐

| | শ | দ | এ |
|---|---|---|---|
| | ৪ | ৫ | ৩ |
| + | ৩ | ২ | ৫ |
| | | | |

| | শ | দ | এ |
|---|---|---|---|
| | ৪ | ৫ | ৩ |
| + | ৩ | ২ | ৫ |
| | | | ৮ |

একক স্থানের সংখ্যা যোগ করলে হয়: ৩ + ৫ = ৮

| | শ | দ | এ |
|---|---|---|---|
| | ৪ | ৫ | ৩ |
| + | ৩ | ২ | ৫ |
| | | ৭ | ৮ |

দশক স্থানের সংখ্যা যোগ করলে হয়: ৫ + ২ = ৭

| | শ | দ | এ |
|---|---|---|---|
| | ৪ | ৫ | ৩ |
| + | ৩ | ২ | ৫ |
| | ৭ | ৭ | ৮ |

শতক স্থানের সংখ্যা যোগ করলে হয়: ৪ + ৩ = ৭

**১** যোগ করি

(১) ৩৩৩ + ৪৪ = ☐ (২) ৫০০ + ২০০ = ☐

(৩) ২৩৪ + ১৫৫ = ☐ (৪) ৫৩ + ৪১২ = ☐

(৫) ৫১০ + ২৪৫ = ☐ (৬) ২৫০ + ২২ = ☐

(৭)
```
   ১ ৬
+ ৩ ৫ ২
-------
```

(৮)
```
  ২ ৫ ৩
+ ৫ ২ ৪
-------
```

(৯)
```
  ৪ ১ ৫
+ ২ ৩ ০
-------
```

মিনাদের ফল বাগানের ৩টি আমগাছ থেকে যথাক্রমে ২৩১টি, ৪২৫টি ও ৩৪২টি আম পাড়া হয়েছিল। ঐ বাগান থেকে কতগুলো আম পাড়া হয়েছিল?

আমরা নিচের পদ্ধতিতে সমাধান করতে পারি।



| | | |
|---|---|---|
| ২ | ৩ | ১ |
| ৪ | ২ | ৫ |
| ৩ | ৪ | ২ |
| | | |

→

| | | |
|---|---|---|
| ২ | ৩ | ১ |
| ৪ | ২ | ৫ |
| ৩ | ৪ | ২ |
| | | ৮ |

১+৫+২= ৮

→

| | | |
|---|---|---|
| ২ | ৩ | ১ |
| ৪ | ২ | ৫ |
| ৩ | ৪ | ২ |
| | ৯ | ৮ |

৩+২+৪= ৯

→

| | | |
|---|---|---|
| ২ | ৩ | ১ |
| ৪ | ২ | ৫ |
| ৩ | ৪ | ২ |
| ৯ | ৯ | ৮ |

২+৪+৩= ৯

**১** যোগ করি

(১) ২০০ + ৩০০ + ৪০০ = ☐  (২) ৩২১ + ১২৩ + ২২২ = ☐

(৩) ১৪৭ + ৪০১ + ২৫১ = ☐  (৪) ২২২ + ১১১ + ৫৫৫ = ☐

(৫)
```
  ৩ ৫ ২
  ২ ৩ ৪
+ ৩ ১ ১
───────
```

(৬)
```
  ৬ ১ ০
  ১ ৭ ৩
+ ১ ১ ৬
───────
```

(৭)
```
  ৫ ৩ ২
    ৫ ৫
+ ৪ ০ ১
───────
```

**১** চার অঙ্কের সংখ্যা যোগ করি

২১৩৩ + ২১১৩ + ৫৩৪৩ = ☐

আমরা তিন অঙ্কের সংখ্যার মতোই চার অঙ্কের সংখ্যার যোগ করতে পারি।



| | | | | |
|---|---|---|---|---|
| | ২ | ১ | ৩ | ৩ |
| | ২ | ১ | ১ | ৩ |
| + | ৫ | ৩ | ৪ | ৩ |
| | ৯ | ৫ | ৮ | ৯ |

একক স্থান: ৩ + ৩ + ৩ = ৯

দশক স্থান: ৩ + ১ + ৪ = ৮

শতক স্থান: ১ + ১ + ৩ = ৫

হাজার স্থান: ২ + ২ + ৫ = ৯

২০২৫

**২** যোগ করি

(১) ১০৫ + ২৩০ + ৩৩ = ☐ (২) ৩৩৩৩ + ৪৪৪৪ + ২২২২ = ☐

(৩) ২৪৩ + ৪১০ + ২০২ = ☐ (৪) ৩৪১২ + ২১৩১ + ৪২৪৩ = ☐

**৩** যোগ করি

(১) ২৩১২ + ৩ + ২৪০ + ২৩ = ☐

(২) ২৩৪০ + ৩০০৩ + ২১০২ + ২৪১ = ☐

(৩) ২২২২ + ১১১১ + ৪৩২১ + ১২৩৪ = ☐

(৪) ৪১৩৩ + ২৩০১ + ১৪২৫ + ২১৪০ = ☐

(৫)
```
  ১ ০ ৩ ২
  ৪ ১ ৩ ০
  ৩ ৬ ১ ৫
+ ১ ২ ১ ১
---------
```

(৬)
```
  ২ ৫ ০ ২
  ৩ ১ ৬ ৩
  ২ ২ ১ ১
+ ১ ০ ১ ১
---------
```

(৭)
```
  ৩ ০ ৪ ১
    ৪ ০ ৩
  ৪ ২ ৫ ৫
+ ১ ৩ ০ ০
---------
```

(৮)
```
  ৩ ০ ৫ ৪
    ৪ ৩ ২
+ ৪ ৩ ১ ০
---------
```

(৯)
```
  ৪ ১ ৩ ১
  ৩ ৪ ২ ২
+ ১ ০ ৪ ৪
---------
```


(১০)
```
  ৪ ০ ৩ ০
  ১ ৪ ১ ৫
+ ২ ৩ ৫ ১
---------
```

**২** বন্ধুর সঙ্গে সংখ্যা কার্ড নিয়ে খেলি

কাগজ কেটে এক, দশ, শত ও হাজারের সংখ্যা কার্ড তৈরি করি। কার্ডগুলো থেকে ইচ্ছেমতো কার্ড নিয়ে চার অঙ্কের সংখ্যা তৈরি করি। প্রাপ্ত সংখ্যাটি বন্ধুর সংখ্যার সঙ্গে যোগ করি।

২০২৫

একটি টেস্ট ক্রিকেট খেলায় প্রথম দিন ২৮৯ রান, দ্বিতীয় দিন ২৪০ রান এবং তৃতীয় দিন ২৬৫ রান হয়। ৩ দিনে মোট কত রান হয়েছে?




**১** যোগ করি

(১) ২২৮ + ৩৫৬ = □　　(২) ৩৪৫ + ৪৭৪ = □

(৩) ৪৬৭ + ২৪৫ = □　　(৪) ৬৮৩ + ৩২৮ = □

| (৫) | (৬) | (৭) |
|---|---|---|
| ৪ ৩ ৬ | ৫ ১ ৯ | ৬ ৩ ৫ |
| + ৩ ৭ ৮ | + ২ ৮ ৪ | + ৩ ৭ ৯ |

**২** খালিঘরের সংখ্যা খুঁজে বের করি

(১) □১০ + ২□৫ + ১০□ = ৮৫৭


(২) ৩□১২ + □১৩১ + ৪২□৬ = ৯৭৮□

| (৩) | (৪) |
|---|---|
| ৪ ১ □ ০ | ৩ ০ □ ০ |
| □ ৩ ৪ | □ ৬ ২ ৭ |
| □ ০ ৪ ৫ | ৪ □ ০ ১ |
| ৬ ৩ ৯ □ | ৮ ৮ ৬ □ |

২০২৫

**১** হিসাব করি, ৩৮৭৬ + ৫৫০৮

| | | | | |
|---|---|---|---|---|
| | ৩ | ৮ | ৭ | ৬ |
| + | ৫ | ৫ | ০ | ৮ |
| | | | | |




**৩** উপর-নিচ যোগ করি

(১)
```
  ২ ১ ৩ ৩
+ ৫ ৪ ২ ৩
```

(২)
```
  ৬ ৩ ৮ ২
+ ১ ৬ ৭ ৬
```

(৩)
```
  ৫ ৯ ১ ৩
+     ৬ ৮
```

(৪)
```
  ২ ৮ ৭ ৬
+ ৫ ৮ ২ ৩
```

(৫)
```
  ৮ ০ ৯ ৭
+ ১ ৭ ৮ ৬
```

(৬)
```
  ৯ ৫ ৮ ৪
+   ৪ ৬ ৯
```

**৪** পাশাপাশি যোগ করি

(১) ২৪০ + ২৩১২ (২) ২৫৩৭ + ১৮২৪ (৩) ৩৬২৮ + ৪৫৯১

(৪) ৩২৭ + ৮৯৬ (৫) ৬৮৭ + ২৩৬৫ (৬) ৭ + ২৪৫৩

**৫** হিসাব করি, ৪৮৩৭ + ২৫৭২ + ১৮৯৬

| | | | | |
|---|---|---|---|---|
| | ৪ | ৮ | ৩ | ৭ |
| | ২ | ৫ | ৭ | ২ |
| + | ১ | ৮ | ৯ | ৬ |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ১ | |
| | ৪ | ৮ | ৩ | ৭ |
| | ২ | ৫ | ৭ | ২ |
| + | ১ | ৮ | ৯ | ৬ |
| | | | | ৫ |

৭ + ২ + ৬ = ১৫

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২ | ১ | |
| | ৪ | ৮ | ৩ | ৭ |
| | ২ | ৫ | ৭ | ২ |
| + | ১ | ৮ | ৯ | ৬ |
| | | | ০ | ৫ |

১ + ৩ + ৭ + ৯ = ২০

| | | | | |
|---|---|---|---|---|
| | ২ | ২ | ১ | |
| | ৪ | ৮ | ৩ | ৭ |
| | ২ | ৫ | ৭ | ২ |
| + | ১ | ৮ | ৯ | ৬ |
| | | ৩ | ০ | ৫ |

২ + ৮ + ৫ + ৮ = ২৩

| | | | | |
|---|---|---|---|---|
| | ২ | ২ | ১ | |
| | ৪ | ৮ | ৩ | ৭ |
| | ২ | ৫ | ৭ | ২ |
| + | ১ | ৮ | ৯ | ৬ |
| | ৯ | ৩ | ০ | ৫ |

২ + ৪ + ২ + ১ = ৯

**৬** যোগ করি

(১) ৩৪১২ + ২১৩১ + ৪২৪৩

(২) ১৫২১ + ৪৮৩৯ + ২৮১৭

(৩) ৩৪১৮ + ১৬৭৩ + ৩৬২৮

(৪) ৭১৮ + ৪২১ + ৫৯৪

(৫) ১৬৮ + ১৬৯৫ + ২৪৫৩

(৬) ১৪৮৫ + ৩২৭ + ৪৫

**৭** যোগ করি

(১)

| | | | | |
|---|---|---|---|---|
| | ৩ | ০ | ৪ | ১ |
| | | ৪ | ০ | ৩ |
| | ৪ | ২ | ৫ | ৫ |
| + | ১ | ৩ | ০ | ০ |

(২)

| | | | | |
|---|---|---|---|---|
| | ২ | ৫ | ০ | ৩ |
| | | ৬ | ১ | ৫ |
| | ৮ | ১ | ০ | ১ |
| + | ১ | ১ | ২ | ০ |

(৩) ২১৫০ + ৩৫১৮ + ১৩১০ + ১৪১৩

(৪) ২৪৬১ + ৩৮৯ + ৩৯০৮ + ৮৮

**৮** একটি চিড়িয়াখানায় গতকাল ২৭৫৪ জন দর্শনার্থী এসেছিল। আজকে ৩৬৫৬ জন দর্শনার্থী এসেছে। দুই দিনে চিড়িয়াখানায় মোট কতজন দর্শনার্থী এসেছে?

**৯** একটি পাইকারি দোকানে ৪৪১৬ বস্তা চাল, ৩২৪১ বস্তা গম এবং ১৫৩৭ বস্তা চিনি আছে। ঐ দোকানে কতগুলো বস্তা আছে?

২০২৫

একটি বনে ৫২৮৮৯টি শাল গাছ ও ৪৬৯৪৩টি মেহগনি গাছ আছে। ঐ বনে সর্বমোট কতটি গাছ আছে?

গাণিতিক বাক্য ৫২৮৮৯ + ৪৬৯৪৩ = ☐




| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ৫ | ২ | ৮ | ৮ | ৯ |
| + | ৪ | ৬ | ৯ | ৪ | ৩ |
| | | | | | |

| | | ১ | ১ | ১ | |
|---|---|---|---|---|---|
| | ৫ | ২ | ৮ | ৮ | ৯ |
| + | ৪ | ৬ | ৯ | ৪ | ৩ |
| | ৯ | ৯ | ৮ | ৩ | ২ |




মোট গাছ ৯৯৮৩২টি

**১** যোগ করি

(১) ৪৩১২১ + ১৪৪৫৭ (২) ৩২৬৭৫ + ১৩৯৮ (৩) ৩৯৬৫০ + ১৬৩৯৮
(৪) ২৮৪৩৮ + ১৭৬৫৩ (৫) ৪৩৭৫৬ + ৩৭২৭৫ (৬) ২৩৮৩৬ + ৪৫৬১৮
(৭) ৫৭১২২ + ২২৬৭৯ (৮) ৯৯৯৯৯ + ১

**২** যোগ করি

(১) ১৪২৭৫ + ২৩৫৩২ + ৩৭১২৬ (২) ৪০৩০৫ + ৫২৪৬ + ৩০৮৩৭
(৩) ১২৫৪৭ + ২০৮৩৪ + ৩১২৭৬ + ১৮৪২০ (৪) ৩১৯৮৩ + ৬৪৩ + ৪২১০ + ২৪৫৮১

**৩** একটি দোকানে জানুয়ারি মাসে ৩৪২৯৫ টাকার চকলেট, ১৩৭২০ টাকার বিস্কুট এবং ১৪৮৫৩ টাকার চানাচুর বিক্রি হয়। ঐ দোকানে সর্বমোট কত টাকার জিনিস বিক্রি হয়?

**৪** পাশের ছকটি একটি চকলেটের দোকানের বিক্রয় তালিকা। জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত সর্বমোট কত টাকার চকলেট বিক্রি হয়েছে?

| | |
|---|---|
| জানুয়ারি | ১২৩৭৬ টাকা |
| ফেব্রুয়ারি | ১৫৭৫৩ টাকা |
| মার্চ | ২১৬৫৪ টাকা |
| এপ্রিল | ২৮৭৬৫ টাকা |

**৫** খালিঘরে ইচ্ছেমতো সংখ্যা বসিয়ে যোগ করি এবং গল্প তৈরি করি।

| | | | |
|---|---|---|---|
| ৩৮৪৫ + ১৫০০ + ৭০০ | → | ৬০৪৫ | (১) ফাতেমার ৩৮৪৫ টাকা ছিল। তার বাবা তাকে ঈদে ১৫০০ টাকা এবং মা ৭০০ টাকা দিলেন। এখন তার মোট কত টাকা হলো? |
| ☐ + ☐ + ☐ | → | | (২) |
| ☐ + ☐ | → | | (৩) |
| ☐ + ☐ + ☐ | → | | (৪) |

চ্যালেঞ্জ

**৬** ইচ্ছেমতো পাঁচ অঙ্কের কিছু সংখ্যা নিয়ে যোগ করি যেগুলোর যোগফল ১০০০০০

[১ম ধাপ] দুইটি সংখ্যা নিয়ে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| ১ | ০ | ০ | ০ | ০ | ০ |



আমি কাজটি কীভাবে করব? কাজটি কঠিন মনে হচ্ছে।

প্রথমে একক স্থানের অঙ্ক থেকে শুরু করি। হাতে রাখা অঙ্কটিসহ প্রতি ঘরে যোগফল ১০ করি।



একটি করে দেখানো হলো

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ | ১ | ১ | | |
| | ৩ | ৯ | ৯ | ৮ | ০ |
| + | ৬ | ০ | ০ | ২ | ০ |
| ১ | ০ | ০ | ০ | ০ | ০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| + | | | | | |
| ১ | ০ | ০ | ০ | ০ | ০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| + | | | | | |
| ১ | ০ | ০ | ০ | ০ | ০ |

**৭** সংখ্যা কার্ড দিয়ে জোড়ায় জোড়ায় খেলি।

ছয়টি চার অঙ্কের সংখ্যা কার্ড থেকে ৩টি কার্ড লটারির মাধ্যমে নিয়ে, কার্ডে লেখা সংখ্যা ৩টি খাতায় লিখে যোগ করতে হবে। যার যোগফল বেশি হবে সে বিজয়ী হবে।

২০২৫

## নিজে করি

**১** সঠিক উত্তরটিতে টিক(✓) চিহ্ন দিই।

(১) ২০০০+৩০০০০+৪০০০ = কত?

ক) ৩৬০০ খ) ৯০০০ গ) ৩৬০০০ ঘ) ৯০০০০

২) ২০৩০০+৫০০৯০+৯০৭ = ৭১২□৭, খালিঘরের সঠিক অঙ্ক নিচের কোনটি হবে?

ক) ০ খ) ৩ গ) ৭ ঘ) ৯

৩) নিচের কোন সংখ্যাগুলোর যোগফল ৯০০০০ হবে?

ক) ৪৫০০০ + ৩৫০০০ + ৫০০০ খ) ১০০০০ + ৬০০০০ + ২০০০

গ) ৭৫০০০ + ১০০০০ + ৫০০০ ঘ) ৫৫০০০ + ১৫০০০ + ২০০০

৪)
```
  ৩৭৯
+ ৯□৫
-----
 ১৩৪৪
```
যোগটির খালিঘরে নিচের কোন অঙ্কটি বসবে?

ক) ৮ খ) ৭ গ) ৬ ঘ) ৫

৫) বুহি বইমেলা থেকে ১০৫০ টাকা দিয়ে গল্পের বই, ১২০০ টাকা দিয়ে দুটি অভিধান এবং ৯০০ টাকা দিয়ে একটি ব্যাগ কিনল। সে কত টাকা খরচ করল?

ক) ২১৫০ খ) ৩১৫০ গ) ১১২৫০ ঘ) ২১১৫০

৬) সুমির কাছে ৬৬৮ টাকা আছে। তাঁর বাবা তাকে আরও ৭১৫ টাকা দিলে তার মোট কত টাকা হবে?

ক) ১৩৭৩ টাকা খ) ১৩৮৩ টাকা গ) ৩৮১৩ টাকা ঘ) ১৩৭১৩ টাকা

**২** দাগ টেনে মিল করি।

| | | |
|---|---|---|
| ক) ৫০০৯ + ৩০২১ | | ২৫৮৪০ |
| খ) ৪০০১ + ৬০ + ৪০০ | | ৮০৩০ |
| গ) ২৫০৯৪ + ৭৪৬ | | ১২১০ |
| ঘ) ৯৯ + ১১১ + ১০০০ | | ১০৩৩২ |
| ঙ) ২২২২ + ৩৩৩ + ৭৭৭৭ | | ৪৪৬১ |

৩ যোগ করি

(১) ১৫০৪ + ৬২৮২ (২) ৭৬২৭ + ১৪৩৮ (৩) ২৫৩৯ + ৬৭২

(৪) ৯৯ + ৪৩২২ (৫) ৮৫৩৭ + ৪২৬৫ (৬) ৪৩১২১ + ১৪৪৫৭

(৭) ১৬৩৮৪ + ১০৬২৩ (৮) ৬৩৯৯৪ + ৫১ (৯) ১১১ + ৯৯৮৮৯

৪ যোগ করি

(১) ২৫৩১ + ৪০১২ + ১২৫৪ (২) ৭৬২১ + ৫৪৭ + ১০১৪

(৩) ৫২০০ + ১৯২০ + ২৭৮০ (৪) ৬১৭১ + ৩৫৩০ + ২০৪৮

(৫) ৬২৩১০ + ১৫৬০৭ + ২৩৪৯১ (৬) ৪৪২১৭ + ৫৩৮২ + ৮৯১

(৭) ৩০০৭ + ১৭২ + ২৭১২ + ১০৭১ (৮) ২৯০০ + ১৬০০ + ৩০০ + ২৪০০

৫ লুসাই চাকমা তার মুদির দোকান থেকে প্রথম সপ্তাহে ১৬৮০ টাকা, দ্বিতীয় সপ্তাহে ৮৯০ টাকা এবং তৃতীয় সপ্তাহে ১০০০ টাকা লাভ করেন। এই তিন সপ্তাহে তার মোট লাভের পরিমাণ কত?

প্রথম সপ্তাহে ১৬৮০ টাকা
দ্বিতীয় সপ্তাহে ৮৯০ টাকা
তৃতীয় সপ্তাহে ১০০০ টাকা

---

মোট লাভের পরিমাণ

৬ লিমা ২৬১ পৃষ্ঠা, ২৭৫ পৃষ্ঠা ও ৩৫০ পৃষ্ঠার তিনটি গল্পের বই এক মাসে পড়েছে। সে ঐ মাসে কত পৃষ্ঠা গল্পের বই পড়েছে?

৭ রাজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ৮০০ মিটার, ১০০০ মিটার ও ৪০০ মিটার দৌড়ায়। সে মোট কত মিটার দৌড়ায়?

৮ রিনাদের ফল বাগানের ৩টি আমগাছ থেকে যথাক্রমে ৬৪৫টি, ৭২৯টি ও ৮৯০টি আম পাড়া হয়েছিল। ঐ বাগান থেকে কতগুলো আম পাড়া হয়েছিল?

৯ একটি নার্সারিতে ৭২৫টি গোলাপ, ৮৪০টি জবা ও ৯৪৫টি গাঁদা ফুলের চারা আছে। ঐ নার্সারিতে কতগুলো চারাগাছ আছে?

১০ একটি গ্রামে ৪৫৩৬ জন নারী ও ৪৮৭৯ জন পুরুষ বাস করেন। ঐ গ্রামে মোট কতজন লোক বাস করেন?

১১ লিজন বইমেলায় প্রথম দিনে ১২৫০ টাকা, দ্বিতীয় দিনে ১৪৬০ টাকা, তৃতীয় দিনে ১৫৭৫ টাকা ও চতুর্থ দিনে ২০০০ টাকার বই বিক্রি করে। চার দিনে মোট কত টাকার বই বিক্রি করে?

১২ একটি গুদামে ৮৩৭৫ বস্তা চিনি, ১১৮৬০ বস্তা গম ও ১২৭২০ বস্তা চাল আছে। ঐ গুদামে মোট কত বস্তা জিনিস আছে?

২০২৫

১৩ ৩৫৫ + ১৮০ + ৪৮৯ = ☐ বাক্যটি দিয়ে একটি গল্প তৈরি করি।

# বিয়োগ


একটি নার্সারিতে ৭৪২টি গোলাপ চারা ছিল। সেখান থেকে মনির বাগান করার জন্য ৩৯৫টি চারা কিনল। এখন নার্সারিতে কতটি চারা রইল?



চলো, কীভাবে ৩ অঙ্কবিশিষ্ট সংখ্যা বিয়োগ করা যায় তা পুনরালোচনা করি। প্রথমে একক স্থানের হিসাব করি এবং ক্রমান্বয়ে পরের স্থানগুলোর বিয়োগ সম্পন্ন করি।


কিন্তু সংখ্যা সরানোর সময় সতর্ক থাকতে হবে।







যোগের মতোই এককের স্থান থেকে হিসাব শুরু করতে হবে। আমরা ২ থেকে ৫ বিয়োগ করতে পারি না। তাই আমরা দশক স্থান থেকে ১ দশ (১০টি এক) এককের ঘরে নিয়ে এসে বিয়োগ করব। ১২ – ৫ = ৭






৪ দশ থেকে ১ দশ নিয়েছি ( ৪ – ১ = ৩)। এখন ৩ দশ থেকে ৯ দশ বিয়োগ করতে পারি না। তাই শতক স্থান থেকে ১ শত (১০টি দশ) দশকের ঘরে নিয়ে এসে বিয়োগ করব। ১৩ – ৯ = ৪






৭ শত থেকে ১ শত নিয়েছি (৭ – ১ = ৬)। এখন ৬ শত থেকে ৩ শত বিয়োগ করব। ৬ – ৩ = ৩



**১** বিয়োগ করি

(১)
```
  ৪ ৮ ৭
– ১ ৬ ৩
```

(২)
```
  ৬ ২ ৪
– ৩ ৮ ০
```

(৩)
```
  ৪ ৩ ৫
–   ৯ ৮
```

(৪) ৭৬৯ – ৪৯　(৫) ৫৪১ – ২১৬　(৬) ৭৪২ – ২০৯　(৭) ২৫২ – ৭২

(৮) ৩৩১ – ১৪৬　(৯) ৮৫০ – ৭৮৭　(১০) ৪০৩ – ১৭৯　(১১) ৫০০ – ৬৬ ২০২৫

১ ৮৭৬৪ − ৩৪১২ = ☐

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮ | ৭ | ৬ | ৪ |
| − | ৩ | ৪ | ১ | ২ |
| | | | | ২ |

৪ − ২ = ২

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮ | ৭ | ৬ | ৪ |
| − | ৩ | ৪ | ১ | ২ |
| | | | ৫ | ২ |

৬ − ১ = ৫

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮ | ৭ | ৬ | ৪ |
| − | ৩ | ৪ | ১ | ২ |
| | | ৩ | ৫ | ২ |

৭ − ৪ = ৩

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮ | ৭ | ৬ | ৪ |
| − | ৩ | ৪ | ১ | ২ |
| | ৫ | ৩ | ৫ | ২ |

৮ − ৩ = ৫

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ৮ | ৭ | ৬ | ৪ | → বিয়োজন |
| − | ৩ | ৪ | ১ | ২ | → বিয়োজ্য |
| | ৫ | ৩ | ৫ | ২ | → বিয়োগফল |

একক স্থান: ৪ − ২ = ২

দশক স্থান: ৬ − ১ = ৫

শতক স্থান: ৭ − ৪ = ৩

হাজার স্থান: ৮ − ৩ = ৫

যে সংখ্যাটি থেকে বিয়োগ করা হয় তা বিয়োজন এবং যে সংখ্যাটি বিয়োগ করা হয় তা বিয়োজ্য।

২ রেজার কাছে ৫৩৪৮ টাকা আছে। হিয়ার কাছে ৩৬৮৫ টাকা আছে। হিয়ার থেকে রেজার কত টাকা বেশি আছে?

গাণিতিক বাক্য ৫৩৪৮ − ৩৬৮৫ = ☐

| | | | | |
|---|---|---|---|---|
| | ৫ | ৩ | ৪ | ৮ |
| − | ৩ | ৬ | ৮ | ৫ |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৫ | ৩ | ৪ | ৮ |
| − | ৩ | ৬ | ৮ | ৫ |
| | | | | ৩ |

৮ − ৫ = ৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২ | ১০ | |
| | ৫ | ~~৩~~ | ৪ | ৮ |
| − | ৩ | ৬ | ৮ | ৫ |
| | | | ৬ | ৩ |

১৪ − ৮ = ৬

| | | | | |
|---|---|---|---|---|
| | ৪ | ১০ ২ | | |
| | ~~৫~~ | ~~৩~~ | ৪ | ৮ |
| − | ৩ | ৬ | ৮ | ৫ |
| | | ৬ | ৬ | ৩ |

১২ − ৬ = ৬

| | | | | |
|---|---|---|---|---|
| | ৪ | | | |
| | ~~৫~~ | ~~৩~~ | ৪ | ৮ |
| − | ৩ | ৬ | ৮ | ৫ |
| | ১ | ৬ | ৬ | ৩ |

৪ − ৩ = ১

২০২৫

## ২ বিয়োগ করি

(১)

| | | | | |
|---|---|---|---|---|
| | ২ | ৫ | ৭ | ৪ |
| − | ১ | ৫ | ২ | ৩ |

(২)

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮ | ২ | ৩ | ৪ |
| − | ৩ | ৬ | ১ | ৮ |

(৩)

| | | | | |
|---|---|---|---|---|
| | ১ | ৪ | ৮ | ২ |
| − | | ৯ | ৪ | ৭ |

(৪) ৭৮০৪ − ৬৭২ (৫) ৬৩৮৯ − ২৩৯৫ (৬) ৩৮৩৬ − ১৯৪৭

(৭) ৪৫৪৮ − ৩৮৬৯ (৮) ১১৩৮ − ৫৯৬ (৯) ২৫৩৬ − ২৪৫৭

## ৩ একজন লিচু বিক্রেতার ১০০০টি লিচুর মধ্যে ২৬টি লিচু পচে গেল। তিনি কতগুলো লিচু বিক্রি করতে পারবেন?

গাণিতিক বাক্য ১০০০ − ২৬ = ☐


| | | | | |
|---|---|---|---|---|
| | ১ | ০ | ০ | ০ |
| − | | | ২ | ৬ |
| | | | | |

আমরা একক স্থানে ০ থেকে ৬ বিয়োগ করতে পারি না। তাই আমি ১০ নিয়ে আসতে চাই। কিন্তু আমি কোথায় থেকে ১০ আনব?



আমরা দ্বিতীয় শ্রেণিতে এই ধরনের বিয়োগ করেছি। তাই ১ হাজার (১০টি শত) হাজারের ঘর থেকে শতকের ঘরে নিয়ে আসি। এরপর সেখান থেকে ১ শতক (১০টি দশ) দশকের ঘরে নিয়ে আসি এবং এরপর ১টি দশ (১০টি এক) দশকের ঘর থেকে এককের ঘরে নিয়ে আসি। আমরা এভাবে এই বিয়োগটি করতে পারি।








২০২৫

**৩** বিয়োগ করি

(১)

| | | | |
|---|---|---|---|
| | ১ | ০ | ০ | ০ |
| − | | ৪ | ৫ | ৮ |

(২)

| | | | | |
|---|---|---|---|---|
| | ৪ | ০ | ০ | ৩ |
| − | ১ | ০ | ০ | ৯ |

(৩) ১০০০ − ৯৯১ (৪) ১০০২ − ৭৭৭ (৫) ১০০১ − ৪৮

(৬) ৫০০০ − ২৬৩ (৭) ৬০০৪ − ৮ (৮) ৭০০০ − ২০৩৬

**৪** গতকাল একটি মেলায় লোক এসেছিল ৪৮৬৫৪ জন এবং আজকে মেলায় লোক এসেছে ৫২৪৭৯ জন। এই দুই দিনের লোকসংখ্যার পার্থক্য কত?

গাণিতিক বাক্য ৫২৪৭৯ - ৪৮৬৫৪ = ☐

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ৫ | ২ | ৪ | ৭ | ৯ |
| − | ৪ | ৮ | ৬ | ৫ | ৪ |
| | | | | | |



কীভাবে হিসাব করবে তা বন্ধুর কাছে ব্যাখ্যা করো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ১০ | | | |
| | ৪ | ১ | ১০ | | |
| | ৫ | ২ | ৪ | ৭ | ৯ |
| | ৪ | ৮ | ৬ | ৫ | ৪ |
| | ০ | ৩ | ৮ | ২ | ৫ |

যদিও সংখ্যাগুলো বড়ো, আমরা ছোটো সংখ্যার বিয়োগের মতো একইভাবে এই বিয়োগটি করতে পারি।



**৪** বিয়োগ করি

(১) ৭৬৮৯৩ − ৪২৭৩১ (২) ৫৮৪৮৫ − ৩০৭১ (৩) ৬৯১৪৩ − ২৪১৯৭

(৪) ১৩৩১৬ − ৫৯৮১ (৫) ৪২৮১৬ − ১২৯৩৭ (৬) ৩৪৫২৬ − ৩৪৩৫২

(৭) ১০০০০ − ২৪৬৮ (৮) ৪০০০০ − ৯৮৭ (৯) ৮০০০২ − ৭০০৩৬

**৫** একটি গ্রামে মোট জনসংখ্যা ১২৬৩৮ জন। পুরুষের সংখ্যা ৬১৫৫ জন। ঐ গ্রামে নারীর সংখ্যা কতজন?

**৫** পাশাপাশি বিয়োগ করি: ৭৪৮৫৩ − ৩৫৪২৭



যোগের মতো, আমরা এককের স্থান থেকে শুরু করে বড়ো স্থানের অঙ্ক বিয়োগ করতে পারি, হিসাব করা অঙ্কের উপর '/' চিহ্ন বসাই এবং হাতে রাখার ক্ষেত্রে সতর্ক হই।

৬ ১০ ৪ ১০

৭৪৮৫৩ − ৩৫৪২৭ = ৩৯৪২৬

**৬** বিয়োগ করি

(১) ৭৫০০০ − ৪২০০০ (২) ৪৮৬৭০ − ৪৫৫৫০ (৩) ৬৫২০০ − ৪২৫০০

(৪) ৭৪৩৯১ − ৫২৮১০ (৫) ৯২৩১৪ − ৫৭৮৫৮ (৬) ১০০০০০ − ১১১১১

২০২৫

## নিজে করি

**১** সঠিক উত্তরটিতে টিক (✓) চিহ্ন দিই।

(১) দুটি সংখ্যার মধ্যে যে সংখ্যাটি থেকে বিয়োগ করা হয় তাকে কী বলে?

ক) বিয়োজ্য　　খ) বিয়োজন　　গ) বিয়োগফল　　ঘ) বিয়োগ

(২) আনাবিয়ার কাছে ১৫০০ টাকা আছে। লিয়ার কাছে ৯৫০ টাকা আছে। আনাবিয়ার কত টাকা বেশি আছে তা বের করার জন্য কী করতে হবে?

ক) যোগ　　খ) বিয়োগ　　গ) গুণ　　ঘ) ভাগ

(৩) রানীর কাছে ১২০০ টাকা আছে। সঙ্গীতার কাছে ৬০০ টাকা আছে। দুইজনের টাকার পার্থক্য বের করতে চাইলে নিচের কোনটি সঠিক হবে?

ক) ১২০০ + ৬০০　　খ) ১২০০ – ৬০০　　গ) ১২০০ × ৬০০　　ঘ) ১২০০ ÷ ৬০০

(৪) ১০২০ – ১১১ = ☐ কত ? খালি ঘরের সংখ্যাটি কত হবে ?

ক) ১০৯　　খ) ৯০৯　　গ) ৯১৯　　ঘ) ৯৪৯

(৫) রিয়াজ ১৮৫০ টাকার একটি ইলিশ মাছ কিনে মাছ বিক্রেতাকে ২০০০ টাকা দিলো। বিক্রেতা তাকে কত টাকা ফেরত দেবেন?

ক) ১৫০ টাকা　　খ) ২৫০ টাকা　　গ) ১১৫০ টাকা　　ঘ) ১২৫০ টাকা

**২** সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

ক) বিয়োগের সময় কোন স্থানীয় মান থেকে বিয়োগ করা শুরু করতে হয়?

খ) বিয়োজ্য কী?

গ) ১০০০ থেকে ১০১ বাদ দিলে কত থাকবে?

**৩** বিয়োগ করি

| | | |
|---|---|---|
| (১) ৪৬২৪ – ২২৩০ | (২) ৭৬৮২ – ৩৯৫৮ | (৩) ৬৩১৫ – ৪৩২৯ |
| (৪) ১৩৯৫ – ৮৫১ | (৫) ৩২১৩ – ২৪২৬ | (৬) ১০০০ – ৩৫৬ |
| (৭) ৫৯৪৫৭ – ৩৬০২১ | (৮) ৪৩৫২০ – ২২৬১৯ | (৯) ১৪২৮৩ – ৭৬৪৮ |
| (১০) ৪৩৬২৫ – ৮৭৬ | (১১) ৮৩১৫৩ – ৩৩২১৬ | (১২) ৫০০০০ – ৩৮৪২৭ |

৪ হাসান সাহেব বইমেলায় প্রথম দিন ৫৬২০ টাকা এবং দ্বিতীয় দিন ৬৩৮৫ টাকার বই বিক্রি করেন। দ্বিতীয় দিন তিনি কত টাকার বই বেশি বিক্রি করেন?

৫ নাজমা বেগম ১৫৬০ টাকা নিয়ে বাজারে গেলেন। তিনি ৯৭৫ টাকা খরচ করলেন। তাঁর কাছে কত টাকা অবশিষ্ট রইল?

৬ রহিম সাহেবের মাসিক আয় ১৮৫৫০ টাকা এবং মাসিক ব্যয় ১৭৯৮৪ টাকা। তাঁর মাসিক জমা কত?

৭ লিমার ৩৪৭০ টাকা আছে এবং রাহুলের ২৬৪৫ টাকা আছে। লিমার কত টাকা বেশি আছে?

৮ বিজয় বাবু ৩৫৪৬৫ টাকা দিয়ে একটি সাইকেল এবং ৪৫৭২২ টাকা দিয়ে একটি টিভি কিনলেন। তিনি কত টাকা বেশি দিয়ে টিভি কিনলেন?

৯ একটি ট্রেনে ২১৬৫ জন যাত্রী আছেন। একটি স্টেশনে ৭৯৬ জন যাত্রী নেমে গেলেন। এখন ট্রেনে কতজন যাত্রী আছেন?

১০ আবিদের মায়ের কাছে ২০৫০০ টাকা ছিল। তিনি আবিদকে ৩৬৮৫ টাকা বাজার করার জন্য দিলেন। এখন আবিদের মায়ের কাছে আর কত টাকা রইল?

১১ নাসিমা বেগম বছরে ১০০০০০ টাকা আয় করেন এবং ৮৮৭৫৫ টাকা ব্যয় করেন। তার বছরে কত টাকা জমা থাকে?

১২ ১২৫০ − ৯৬০ = ☐ গাণিতিক বাক্যটি দিয়ে একটি গল্প তৈরি করি।

২০২৫

# যোগ ও বিয়োগের সম্পর্ক



যোগ ও বিয়োগের মধ্যে কোনো সম্পর্ক আছে কি?



আমরা দ্বিতীয় শ্রেণিতে শিখেছি, তোমার মনে পড়েছে কি? আমরা নিচের প্রশ্ন সমাধান করি।



আমাদের কিছু আপেল ছিল। তা থেকে ৬টি বিক্রি করার পর আমাদের এখন ৮টি আপেল আছে। প্রথমে আমাদের কতগুলো আপেল ছিল?

এটি আমার মনে পড়েছে। আমরা হিসাব করি

☐ − ৬ = ৮

কতটি থেকে ৬টি বাদ দিলে ৮টি থাকে?



নিচের মতো বিয়োগ ও যোগ বিপরীত প্রক্রিয়া

১৪ − ৬ = ৮, ৮ + ৬ = ১৪ এবং

১৪ − ৮ = ৬, ১৪ − ৬ = ৮

১৪ ⟶ বিয়োজন
৬ ⟶ বিয়োজ্য
৮ ⟶ বিয়োগফল

| | | | | |
|---|---|---|---|---|
| বিয়োজন | − | বিয়োজ্য | = | বিয়োগফল |
| বিয়োগফল | + | বিয়োজ্য | = | বিয়োজন |
| বিয়োজন | − | বিয়োগফল | = | বিয়োজ্য |

বিয়োজন, বিয়োজ্য ও বিয়োগফলের মধ্যে একটি নির্দিষ্ট সম্পর্ক রয়েছে।

**১** খালিঘর পূরণ করি

(১) ৪২ − ৯ = ☐ (২) ৫৫ − ☐ = ৩০ (৩) ☐ − ৩২ = ৫৪

(৪) ৩৩ + ☐ = ৪২ (৫) ৩০ + ২৫ = ☐ (৬) ৮৬ − ৫৪ = ☐

(৭) ☐ − ৩৩ = ৯ (৮) ☐ − ৩০ = ২৫ (৯) ৫৪ + ৩২ = ☐

১

একটি ট্রেনে ১৬৩৭ জন যাত্রী ছিল। একটি স্টেশনে ৮৬৫ জন যাত্রী নেমে গেল এবং ৭৩০ জন নতুন যাত্রী উঠল। এখন ট্রেনটিতে মোট কতজন যাত্রী আছে?





'যাত্রী নেমে যাওয়ায়' বিয়োগ করতে হবে এবং 'যাত্রী ওঠায়' যোগ করতে হবে। আমি কীভাবে হিসাবটি করতে পারি?

গাণিতিক বাক্য ১৬৩৭ − ৮৬৫ + ৭৩০ = ☐

```
  ১ ৬ ৩ ৭              ৭ ৭ ২
−   ৮ ৬ ৫     ➡      + ৭ ৩ ০
---------            ---------
    ৭ ৭ ২            ১ ৫ ০ ২
```

এখন ট্রেনটিতে মোট ১৫০২ জন যাত্রী আছে।

২ কোনো বিদ্যালয়ে মোট ৫৩৮ জন শিক্ষার্থী ছিল। ঐ বিদ্যালয়ে ১২৫ জন নতুন শিক্ষার্থী ভর্তি হলো এবং ৯৩ জন শিক্ষার্থী অন্য বিদ্যালয়ে চলে গেল। এখন বিদ্যালয়ে মোট কতজন শিক্ষার্থী আছে?

এখানে 'নতুন শিক্ষার্থী ভর্তি' যোগ করতে হবে এবং 'শিক্ষার্থী অন্য বিদ্যালয়ে চলে যাওয়া' বিয়োগ করতে হবে।



| | | |
|---|---|---|
| শিক্ষার্থীর সংখ্যা | ৫৩৮ | জন |
| নতুন শিক্ষার্থী ভর্তি | + ১২৫ | জন |
| | ☐ | জন |
| শিক্ষার্থী চলে গেল | − ৯৩ | জন |
| শিক্ষার্থী আছে | ☐ | জন |

বিদ্যালয়ে মোট শিক্ষার্থী ☐ জন।

২০২৫

**২** খালিঘর পূরণ করি


রেজার ৬৫টি মার্বেল ছিল। তার বাবা তাকে আরো ৪৮টি মার্বেল দিলেন। এখন রেজার কাছে মার্বেল হলো ______ টি।

______ + ______ = ______

বন্ধুদের সঙ্গে খেলতে গিয়ে রেজার ১৭টি মার্বেল হারিয়ে গেল। রেজার কাছে মার্বেল রইল ______ টি।


______ − ______ = ______

**৩** খালিঘরে ঠিকমতো সংখ্যা লিখে দুইটি করে সমস্যা তৈরি করি। একটি করে দেখানো হলো।





১। (ক) লিমুর ১৪টি কলম ছিল। তার মা তাকে আরো ১০টি কলম দিলেন। লিমুর মোট কতটি কলম হলো?

(খ) রাজুর ২৯টি বেলুন ছিল। সে তার বোনকে ৫টি বেলুন দিয়ে দিলো। এখন কতটি বেলুন আছে?




২। (ক)

(খ)



৩। (ক)

(খ)



৪। (ক)

(খ)

২০২৫

## নিজে করি

**১** সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিই

(১) ৩০ + ☐ = ৭৫, খালিঘরে কোন সংখ্যাটি বসবে?

(ক) ৩০ (খ) ৪৫ (গ) ৭৫ (ঘ) ১০৫

(২) নিচের কোনটি সঠিক নয়?

(ক) বিয়োজন − বিয়োজ্য = বিয়োগফল (খ) বিয়োগফল + বিয়োজ্য = বিয়োজন

(গ) বিয়োজন + বিয়োগফল= বিয়োজ্য (ঘ) বিয়োজন − বিয়োগফল= বিয়োজ্য

(৩) ৩৮২৯১+১৬২৭০= ৫৪৫☐১, খালিঘরে কত বসবে?

(ক) ৯ (খ) ৮ (গ) ৭ (ঘ) ৬

**২** উপরে-নিচে হিসাব করি

(১) ১৯৪
+৭০৪

(২) ৭৪২৯
+ ১৬৩৯

(৩) ৫৮৯৩
+ ২৮৪

(৪) ৬১৭১
১৫৩০
+ ২০৪৮

(৫) ৩৪৭১
১৭৯২
২০৫৪
+ ১৯০৭

(৬) ৬৩৮২৯
১০২৪৫
+ ২৬৩৯১

(৭) ৮১১১১
+ ১৮৮৮৯

(৮) ১৪৫৩৭
৩২৫২১
১২৫১২
+ ২৩৫২৪

(৯) ৪৭২
− ১৬১

(১০) ৭৩০৯
- ৫৪৮

(১১) ৮৯০২
- ৪৫২৯

(১২) ৬২৪৯
- ৬৩০

(১৩) ৭৩৬৫০
- ৭৬৯২

(১৪) ৫৪৮৭০
- ২৫৪৮১

(১৫) ১০০০০০
− ৯

(১৬) ৮২৩২৬
- ৫৮৮৮৯

**৩** পাশাপাশি হিসাব করি

(১) ৫৩৭২ + ১৬৭ + ২৬৮৩ = ☐ (২) ৩৮২৯১ + ১৬২৭০ + ১০০০০ = ☐

(৩) ৬৪৮৯−৩২৮১ = ☐ (৪) ৮৯৪২০ − ৫৩২৮০ = ☐

**৪** খালিঘর পূরণ করি

(১) ৯৮ + ☐ + ৩৬০৭ + ২৬৫৯ = ৭৪৫৩


(২) ২৬৮৭৪ + ☐ = ৫৯৩০০

(৩) ৩০০৪ − ☐ = ২৬৫৫


(৪) ☐ − ৬৪৮৩ = ৩৫১৭

**৫** খালিঘরের সংখ্যা খুঁজে বের করি।

(১)




(২)




**৬** সিয়াম ১৮০০ টাকা নিয়ে বাজারে গেল। সে ৭২০ টাকার চাল, ৫৮৫ টাকার মাছ এবং ৪২৫ টাকার সবজি কিনল। তার কাছে আর কত টাকা রইল?

**৭** একটি নার্সারিতে ৯৫০টি চারাগাছ ছিল। এর থেকে ৫৩২টি চারা বিক্রি করা হলো। ঐ নার্সারিতে আরও ৪২০টি নতুন চারা আনা হলো। এখন নার্সারিতে কতটি চারা আছে?

**৮** রুমার ৯৪৫ টাকা আছে। রুমার থেকে আশার ২১৫ টাকা কম আছে। তাদের টাকা একত্রে রাখলে ময়নার টাকার সমান হয়। ময়নার কত টাকা আছে?

**৯** তিনটি সংখ্যার যোগফল ৮৯২৪৩। সেগুলোর মধ্যে দুইটি সংখ্যা ২৪৫৭৬ ও ৩২০৮৪ হলে তৃতীয় সংখ্যাটি কত?

**১০** ছেলের বয়স ১৫ বছর এবং মায়ের বয়স ৪৮ বছর। ৫ বছর পর তাদের মোট বয়স কত হবে?

**১১** গীতা অপেক্ষা সীতার ৪৯০ টাকা বেশি আছে। আবির অপেক্ষা গীতার ৫২০ টাকা কম আছে। আবিরের কাছে ৯৬৫ টাকা আছে। গীতা ও সীতার কাছে কত টাকা আছে?

**১২** রাজীবের মায়ের কাছে ৫৫৮০ টাকা ছিল। বাজারে যাওয়ার আগে তিনি রাজীবের বাবার কাছ থেকে আরো ৩৪২০ টাকা নিলেন। কেনাকাটায় তিনি ৭৮৩০ টাকা ব্যয় করলেন। তার কাছে এখন কত টাকা অবশিষ্ট আছে?

**১৩** বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার জন্য ১২০০০ টাকার প্রয়োজন। সরকারি অনুদান হিসেবে ৫৫০০ টাকা এবং বিদ্যালয়ের তহবিল থেকে ৩৭০০ টাকা দেওয়া হয়েছে। প্রতিযোগিতাটি করার জন্য আর কত টাকার প্রয়োজন?

**১৪** রতন ৮৫০০০ টাকা দিয়ে একটি মোটরসাইকেল কিনলেন। মোটরসাইকেলটির রেজিস্ট্রেশন বাবদ ২৫০০ টাকা ও মেরামত বাবদ ১২০০ টাকা খরচ হলো। এখন সে যদি মোটরসাইকেলটি ৯৮০০০ টাকায় বিক্রি করে, তাহলে তার কত টাকা লাভ হবে?

# গুণ


১০ ঘর পর্যন্ত গুণের নামতা মনে করি এবং খালিঘরে উত্তর বসাই।

গুণক

গুণ্য

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২ | ২ | ৪ | ৬ | ৮ | ১০ | ১২ | ১৪ | ১৬ | ১৮ | ২০ |
| ৩ | ৩ | ৬ | ৯ | ১২ | ১৫ | ১৮ | | ২৪ | ২৭ | ৩০ |
| ৪ | ৪ | | ১২ | ১৬ | ২০ | ২৪ | ২৮ | ৩২ | | ৪০ |
| ৫ | ৫ | ১০ | ১৫ | ২০ | ২৫ | | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ |
| ৬ | ৬ | ১২ | ১৮ | ২৪ | | ৩৬ | ৪২ | ৪৮ | ৫৪ | ৬০ |
| ৭ | ৭ | ১৪ | | ২৮ | ৩৫ | ৪২ | ৪৯ | ৫৬ | ৬৩ | ৭০ |
| ৮ | ৮ | ১৬ | ২৪ | ৩২ | ৪০ | | ৫৬ | ৬৪ | ৭২ | ৮০ |
| ৯ | ৯ | ১৮ | ২৭ | ৩৬ | ৪৫ | ৫৪ | ৬৩ | ৭২ | | ৯০ |
| ১০ | ১০ | ২০ | ৩০ | ৪০ | ৫০ | ৬০ | ৭০ | | ৯০ | ১০০ |

গুণের ক্ষেত্রে প্রথম সংখ্যাটি হলো গুণ্য এবং দ্বিতীয় সংখ্যাটি হলো গুণক।





আমি ১ম খালিঘরে ৩ আর ৭ গুণ করে ২১ পেয়েছি।

এখানে ৩ হলো গুণ্য আর ৭ হলো গুণক।



১ ৬ × ৫ এর উত্তর কীভাবে বের করতে হয় তা চিন্তা করি।

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | ৬ | ১২ | ১৮ | ২৪ | | ৩৬ | ৪২ | ৪৮ | ৫৪ | ৬০ |

☐ করে বাড়ে ☐ করে কমে

৬ × ৫ = ৬ × ৪ + ☐ ৬ × ৫ = ৬ × ৬ − ☐




৬ × ৫ এর উত্তর ৬ × ৪ এর উত্তরের চেয়ে ☐ বেশি।

৬ × ৫ এর উত্তর ৬ × ৬ এর উত্তরের চেয়ে ☐ কম।



গুণক ১ করে বৃদ্ধি পেলে গুণফল গুণ্যের সমান করে বৃদ্ধি পায়। আবার গুণক ১ করে কমে গেলে গুণফল গুণ্যের সমান করে কমে যায়।

(২) রাফি ছবিতে দেখানো একই গুণফল বিশিষ্ট আরেকটি গুণ করে ৬ × ৫ এর গুণফল বের করেছে। সে কীভাবে হিসাব করেছে তা নিয়ে চিন্তা করি।




গুণের ক্ষেত্রে গুণ্য ও গুণক স্থান বিনিময় করলেও গুণফল একই থাকে।

২০২৫

**১** খালিঘর পূরণ করি

(১) ৪ × ৬ এর উত্তর ৪ × ৫ এর উত্তরের চেয়ে □ বেশি।

(২) ৭ × ৮ এর উত্তর ৭ × ৯ এর উত্তরের চেয়ে □ কম।

(৩) ৫ × ৪ = ৫ × ৩ + □

(৪) ৮ × ৯ = ৮ × ১০ − □


**২** গুণ্য বা গুণককে দুইটি সংখ্যায় ভেঙ্গে লিখে ৮ × ৬ এর হিসাব করি।

গুণ্যকে ভেঙ্গে লিখে হিসাব করি।

৮ × ৬ → ৩ × ৬ = □

□ × ৬ = □

একত্রে □




গুণককে ভেঙ্গে লিখে হিসাব করি।

৮ × ৬ → ৮ × □ = □

৮ × □ = □

একত্রে □

> গুণ্য বা গুণককে দুইটি সংখ্যায় ভেঙ্গে লিখে গুণ করলেও গুণফল একই থাকে।

**২** খালিঘর পূরণ করি

(১) ৯ × ৫ = ৫ × ৫ + □ × ৫

(২) ৭ × ৪ = ৭ × □ + ৭ × ২

২০২৫

১৩ × ৫ এর হিসাব কীভাবে করা যায় তা চিন্তা করি।


আমি ১৩ কে ৫ বার যোগ করেছি।

১৩ + ১৩ + ১৩ + ১৩ + ১৩ = ☐

হিসাবটি করার জন্য গুণের নিয়ম ব্যবহার করি।

১৩ × ৫ = ৫ × ১৩। তাহলে,


৫ × ৯ = ৪৫
৫ × ১০ = ৫০ — ৫ করে বৃদ্ধি পায়
৫ × ১১ = ☐ — ☐ করে বৃদ্ধি পায়
৫ × ১২ = ☐ — ☐ করে বৃদ্ধি পায়
৫ × ১৩ = ☐ — ☐ করে বৃদ্ধি পায়



আমি গুণ্যকে দুই ভাগে ভেঙে লিখেছি।

১৩ × ৫ < ১০ × ৫ = ☐
১৩ × ৫ < ☐ × ৫ = ☐

একত্রে ☐




১ গুণের নিয়ম ব্যবহার করে ১৪ × ১১ হিসাব করি।



২০২৫

## ১৩ এর গুণের নামতা তৈরি করি




১৩এর গুণের নামতা

১৩ × ১ = ১৩

১৩ × ২ = ২৬

১৩ × ৩ = ☐

১৩ × ৪ = ☐

১৩ × ৫ = ☐

১৩ × ৬ = ☐

১৩ × ৭ = ☐


১৩ × ৮ = ☐

১৩ × ৯ = ☐

১৩ × ১০ = ☐

**১** নিচের ছবি থেকে গুণ করে খালিঘরে লিখি

☐





২০২৫


১ তাহসিন ১৩টি লাটিম কিনতে চায়। প্রতিটি লাটিমের দাম ৮ টাকা হলে তার কত টাকার প্রয়োজন?

২ দাগ টেনে মিল করি। একটি করে দেখানো হলো।

| | | |
|---|---|---|
| ১৪ × ১ | | ৫৬ |
| ১৪ × ২ | | ১৪০ |
| ১৪ × ৩ | | ২৮ |
| ১৪ × ৪ | | ১১২ |
| ১৪ × ৫ | | ৮৪ |
| ১৪ × ৬ | | ৯৮ |
| ১৪ × ৭ | | ১৪ |
| ১৪ × ৮ | | ১২৬ |
| ১৪ × ৯ | | ৭০ |
| ১৪ × ১০ | | ৪২ |

২ নিচের ছবিতে গুণ করে খালিঘরে লিখি




২০২৫

১৫ এর ঘর পর্যন্ত গুণ করে নিচের ছক পূরণ করি।



১৩ × ৫ বা ১৪ × ১১ এর মতো হিসাব করে গুণের নামতার ঘরে গুণফল লিখি।

গুণক

গুণ্য

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | | | | | |
| ২ | ২ | ৪ | ৬ | ৮ | ১০ | ১২ | ১৪ | ১৬ | ১৮ | ২০ | | | | | |
| ৩ | ৩ | ৬ | ৯ | ১২ | ১৫ | ১৮ | ২১ | ২৪ | ২৭ | ৩০ | | | | | |
| ৪ | ৪ | ৮ | ১২ | ১৬ | ২০ | ২৪ | ২৮ | ৩২ | ৩৬ | ৪০ | | | | | |
| ৫ | ৫ | ১০ | ১৫ | ২০ | ২৫ | ৩০ | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ | | | | | |
| ৬ | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ | ৩৬ | ৪২ | ৪৮ | ৫৪ | ৬০ | | | | | |
| ৭ | ৭ | ১৪ | ২১ | ২৮ | ৩৫ | ৪২ | ৪৯ | ৫৬ | ৬৩ | ৭০ | | | | | |
| ৮ | ৮ | ১৬ | ২৪ | ৩২ | ৪০ | ৪৮ | ৫৬ | ৬৪ | ৭২ | ৮০ | | | | | |
| ৯ | ৯ | ১৮ | ২৭ | ৩৬ | ৪৫ | ৫৪ | ৬৩ | ৭২ | ৮১ | ৯০ | | | | | |
| ১০ | ১০ | ২০ | ৩০ | ৪০ | ৫০ | ৬০ | ৭০ | ৮০ | ৯০ | ১০০ | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | | | |

একটি আনারসের দাম ২০ টাকা। যদি তুমি ৪টি ক্রয় করো তবে এর দাম কত হবে?




গাণিতিক বাক্য ২০ × ৪ = ☐

২ × ৪ = ৮

১০ গুণ ↓ ↓ ১০ গুণ

২০ × ৪ = ☐

২০ সংখ্যাটিতে ২টি দশ আছে। উত্তরটি হচ্ছে ৮ দশ। কাজেই ৪টি আনারসের দাম হচ্ছে ৮০ টাকা।



▲১ ৩০ × ৫ কে কীভাবে হিসাব করা যায়?

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |
| ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |
| ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |


৩ × ৫ = ☐

☐

**১** গুণ করি

(১) ২০ × ৩ (২) ৪০ × ২ (৩) ৩০ × ৪ (৪) ৫০ × ৬

রেজা তিন প্যাকেট বিস্কুট কিনতে চায়। এক প্যাকেটের দাম ২৩ টাকা। এজন্য তার কত টাকার প্রয়োজন?





| ১ প্যাকেটের দাম | × | প্যাকেটের সংখ্যা | = | মোট মূল্য |
|---|---|---|---|---|
| ↑ | | ↑ | | ↑ |
| গুণ্য | × | গুণক | = | গুণফল |

গাণিতিক বাক্য লিখি



এখন নিচের ছকটি ব্যবহার করে কীভাবে হিসাব করা যায় চিন্তা করি।

দশক




২৩ × ৩


২০ × ৩　　৩ × ৩

২৩ × ৩ → ২০ × ৩ = ৬০
　　　　→ ৩ × ৩ = ৯
　　　　মোট = ৬৯

২০২৫

২৩ × ৩ = ৬৯　　　　.......... টাকার প্রয়োজন।

**১** কীভাবে ২৩ × ৩ কে উপর-নিচ গুণ করা যায় তা চিন্তা করি।



প্রত্যেক স্থানীয় মান বরাবর খাড়াভাবে দাগ টানি।

গুণ করি ৩ × ৩ = ৯ এবং একক স্থানে ৯ লিখি

গুণ করি ৩ × ২ = ৬ এবং দশক স্থানে ৬ লিখি

```
    ২ ৩
  ×   ৩
  -------
      ৯ ........ ৩ × ৩
 +  ৬ ০ ........ ২০ × ৩
  -------
    ৬ ৯
```

**১** উপর-নিচ গুণ করি

(১) ১২ × ৪ (২) ২১ × ৪ (৩) ৩২ × ৩

(৪) ২২ × ২ (৫) ৩০ × ২ (৬) ২০ × ৩

**২** পাশাপাশি গুণ করি

(১) ৩৪ × ২ (২) ২৪ × ২ (৩) ৩০ × ৩ (৪) ২০ × ৪

কীভাবে ১৭ × ৩ কে গুণ করা যায় তা চিন্তা করি।



১৭ কে দুই অংশে ভেঙে লিখি, ১০ ও ৭

১০ × ৩ = ☐


৭ × ৩ = ☐

১৭ × ৩ = ☐

**১** কীভাবে ১৭ × ৩ কে উপর-নিচ গুণ করা যায় তা চিন্তা করি।




গুণ করি ৭ × ৩ = ২১ এবং একক স্থানে ১ ও দশক স্থানে বাম পাশের অঙ্কের মতো ছোটো ২ লিখি।




গুণ করি ১ × ৩ = ৩ এবং ২ যোগ করি ৩ + ২ = ৫। পরে দশক স্থানে ৫ লিখি।

```
   ১ ৭
 ×   ৩
 ------
   ২ ১ ........ ৭ × ৩
 + ৩ ০ ........ ১০ × ৩
 ------
   ৫ ১
```

**১** উপর-নিচ গুণ করি

(১) ২ ৪ × ৪

(২) ১ ২ × ৮

(২) ৪ ৮ × ২


**২** পাশাপাশি গুণ করি

২০২৪


(১) ১৮ × ৫ (২) ২৬ × ৩ (৩) ৩৯ × ২ (৪) ২৫ × ৪

কীভাবে ৪৩ × ৩ এবং ৬৭ × ৩ কে গুণ করা যায় তা চিন্তা করি।

(১) ৪৩ × ৩





গুণ করি ৩ × ৩ = ৯ এবং একক স্থানে ৯ লিখি





গুণ করি ৪ × ৩ = ১২ এবং দশক স্থানে ২ লিখি ও শতক স্থানে ১ লিখি।

```
    ৪ ৩
  ×   ৩
  -------
      ৯ ......... ৩ × ৩
 + ১ ২ ০ ...... ৪০ × ৩
  -------
   ১ ২ ৯
```

(২) ৬৭ × ৩




গুণ করি ৭ × ৩ = ২১ এবং একক স্থানে ১ লিখি ও দশক স্থানে ২ লিখি।




গুণ করি ৬ × ৩ = ১৮ এবং ২ যোগ করি ১৮ + ২ = ২০। পরে দশক স্থানে ০ লিখি ও শতক স্থানে ২ লিখি।

```
    ৬ ৭
    × ৩
  -------
    ২ ১ ........৭ × ৩
 + ১ ৮ ০ ......৬০ × ৩
  -------
   ২ ০ ১
```

**১** পাশাপাশি গুণ করি

(১) ৬২ × ৪ (২) ৪১ × ৫ (৩) ৭২ × ৩ (৪) ৩৭ × ৫

(৫) ৩২ × ৮ (৬) ৬৮ × ৪ (৭) ৭৯ × ২ (৮) ৯৫ × ৬

২০২৫


কীভাবে ২৩১ × ৩ কে গুণ করা যায় তা চিন্তা করি।

| শতক | দশক | একক |
| --- | --- | --- |
| ১০০ ১০০ | ১০ ১০ ১০ | ১ |
| ১০০ ১০০ | ১০ ১০ ১০ | ১ |
| ১০০ ১০০ | ১০ ১০ ১০ | ১ |
| ২০০ × ৩ | ৩০ × ৩ | ১ × ৩ |


(তিনটি সারি মিলে: ২৩১ × ৩)

২৩১ × ৩ →
২০০ × ৩ = ৬০০
৩০ × ৩ = ৯০
১ × ৩ = ৩

মোট ৬৯৩




গুণ করি ১ × ৩ = ৩
এবং একক স্থানে ৩ লিখি




গুণ করি ৩ × ৩ = ৯
এবং দশক স্থানে ৯ লিখি




গুণ করি ২ × ৩ = ৬
এবং শতক স্থানে ৬ লিখি

```
   ২ ৩ ১
 ×     ৩
---------
     ৩ ........১ × ৩
    ৯০.........৩০ × ৩
   ৬০০.........২০০ × ৩
---------
   ৬৯৩
```


**১** পাশাপাশি গুণ করি

২০২৫


(১) ১২১ × ৪  (২) ৩১৪ × ২  (৩) ২৩২ × ৩  (৪) ৪২৩ × ২

## ১ কীভাবে ২৮৬ × ৪ কে গুণ করা যায় তা চিন্তা করি।


২৮৬ × ৪ = ☐




গুণ করি ৬ × ৪ = ২৪ এবং একক স্থানে ৪ লিখি ও দশক স্থানে ছোটো করে ২ লিখি।




গুণ করি ৮ × ৪ = ৩২ এবং ২ যোগ করি (৩২+২= ৩৪)। পরে এবং দশক স্থানে ৪ ও শতক স্থানে ছোটো করে ৩ লিখি।




গুণ করি ২ × ৪ = ৮ এবং ৩ যোগ করি (৮ + ৩ = ১১)। পরে শতক স্থানে ১ ও হাজার স্থানে ১ লিখি।

```
   ২ ৮ ৬
×      ৪
---------
     ২ ৪ ......... ৬ × ৪
   ৩ ২ ০ .......... ৮০ × ৪
   ৮ ০ ০ ..........২০০ × ৪
---------
 ১ ১ ৪ ৪
```

## ২ পাশাপাশি গুণ করি

| | | |
|---|---|---|
| (১) ১৬২ × ৩ | (২) ২৭৩ × ২ | (৩) ১৫৩ × ৫ |
| (৪) ২৪৯ × ৪ | (৫) ৯১২ × ৩ | (৬) ৬৫১ × ৪ |
| (৭) ২৭৬ × ৭ | (৮) ৪৭৫ × ৮ | (৯) ৬০৪ × ৮ |
| (১০) ২০৭ × ৫ | (১১) ৮২০ × ৭ | (১২) ৩৮০ × ৬ |

একটি শ্রেণিতে ৩০টি বেঞ্চ আছে। প্রতিটি বেঞ্চে ৪ জন শিক্ষার্থী বসতে পারে। তাহলে ৩০টি বেঞ্চে কতজন শিক্ষার্থী বসতে পারবে?

গাণিতিক বাক্য ৪ × ৩০ = ____

৪ × ৩০ কীভাবে হিসাব করতে হবে সে সম্পর্কে তুলির ধারণাটি ব্যাখ্যা করি।





গুণ্য ও গুণক স্থান বিনিময় করলেও গুণফল একই থাকে। তাই ৪ × ৩০ এবং ৩০ × ৪ এর গুণফল একই।

৪ × ৩০ = ৩০ × ৪ = ১২০

৪ × ৩০ = ____ জন শিক্ষার্থী

৪ × ৩০ এর গুণফল হলো ৪ × ৩ এর গুণফলের ১০ গুণ।

৪ × ৩ = ১২

১০ গুণ ↓ ↓ ১০ গুণ

৪০ × ৩০ = ১২০

**১** ডান পাশের চিত্রটি দেখে ২০ × ৪০ হিসাব করি।

২ × ৪ → ____

↓ ১০ গুণ ↓ ১০ গুণ

২০ × ৪ → ____

১০ গুণ ↓ ↓ ১০ গুণ

২০ × ৪০ = ____

২ × ৪ = ১২

**১** গুণ করি

(১) ৩ × ২০  (২) ৭ × ৪০  (৩) ৮ × ৬০  (৪) ৪ × ৫০

(৫) ১২ × ৩০  (৬) ২৫ × ২০  (৭) ৩০ × ৫০  (৮) ৬০ × ৭০

২০২৫




মিনা ১৩টি পেনসিল কিনেছে। যদি প্রতিটি পেনসিলের দাম ২১ টাকা হয়, তবে সবগুলো পেনসিলের মোট দাম কত হবে?

গাণিতিক বাক্যে লিখি



আমরা কীভাবে হিসাব করব চিন্তা করি




$$২১ \times ১৩ \begin{cases} ২১ \times ১০ = ২১০ \\ ২১ \times ৩ = ৬৩ \end{cases}$$

মোট = ২৭৩

২১ × ১৩ = ২৭৩ মোট দাম ২৭৩ টাকা



এখন চিন্তা করি সংখ্যা দিয়ে কীভাবে গুণ করা যায়।



২১ ও ১৩ কে স্থানীয় মানে প্রকাশ করি।

| |
|---|
| ২১ = ২০ + ১ |
| ১৩ = ১০ + ৩ |


| | ২০ | ১ |
|---|---|---|
| ১০ | ২০০ | ১০ |
| ৩ | ৬০ | ৩ |

| |
|---|
| ২০০ |
| ৬০ |
| ১০ |
| ৩ |
| ২৭৩ |

মোট দাম ২৭৩ টাকা



এখন চিন্তা করি উপর-নিচ কীভাবে গুণ করা যায়।




গুণ করি ২১ × ৩ = ৬৩ এবং একক স্থানে ৩ ও দশক স্থানে ৬ লিখি।

গুণ করি ২১ × ১ = ২১ এবং দশক স্থানে ১ ও শতক স্থানে ২ লিখি।

যোগ করি



চিন্তা করি কেন ২১ কে এক ঘর বামে সরিয়ে নেওয়া হলো। একক স্থান থেকে শুরু করা হয়নি।

**১** উপর-নিচ গুণ করি

(১) ১২ × ২৪

(২) ৬৩ × ১৬

(৩) ৩০ × ২৩

**২** পাশাপাশি গুণ করি

(১) ৪১ × ২৩ (২) ২৫ × ২৪ (৩) ১৭ × ৪২ (৪) ১৫ × ৩৬

২০২৫

**১** নিচের গুণগুলো কীভাবে করা হয়েছে তা ব্যাখ্যা করি।

(১)
```
     ৪ ৩
  ×  ৩ ৫
  ------
   ২ ১ ৫
 ১ ২ ৯ ০
 -------
 ১ ৫ ০ ৫
```

(২)
```
     ৩ ৬
  ×  ৫ ৩
  ------
   ১ ০ ৮
 ১ ৮ ০ ০
 -------
 ১ ৯ ০ ৮
```

(৩)
```
     ৩ ৭
  ×  ৪ ০
  ------
     ০ ০
 ১ ৪ ৮
 -------
 ১ ৪ ৮ ০
```

এখানে গুণ করতে হাতে রাখতে হয়েছে।





আমরা হাতে রাখা গুণ শিখেছি।

**৩** উপর-নিচ গুণ করি

(১) ১ ৭ × ৬ ৮

(২) ৯ ১ × ২ ৫

(৩) ৫ ৪ × ২ ০

(৪) ২ ৭ × ৬ ০

(৫) ৯ ৫ × ২ ৭

(৬) ৫ ৯ × ২ ৯

**৪** পাশাপাশি গুণ করি

(১) ৩৫ × ৫৭ (২) ৮১ × ৪৯ (৩) ২৫ × ৬৪ (৪) ৪৮ × ৯৬

(৫) ১২ × ৩০ (৬) ৩৮ × ২০ (৭) ৮৭ × ৫০ (৮) ৭০ × ৮০

কীভাবে গুণ করা যায় তা চিন্তা করি ৩৬৭ × ২৫ ।

```
  ৩ ৬ ৭
 × ২ ৫
   ৩ ৩
১ ৮ ৩ ৫
```

**৩৬৭ × ৫**

৭ × ৫ = ৩৫ : একক স্থানে ৫ ও দশক স্থানে হাতের ৩ ।
৬ × ৫ = ৩০ : এবং (৩০ + ৩ = ৩৩) : দশক স্থানে ৩ এবং শতক স্থানে হাতের ৩ । ৩ × ৫ = ১৫ : এবং (১৫ + ৩ = ১৮) : শতক স্থানে ৮ এবং হাজার স্থানে ১ ।

```
  ৩ ৬ ৭
 × ২ ৫
১ ৮ ৩ ৫
১ ১
৭ ৩ ৪ ০
```

**৩৬৭ × ২**

৭ × ২ = ১৪ : দশক স্থানে ৪ ও শতক স্থানে হাতের ১
৬ × ২ = ১২ : এবং (১২ + ১ = ১৩) : শতক স্থানে ৩ এবং হাজার স্থানে ১
৩ × ২ = ৬ : এবং (৬ + ১ = ৭) : হাজার স্থানে ৭

```
  ৩ ৬ ৭
 × ২ ৫
১ ৮ ৩ ৫
৭ ৩ ৪ ০
৯ ১ ৭ ৫
```

**যোগ করি**

১ পাশাপাশি গুণ করি

(১) ২১৩ × ২৩ (২) ১৬৩ × ৪৭ (৩) ২৬৪ × ২৭ (৪) ৩১৪ × ২৬

(৫) ৩৬৭ × ৩২ (৬) ৬৮৫ × ৮৩ (৭) ৫১৭ × ৪৩ (৮) ৫২৮ × ৭৯

(৯) ৪০৪ × ৪২ (১০) ২০৩ × ৫৪ (১১) ৩০৯ × ৮৫ (১২) ৭০৮ × ২৬

২ কীভাবে ৫০২ × ৬৩ কে গুণ করা যায় তা চিন্তা করি ।

৩ তন্দ্রা চাকমা গাড়ি চালিয়ে ঘণ্টায় ৪৫ কিলোমিটার যান । একই গতিতে ৮ ঘণ্টায় তিনি কত কিলোমিটার যাবেন?

২০২৫

# নিজে করি

১ সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিই

(১) ৫০০ × ৩০ এর গুণফল নিচের কোনটি?

(ক) ১৫০ (খ) ১৫০০ (গ) ১৫০০০ (ঘ) ১৫০০০০

(২) ১৭২ × ৫০ এর গুণফল নিচের কোনটি?

(ক) ৫৫০০ (খ) ৮৫০০ (গ) ৮৬০০ (ঘ) ১৭২৫০

(৩) নিচের কোনটির গুণফল ৭০ × ৫০ এর সমান

(ক) ৭ × ৫ (খ) ৭ × ৫০ (গ) ৭০ × ৫ (ঘ) ৫০ × ৭০

২ গুণ করি

(১) ১৫ × ৫ = ☐ (২) ১৮ × ৯ = ☐ (৩) ৫৩ × ৮ = ☐

(৪) ৭৫ × ৬ = ☐ (৫) ২১ × ৩১ = ☐ (৬) ৪৮ × ৯৩ = ☐

(৭) ১২১ × ৩১ = ☐ (৮) ৪৯৫ × ১৪ = ☐ (৯) ২৮৪ × ২৮ = ☐

(১০) ২৬৯ × ৩৫ = ☐

৩ গুণ করি

(১) ১৪ × ২

(২) ৫৬ × ৬

(৩) ৯০ × ৫

(৪) ৩৬ × ৪৮

(৫) ২৮ × ৭৩

(৬) ৮৯ × ৬৪

(৭) ১২১ × ২৩

(৮) ৩০৫ × ৭

(৯) ৪৮৬ × ৯

(১০) ২১০ × ২০

(১১) ৩৭৩ × ২৮

(১২) ২৯৮ × ৩৫

২০২৫

৪ ৪টিতে ১ হালি হয়। ৫ হালিতে কতগুলো হবে?

৫ যদি এক গুচ্ছে ৬টি ফুল থাকে, তবে এরকম ৮ গুচ্ছে কয়টি ফুল থাকবে?

৬ তাসকিয়া প্রতিদিন ৪ ঘণ্টা করে বই পড়ে। এক সপ্তাহে সে কত ঘণ্টা বই পড়ে?

৭ এক দিস্তা কাগজে ২৪ তা থাকে। ১২ দিস্তায় কত তা কাগজ থাকবে?

৮ ১০০ পয়সায় ১ টাকা হয়। ১০ টাকায় কত পয়সা হবে?

৯ একটি বইয়ে ১৩০ পৃষ্ঠা আছে। এরূপ ২৮টি বইয়ে কত পৃষ্ঠা আছে?

১০ মিলির টাকার ১৪ গুণ টাকা মুন্নীর কাছে আছে। মিলির কাছে যদি ২২৫ টাকা থাকে, তবে মুন্নীর কাছে কত টাকা আছে?

১১ একটি ইলিশ মাছের দাম ৭৫০ টাকা। এরূপ ২০টি ইলিশ মাছের দাম কত?

২০১৮

# ভাগ


প্রত্যেকে কয়টি করে পাবে?



**১** ১২টি বিস্কুট আছে। যদি ৩ জনকে সমানভাবে ভাগ করে দেওয়া হয়, তবে প্রত্যেকে কয়টি করে বিস্কুট পাবে?



কীভাবে হিসাব করা যায় চিন্তা করি।



প্রত্যেকে ১টি করে


প্রত্যেকে ২টি করে

প্রত্যেকে ৩টি করে

প্রত্যেকে ৪টি করে

তাহলে প্রত্যেকে ৪টি করে বিস্কুট পেল।





এই ধরনের হিসাবকে ভাগ বলা হয় এবং ÷ প্রতীককে ভাগ চিহ্ন বলে।

| ১২ | ÷ | ৩ | = | ৪ |
|---|---|---|---|---|
| বস্তু | | শিশু | | বিস্কুটের সংখ্যা |

২ চলো, থালায় কিছু কমলা নিয়ে তিনজনের মধ্যে ভাগ করি।





( ) ÷ ৩ = ( )

আমি ছয়টি কমলা নিয়ে তিন জনের মধ্যে এভাবে ভাগ করেছি।





আমি তিনটি কমলা নিয়ে তিনজনের মধ্যে এভাবে ভাগ করেছি।




( ) ÷ ৩ = ( )

যদি থালায় কোনো কমলাই না থাকে, তবে প্রত্যেকে কয়টি করে পাবে?



৩ ১৮টি চকলেট আছে। যদি ৬ জন শিশুকে এই চকলেটগুলো সমানভাবে দেওয়া হয়, তবে প্রত্যেক শিশু কয়টি করে চকলেট পাবে?



চলো, আমরা গাণিতিক বাক্য লিখি ও হিসাব করি।

| | | | | |
|---|---|---|---|---|
| ☐ | ÷ | ☐ | = | ☐ |
| মোট চকলেটের সংখ্যা | | শিশুর সংখ্যা | | চকলেট |

চলো, আমাদের আশপাশের বিভিন্ন সংখ্যক বস্তু ব্যবহার করে একই রকম প্রশ্ন তৈরি করি এবং সমাধান করি।




২০২৫

☐ টি চকলেট

২০টি কলা আছে। যদি ৫ জন শিশুকে কলাগুলো সমানভাবে দেওয়া হয়, তবে প্রত্যেকে কয়টি করে কলা পাবে?

গুণ ব্যবহার করে কীভাবে উত্তর পাওয়া যায় তা চিন্তা করি ও আলোচনা করি।



[১] যখন আমরা ৫ জন শিশুকে ১টি করে কলা দিই, তখন মোট কলার সংখ্যা হয়



১ × ৫ = ৫

[২] যখন আমরা ২টি করে কলা দিই, তখন মোট কলার সংখ্যা হয়



২ × ৫ = ১০

[৩] যখন আমরা ৩টি করে কলা দিই, তখন মোট কলার সংখ্যা হয়



□ × □ = □

[৪] যখন আমরা ৪টি করে কলা দিই, তখন মোট কলার সংখ্যা হয়



□ × □ = □

২০ ÷ ৫ এর উত্তর পেতে আমরা ৫ এর গুণের নামতা ব্যবহার করতে পারি।

২০ ÷ ৫ = □  □ × ৫ = ২০

প্রত্যেক শিশু ৪টি করে কলা পাবে।

১ যদি ৪৮টি কাগজ ৮ জন শিশুকে সমানভাবে ভাগ করে দেওয়া হয়, তবে প্রত্যেক শিশু কয়টি করে কাগজ পাবে?

২ বাবার কাছে ৬৩ টাকা আছে। তিনি এই টাকা তাঁর পরিবারের ৭ জনকে সমানভাবে দিতে চান। প্রত্যেকে কত টাকা করে পাবে?

৩ ১ হালি ডিমের দাম ৪৮ টাকা হলে ১টি ডিমের দাম কত? [১ হালি = ৪টি]


কতজনকে দেওয়া যাবে?



১ ১২টি বিস্কুট আছে। যদি একজন শিশু ৩টি করে বিস্কুট পায়, তবে মোট কতজন শিশু বিস্কুট পেতে পারে?

কীভাবে হিসাব করা যায় তা চিন্তা করি।





২০২৫

১২টি বিস্কুট থেকে প্রত্যেক শিশুকে ৩টি করে দিই। ১ জনকে ৩টি, ২ জনকে ২ × ৩ = ৬টি, ৩ জনকে ৩ × ৩ = ৯টি, ৪ জনকে ৪ × ৩ = ১২টি বিস্কুট ভাগ করে দেওয়া যায়। তাহলে প্রত্যেক শিশুকে ৩টি করে বিস্কুট দিলে ১২টি বিস্কুট ৪ জনকে দেওয়া যায়।


| ১২ ÷ ৩ = ৪ |
|---|

| ১২ | ÷ | ৩ | = | ৪ |
|---|---|---|---|---|
| মোট বিস্কুটের সংখ্যা (১২টি বিস্কুট) | | প্রত্যেক শিশুর বিস্কুটের সংখ্যা (৩টি) | | মোট শিশুর সংখ্যা (৪ জন) |

আগের ভাগের সাথে এই ভাগের কি কোনো পার্থক্য খুঁজে পেয়েছ?



**২** ১৮টি চকলেট আছে। যদি আমরা প্রত্যেক শিশুকে ৬টি করে চকলেট দিই, তবে মোট কতজন শিশু চকলেটগুলো পেতে পারে?




গাণিতিক বাক্য লিখি ও হিসাব করি।

| ☐ | ÷ | ☐ | = | ☐ |
|---|---|---|---|---|
| মোট চকলেটের সংখ্যা | | প্রত্যেক শিশুর চকলেট সংখ্যা | | শিশুর সংখ্যা |

☐ জন শিশু

৬টি করে চকলেটের ছবিতে গোল দাগ দিই।





২০২৫

২০টি কলা আছে। যদি তুমি প্রত্যেক শিশুকে ৫টি করে কলা দাও, মোট কতজন শিশু কলাগুলো পেতে পারে?

গুণ ব্যবহার করে কীভাবে উত্তর পাওয়া যায় তা চিন্তা করি ও আলোচনা করি।



[১] ৫টি কলা ১ জন শিশুকে দিলে:



৫ × ১ = ৫

[২] ৫টি কলা ২ জন শিশুকে দিলে:



৫ × ২ = ১০

[৩] ৫টি কলা ৩ জন শিশুকে দিলে:



☐ × ☐ = ☐

[৪] ৫টি কলা ৪ জন শিশুকে দিলে:



☐ × ☐ = ☐

২০ ÷ ৫ এর উত্তর পেতে আমরা ৫ এর গুণের নামতা ব্যবহার করতে পারি।

২০ ÷ ৫ = ☐ ⟷ ☐ × ৫ = ২০

৪ জন শিশু

**১** আমরা কয়েকজন শিশুকে ৩২টি লিচু ভাগ করে দিলাম। প্রত্যেক শিশু ৮টি করে লিচু পেল। কতজন শিশুকে লিচু দেওয়া হয়েছে?

গাণিতিক বাক্য ৩২ ÷ ৮ = ☐

**২** একটি বিদ্যালয়ে শিক্ষার্থীদের পুরস্কারের জন্য ৪৫টি খাতা আছে। যদি প্রত্যেক শিক্ষার্থীকে ৫টি করে খাতা দেওয়া হয়, তবে কতজন শিক্ষার্থী পুরস্কার পাবে?

২০২৫

## ভাগের হিসাব

ভাগ করি ১৬ ÷ ২

আমরা গুণের মাধ্যমে ভাগের হিসাব করতে পারি।

২ × ☐ = ১৬

২ × ৮ = ১৬

১৬ ÷ ২ = ৮

আমরা ২ এর গুণের নামতা ব্যবহার করে ভাগের হিসাব করতে পারি।





২ × ১ = ২, ২ × ২ = ৪,
২ × ৩ = ৬, ........., ২ × ৭ = ১৪,
২ × ৮ = ১৬, তাই উত্তর হলো ৮।

ভাগের ক্ষেত্রে যেমন ১৬ ÷ ২ এই ভাগটিতে, ১৬ কে বলা হয় ভাজ্য এবং ২ কে বলা হয় ভাজক।

১৬ ÷ ২ = ☐ ⟷ ২ × ☐ = ১৬

ভাজ্য ভাজক ভাগফল

**১** ভাগ করি

| | | | |
|---|---|---|---|
| (১) ৩ ÷ ১ | (২) ৬ ÷ ১ | (৩) ১২ ÷ ২ | (৪) ২ ÷ ২ |
| (৫) ১৮ ÷ ২ | (৬) ২০ ÷ ২ | (৭) ৯ ÷ ৩ | (৮) ১২ ÷ ৩ |
| (৯) ৬ ÷ ৩ | (১০) ৩ ÷ ৩ | (১১) ২১ ÷ ৩ | (১২) ২৭ ÷ ৩ |

**২** ভাগ করি

| | | | |
|---|---|---|---|
| (১) ১৬ ÷ ৪ | (২) ২০ ÷ ৪ | (৩) ৪০ ÷ ৪ | (৪) ৩২ ÷ ৪ |
| (৫) ১৫ ÷ ৫ | (৬) ৩০ ÷ ৫ | (৭) ৪৫ ÷ ৫ | (৮) ১০ ÷ ৫ |
| (৯) ১৮ ÷ ৬ | (১০) ৬ ÷ ৬ | (১১) ৪২ ÷ ৬ | (১২) ৫৪ ÷ ৬ |

**৩** ভাগ করি

| | | | |
|---|---|---|---|
| (১) ৪২ ÷ ৭ | (২) ৭০ ÷ ৭ | (৩) ২৮ ÷ ৭ | (৪) ১৪ ÷ ৭ |
| (৫) ৭২ ÷ ৮ | (৬) ৩২ ÷ ৮ | (৭) ১৬ ÷ ৮ | (৮) ৪০ ÷ ৮ |
| (৯) ২৭ ÷ ৯ | (১০) ৯ ÷ ৯ | (১১) ৮১ ÷ ৯ | (১২) ৫৪ ÷ ৯ |

২০২৫


গাণিতিক বাক্য ১৫ ÷ ৩ এর জন্য গাণিতিক সমস্যা তৈরি করি।

আমরা দুই ধরনের ভাগ শিখেছি।

- প্রত্যেকে কয়টি করে পাবে?
- কতজনকে দেওয়া যাবে?


(ক) প্রত্যেকে কয়টি করে পাবে?

১৫টি বিস্কুট আছে। আমরা এই বিস্কুটগুলো ৩ জন শিশুর মধ্যে ভাগ করব। প্রত্যেকে কয়টি করে বিস্কুট পাবে?



(খ) কতজনকে দেওয়া যাবে?


আমরা ১৫টি বিস্কুট কিছু শিশুর মধ্যে বিতরণ করব, যেন প্রত্যেক শিশু ৩টি করে বিস্কুট পায়। কতজন শিশু বিস্কুটগুলো পাবে?



তোমার তৈরি গাণিতিক সমস্যা নিচের খালিঘরে লেখো

২০২৫


৮০টি রঙিন কাগজ আছে। যদি এই কাগজগুলো ৪ জন শিশুকে সমানভাবে ভাগ করে দেওয়া হয়, তবে প্রত্যেকে কয়টি করে কাগজ পাবে?




গাণিতিক বাক্য ৮০ ÷ ৪ = ☐



কীভাবে ৮০ ÷ ৪ হিসাব করতে হয় তা চিন্তা করি।






এখানে ১০টি করে কাগজ নিয়ে তৈরি ৮টি বান্ডেল আছে। প্রত্যেক শিশু ১০টি কাগজের কয়টি বান্ডেল পাবে তা বের করার জন্য আমরা ৮ ÷ ৪ হিসাব করতে পারি।

| |
|---|
| ৮ ÷ ৪ = ২ |
| ৮০ ÷ ৪ = ☐ |

☐ টি করে কাগজ পাবে।

**১** ৯০টি কমলা আছে। যদি কমলাগুলো ৩ জন শিশুর মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হয়, তাহলে প্রত্যেক শিশু কয়টি করে কমলা পাবে?

**২** ভাগ করি

(১) ৬০ ÷ ২ (২) ৫০ ÷ ৫ (৩) ৬০ ÷ ৩ (৪) ৮০ ÷ ২

**৩** সঠিক উত্তরটিতে টিক (✓) চিহ্ন দিই


(১) ১২ থেকে ৩ বিয়োগ করা যায় ৪/২/৩ বার

(২) ২৭ কে ৯ দিয়ে ভাগ করলে ভাগফল ৩/৪/৫

(৩) ১০ বার ১০ যোগ করলে পাওয়া যায় ৯০/১০০/১১০

২০২৫


৮৪টি রঙিন কাগজ আছে। যদি এই কাগজগুলো ৪ জন শিশুকে সমানভাবে ভাগ করে দেওয়া হয়, তবে প্রত্যেকে কয়টি করে কাগজ পাবে?





গাণিতিক বাক্য ৮৪ ÷ ৪ = ☐

কীভাবে ৮৪ ÷ ৪ হিসাব করতে হয় তা চিন্তা করি।








তোমার ধারণাটি বন্ধুদের বলো।

**১** ভাগ করি

(১) ৩৬ ÷ ৩ (২) ৮৬ ÷ ২ (৩) ৬৯ ÷ ৩ (৪) ৭৭ ÷ ৭

২০২৫

রেজার কাছে ১৪টি কমলালেবু আছে এবং সেগুলো সে তার ৪ বন্ধুকে সমান ভাবে বিতরণ করতে চায়। প্রত্যেকে কয়টি করে পাবে?

গাণিতিক বাক্য লিখি [ ]




চিন্তা করি উত্তর কীভাবে পাওয়া যায়।



আমি ব্লক ব্যবহার করে উত্তর খুঁজি।



আমি গুণের নামতা ব্যবহার করি।



যখন ২টি করে কমলালেবু বিতরণ করা হয়,
৪ × ২ = ৮, ৬টি থাকে
যখন ৩টি করে কমলালেবু বিতরণ করা হয়,
৪ × ৩ = ১২, ২টি থাকে
যখন ৪টি করে কমলালেবু বিতরণ করা হয়,
৪ × ৪ = ১৬, ২টি কম হয়



যদি আমি ১৪টি কমলালেবু আমার ৪ জন বন্ধুর মধ্যে বিতরণ করি। তবে আমি তাদের প্রত্যেককে ৩টি করে কমলালেবু দিতে পারি এবং ২টি কমলালেবু অবশিষ্ট থাকবে।

গাণিতিক বাক্য | ১৪ ÷ ৪ = ৩, অবশিষ্ট ২ |


প্রত্যেক বন্ধু ৩টি করে কমলালেবু পাবে এবং ২টি কমলালেবু অবশিষ্ট থাকে।

| ১৪ | ÷ ৪ | = ৩, | অবশিষ্ট ২ |
|---|---|---|---|
| ভাজ্য | ভাজক | ভাগফল | ভাগশেষ |




**১** তোমার কাছে ১৯টি চকলেট আছে। যদি তুমি তোমার বন্ধুদের প্রত্যেককে ৩টি করে চকলেট দাও, তবে কতজন বন্ধুকে চকলেট দেওয়া যাবে?





১৯ ÷ ৩ = ৫, অবশিষ্ট ৪

রাফি, তোমার কাছে যতটি চকলেট অবশিষ্ট আছে তা আবার বিতরণ করা যেতে পারে।





১৯ ÷ ৩ = ৬, অবশিষ্ট ১

ভাগের অবশিষ্ট ভাজক থেকে ছোটো হবে

অবশিষ্ট < ভাজক

**২** ভাগ করি


(১) ৯ ÷ ২ (২) ১৪ ÷ ৩ (৩) ২৬ ÷ ৫ (৪) ৭৫ ÷ ৯

(৫) ৬৭ ÷ ১০ (৬) ৫২ ÷ ৭ (৭) ৭১ ÷ ৮ (৮) ৪১ ÷ ৬


**৩** ৩০ সেমি লম্বা একটি ফিতা আছে। ফিতাটিকে ৪ সেমি করে কয়েকটি টুকরায় কেটে নেওয়া হলো। আমরা ৪ সেমি দৈর্ঘ্যের কয়টি টুকরা পাব? ফিতার কতটুকু অবশিষ্ট থাকবে?

২০২৫

৪ নিচের খালিঘরগুলো পূরণ করি। একটি করে দেখানো হলো।




১০ = ৪ × ২ + ২



১৬ = ৬ × □ + □




□ = □ × □ + □



□ = □ × □ + □



□ = □ × □ + □



□ = □ × □ + □

২০২৫

## নিজে করি

**১** সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিই

(১) ২৬ ÷ ৫ এর ক্ষেত্রে ভাগশেষ কত?

(ক) ২৫ (খ) ১ (গ) ২৬ (ঘ) ৫

(২) নিচের কোনটি সঠিক ?

(ক) ভাগশেষ > ভাজক (খ) ভাগশেষ = ভাজক

(গ) ভাগশেষ < ভাজক (ঘ) ভাজক < ভাগশেষ

(৩)
```
৭) ৪৩ (৬
   ৪২
   ----
    ১
```
এই ভাগটিতে ভাজ্য কত?

ক) ১ খ) ৬ গ) ৭ ঘ) ৪৩

(৪) ১২৫ ÷ ৫ = ☐ , খালিঘরে কত হবে?

ক) ২১ খ) ২৫ গ) ১২০ ঘ) ১৩০

**২** খালিঘর পূরণ করি

☐ = ☐ × ☐ + ☐

**৩** ভাগ করি

(১) ৮ ÷ ২ (২) ৯ ÷ ৩ (৩) ১২ ÷ ২ (৪) ২১ ÷ ৩

(৫) ৪৫ ÷ ৫ (৬) ৩০ ÷ ৬ (৭) ৬৪ ÷ ৮ (৮) ৫৪ ÷ ৯

(৯) ৪২ ÷ ৭ (১০) ৩৫ ÷ ৫ (১১) ২৮ ÷ ৪ (১২) ৬৩ ÷ ৭

**৪** ৮টি আম দুইজনকে সমানভাবে ভাগ করে দেওয়া হলে, প্রত্যেকে কয়টি করে আম পাবে?

**৫** ২৪টি লজেন্স ৪ জনকে সমানভাবে ভাগ করে দেওয়া হলে, প্রত্যেকে কয়টি করে লজেন্স পাবে?

**৬** ২৭ টাকা ৩ জনকে সমানভাবে ভাগ করে দেওয়া হলে, প্রত্যেকে কত টাকা করে পাবে?

**৭** একটি বেঞ্চে ৫ জন বসে। ৪৫ জনের জন্য কয়টি বেঞ্চের প্রয়োজন হবে?

**৮** নাফিদ ৪০ টাকা দিয়ে কিছু কোয়েল পাখির ডিম কিনল। যদি ১টি ডিমের দাম ৫ টাকা হয়, তবে নাফিদ কয়টি ডিম কিনেছে?

২০২৫

**৯** প্রতিটি দলে ৮ জন করে শিক্ষার্থী নিয়ে দল গঠন করা হলো। যদি ৭২ জন শিক্ষার্থী থাকে, তবে কয়টি দল হবে?

**১০** সাদিদ ৫৪ পৃষ্ঠার একটি বই পড়ছে। যদি সে এক দিনে ৬ পৃষ্ঠা পড়ে, এই বই পড়ে শেষ করতে তার কত দিন সময় লাগবে?

**১১** একটি প্যাকেটে ৮টি বিস্কুট আছে। একজন বালিকা বিস্কুটের ২টি প্যাকেট কিনল। সে মোট কতগুলো বিস্কুট কিনল?

**১২** ভাগ করি

| | | | |
|---|---|---|---|
| (১) ৮ ÷ ৩ | (২) ১৫ ÷ ২ | (৩) ৩৭ ÷ ৫ | (৪) ৫২ ÷ ৭ |
| (৫) ২৩ ÷ ৮ | (৬) ৩১ ÷ ৪ | (৭) ৭৩ ÷ ১০ | (৮) ৪০ ÷ ৯ |

**১৩** একটি শ্রেণিতে ৪৫ জন শিক্ষার্থী আছে। প্রতি বেঞ্চে ৩ জন করে শিক্ষার্থী বসতে পারে। তাদের বসার জন্য কয়টি বেঞ্চের প্রয়োজন?

**১৪** ৪৮টি পেয়ারা ৬ জনের মধ্যে সমানভাবে বিতরণ করা হলো। প্রত্যেকে কয়টি করে পেয়ারা পেল?

# ুণ ও ভাগের সম্পর্ক

গুণ ও ভাগের মধ্যে কোনো সম্পর্ক আছে কি?



গুণ হচ্ছে একই সংখ্যা বারবার যোগ করা আর ভাগ হচ্ছে একই সংখ্যা বারবার বিয়োগ করা।

তাহলে গুণ এবং ভাগ বিপরীত প্রক্রিয়া।



চলো, আমরা একটি উদাহরণের মাধ্যমে দেখি।



| গুণ | ভাগ | |
|---|---|---|
| ৭ × ৪ = ২৮<br>কারণ,<br>৭ + ৭ + ৭ + ৭ = ২৮ | ২৮ ÷ ৪ = ৭<br>কারণ,<br>২৮ − ৪ = ২৪    ২৪ − ৪ = ২০<br>২০ − ৪ = ১৬    ১৬ − ৪ = ১২<br>১২ − ৪ = ৮    ৮ − ৪ = ৪<br>৪ − ৪ = ০ | ২৮ ÷ ৭ = ৪<br>কারণ,<br>২৮ − ৭ = ২১    ২১ − ৭ = ১৪<br>১৪ − ৭ = ৭    ৭ − ৭ = ০ |

গুণ ও ভাগ পরস্পর সম্পর্কযুক্ত। আমরা গুণ এবং ভাগের উত্তর যাচাই করার জন্য এই সম্পর্ক ব্যবহার করতে পারি।

(ক) ৬ × ৩ = ১৮

১৮ ÷ ৩ = ৬    ১৮ ÷ ৬ = ৩

(খ) ৮ × ৪ = ৩২

৩২ ÷ ৪ = ৮    ৩২ ÷ ৮ = ৪

১ তাহসিনের ৪০টি রং পেনসিল ছিল। সে পেনসিলগুলোকে সমান ৫ ভাগে ভাগ করল এবং রাতুলকে ২ ভাগ দিলো। রাতুল কয়টি পেনসিল পেল?

২০২৪



কীভাবে রাতুলকে দেওয়া পেনসিলের সংখ্যা বের করা যায় তা ভেবে দেখি।

আমার মনে হয়, প্রথমে সমান ৫ ভাগ করার জন্য ৪০ কে ৫ দিয়ে ভাগ করতে হবে। আমি নিচের মতো ভাগ করে প্রতি ভাগে ৮ পেয়েছি।



$$৪০ \div ৫ = ৮$$



রাতুলকে ২ ভাগ পেনসিল দিতে হলে যে ভাগফল পেয়েছি, সেটিকে ২ দিয়ে গুণ করতে হবে।

$$৮ \times ২ = ১৬$$

রাতুল ১৬টি পেনসিল পেল।

**২** তৃষাদের বিদ্যালয়ের অনুষ্ঠানে ২০ জন অতিথির প্রত্যেককে একটি করে কলম দেওয়া হবে। তৃষা ১২০ টাকা খরচ করে ২০টি কলম আনল। শিক্ষক পরে তাকে আরো ৫টি কলম কিনতে বললেন। তাহলে আরো কত টাকা লাগবে?

**৩** $১২ \div ২ \times ৬$ এই হিসাবটি কীভাবে করা যায়?



এই হিসাবটি করার জন্য নিচের নমুনাটি ব্যবহার করি।

$$\square \div \square \times \square$$

নমুনাটিতে গুণ ও ভাগ প্রক্রিয়ার ব্যবহার আছে। কোনটি আগে করব ভেবে দেখি।





গুণ ও ভাগের কাজ পাশাপাশি থাকলে বাম থেকে ডান দিকে হিসাব করতে হয়।

$$১২ \div ২ \times ৬$$
$$= ৬ \times ৬$$
$$= ৩৬$$

১ খালিঘর পূরণ করি

(১) ১৫ ÷ ৩ × ৪ = ☐　　(২) ৪৫ × ৪ ÷ ৫ = ☐

(৩) ২৩ × ৪ ÷ ২ = ☐　　(৪) ৬৩ ÷ ৭ × ৬ = ☐

৪ ৬টি ঝুড়ির প্রতিটিতে ২১টি করে আম আছে। আমগুলো ১৪ জনের মধ্যে ভাগ করে দিলে প্রত্যেকে কতটি করে আম পাবে?



প্রথমে ৬টি ঝুড়িতে ২১টি করে কতগুলো আম আছে তা বের করতে হবে। তারপর ১৪ জনকে দিতে ভাগ করতে হবে।

সমাধানটি হবে

আমের সংখ্যা × ঝুড়ির সংখ্যা ÷ জনের সংখ্যা



গাণিতিক বাক্য　২১ × ৬ ÷ ১৪

= ১২৬ ÷ ১৪ → [১৪ এর গুণের নামতা ব্যবহার করে]

= ৯　　প্রত্যেকে ৯টি করে আম পাবে।

২ ৩০টি করে চকলেটের ৪টি প্যাকেট কিনে তোমার ১৫ জন বন্ধুর মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কতটি করে চকলেট পাবে?

গাণিতিক বাক্য

☐ ☐ ☐ ☐ ☐

= ☐ ☐ ☐

= ☐

☐ টি করে চকলেট পাবে।

২০২৫

**৫** ১২টি কলমের মূল্য ৯৬ টাকা। এরূপ ৩২টি কলম কিনতে কত টাকার প্রয়োজন?



প্রথমে ১২টি কলমের মূল্য থেকে আমাদের ১টি কলমের মূল্য বের করতে হবে।

[ ৯৬ ] ÷ [ ১২ ] → ১২ এর গুণের নামতা ব্যবহার করি এবং যাচাই করি।

= [ ৮ ]

সঠিক

৯৬ ÷ ১২ = ৮

১২ × ৮ = ৯৬

একটি কলমের মূল্য ৮ টাকা

৩২টি কলমের মূল্য বের করতে ১টি কলমের মূল্যকে ৩২ দিয়ে গুণ করতে হবে।



[ ৮ ] × [ ৩২ ]

= [ ২৫৬ ]

কলমের মূল্য ২৫৬ টাকা

**৩** ১৩টি কলার দাম ১১৭ টাকা হলে ২৪টি কলা কিনতে কত টাকা লাগবে?

গাণিতিক বাক্য

ধাপ ১

[ ] [ ] [ ]

= [ ] টাকা ১টি কলার দাম

ধাপ ২

[ ] [ ] [ ]

= [ ] টাকা লাগবে

## নিজে করি

**১** সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিই

(১) ২টি প্যাকেটের প্রতিটিতে ১০টি করে কলম আছে। কলমগুলো ৫ জন শিক্ষার্থীর মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কয়টি করে কলম পাবে? – সমস্যাটি সমাধানের সঠিক প্রক্রিয়া কোনটি?

(ক) প্যাকেট সংখ্যা × কলম সংখ্যা ÷ শিক্ষার্থীর সংখ্যা

(খ) প্যাকেট সংখ্যা × শিক্ষার্থীর সংখ্যা ÷ কলম সংখ্যা

(গ) কলম সংখ্যা × শিক্ষার্থীর সংখ্যা ÷ প্যাকেট সংখ্যা

(ঘ) কলম সংখ্যা × প্যাকেট সংখ্যা ÷ শিক্ষার্থীর সংখ্যা

(২) ৭+৭+৭+৭+৭+৭+৭+৭ কে প্রকাশ করার ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

(ক) ৭+৮ (খ) ৮ × ৭ (গ) ৭ × ৮ (ঘ) ৭× ৭

(৩) ৩০ জন শিক্ষার্থীর প্রত্যেকের নিকট থেকে ৮ টাকা করে সংগ্রহ করা হলো। মোট টাকা ২জন বন্ধুকে খাতা কেনার জন্য সমানভাবে ভাগ করে দেওয়া হলে প্রত্যেক বন্ধু কত টাকা করে পেল?

(ক) ২৪০ টাকা (খ) ১২০ টাকা (গ) ৬০ টাকা (ঘ) ৩০ টাকা

(৪) ময়না একদিনের ৮ ভাগের ২ ভাগ সময় পড়ালেখা করে। সে সারাদিনে কত ঘণ্টা পড়ালেখা করে?

(ক) ৩ ঘণ্টা (খ) ৪ ঘণ্টা (গ) ৬ ঘণ্টা (ঘ) ৮ ঘণ্টা

**২** সংক্ষিপ্ত প্রশ্ন

(১) একই সংখ্যা বারবার যোগ করাকে কী বলে?

(২) ৪+৪+৪+৪+৪ কে গুণ আকারে প্রকাশ করো।

(৩) একই সংখ্যা বারবার বিয়োগ করাকে কী বলে?

(৪) ১৩৬ থেকে কতবার ৪ বিয়োগ করা যায়?

(৫) ৭ কে ২৫ বার যোগ করাকে বিকল্প রূপে প্রকাশ করো।

(৬) ৩ বার ১৮ যোগ করাকে বিকল্প রূপে প্রকাশ করো।

২০২৫

৩ খালিঘর পূরণ করি

(১) ১৮ ÷ ৬ × ৭ = ☐ (২) ৪২ ÷ ৭ × ৮ = ☐

(৩) ১৫ × ৫ ÷ ৩ = ☐ (৪) ৭২ ÷ ৮ × ১০ = ☐

৪ ১২ জন বন্ধু প্রত্যেকে কত করে টাকা দিলে ২২ টাকা দামের ১৮টি খাতা কিনতে পারবে?

৫ ৫০০ টাকার ৩টি নোট ১৫ জনের মধ্যে ভাগ করে দিলে প্রত্যেকে কত করে টাকা পাবে?

৬ ৬৩ জন বন্ধু ৫০ টাকা হারে চাঁদা তুলে ৯টি অসহায় পরিবারের মধ্যে বিতরণ করলে প্রত্যেক পরিবার কত টাকা করে পাবে?

৭ হেলেন একটি ১০৪ মিটার লম্বা ফিতার ১৩ ভাগের ৫ ভাগ তার ছোটো ভাই রিফাতকে দিলো । রিফাত কত মিটার ফিতা পেল?

৮ ৯৯ টাকার ৯ ভাগের ৪ ভাগ কত টাকা?

৯ সালমা ১১২ কিলোমিটার পথের ১৪ ভাগের ১৩ ভাগ বাসে যায় এবং বাকি পথ হেঁটে যায়। সে কত পথ বাসে যায়?


১০ নিচের গাণিতিক বাক্যের জন্য গল্প তৈরি করি।

৬৫ ÷ ১৩ × ৪ =

২০২৫

## যোগ, বিয়োগ, গুণ ও ভাগসংক্রান্ত সমস্যা

একটি পেনসিলের দাম ২০ টাকা ও ১টি ছবি আঁকার খাতার দাম ১৫০ টাকা। ৫টি পেনসিল ও ১টি ছবি আঁকার খাতা কিনতে কত টাকা লাগবে?







মোট খরচ বের করার জন্য আমাদের প্রথমে ৫টি পেনসিলের দাম বের করতে হবে।

এটির হিসাব বের করার জন্য প্রথমে আমাদের গুণ করতে হবে এবং পরে যোগ করতে হবে।



১। ৫টি পেনসিলের দাম বের করার জন্য ১টি পেনসিলের দামকে ৫ দ্বারা গুণ করতে হবে।

১টি পেনসিলের দাম ২০ টাকা হলে ৫টি পেনসিলের দাম হবে

২০ × ৫ = ১০০

১০০ টাকা

২। ১টি ছবি আঁকার খাতার দাম ১৫০ টাকা। ৫টি পেনসিল ও ১টি ছবি আঁকার খাতার দাম বের করার জন্য ৫টি পেনসিলের দামের সাথে ১টি ছবি আঁকার খাতার দাম যোগ করতে হবে।

৫টি পেনসিল ও ১টি ছবি আঁকার খাতা কিনতে লাগবে

১০০ + ১৫০ = ২৫০

২৫০ টাকা

২০২৪

১ ৬টি ঝুড়ির প্রতিটিতে ৩০টি করে আম আছে। অন্য একটি ঝুড়িতে ৩৭টি আম আছে। ৭টি ঝুড়িতে মোট কতটি আম আছে?



৬টি ঝুড়িতে মোট □ × □ টি = □ টি আম আছে।

৭টি ঝুড়িতে মোট □ টি + □ টি = □ টি আম আছে।

গাণিতিক বাক্যটি হবে □ × □ + □

= □ + □


= □

□ টি আম

সমাধানের আরো উপায় চিন্তা করি।



২ রহিম সাহেব ১৮৫ টাকা দরে ৪টি তরমুজ কিনে দোকানদারকে ৭৫০ টাকা দিলেন। দোকানদার তাকে কত টাকা ফেরত দেবেন?



১৮৫ টাকা ১৮৫ টাকা ১৮৫ টাকা ১৮৫ টাকা



সমস্যাটি সমাধান করার জন্য আমাদের প্রথমে গুণ করতে হবে এবং পরে বিয়োগ করতে হবে।

সমস্যাটি সমাধান করার জন্য গাণিতিক বাক্য কী হবে?



গাণিতিক বাক্য হবে ৭৫০ − ১৮৫ × ৪ = □

১। প্রথমে ১টি তরমুজের দাম ১৮৫ টাকাকে ৪ দ্বারা গুণ করতে হবে।

১৮৫ × ৪

= ৭৪০

২। ৪টি তরমুজের দাম ৭৫০ থেকে বিয়োগ করতে হবে।

৭৫০ − ৭৪০ = ১০

দোকানদার ১০ টাকা ফেরত দেবেন।




৩ একটি বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ৪২ জন শিক্ষার্থীর প্রত্যেকে ৩০ টাকা করে চাঁদা তুলে সেখান থেকে ১০০০ টাকা বন্যার্তদের সহায়তার জন্য দান করল। এখন তালের কাছে কত টাকা রইল?

৩০ জনে মোট □ × □ টাকা = □ টাকা দিল।

বন্যার্তদের দেওয়ার পর তাদের কাছে রইল □ − □ = □ টাকা

গাণিতিক বাক্যটি হবে □ × □ − □

= □ − □

= □

অবশিষ্ট রইল □ টাকা।

২০২৫

**৪** একটি বইয়ের মূল্য ৯৫ টাকা ও ১২টি কলমের মূল্য ১৮০ টাকা। ১টি কলম ও ১টি বই কিনতে রেজার কত টাকা লাগবে?



১টি বইয়ের মূল্য দেওয়া আছে। আমাদের ১টি কলমের মূল্য বের করতে হবে।

১। প্রথমে ১২টি কলমের মূল্য ১৮০ টাকাকে ১২ দিয়ে ভাগ করতে হবে।

১৮০ ÷ ১২ = ১৫ টাকা

২। ১টি বই ও ১টি কলমের দাম যোগ করতে হবে।

১টি বই ও ১টি কলমের দাম হবে, ৯৫ + ১৫ = ১১০
১১০ টাকা

**৫** তোমাকে বাবা দিলেন ২৫০ টাকা, মা দিলেন ১৫০ টাকা। তুমি এই টাকাগুলো দিয়ে তোমার শ্রেণির ৫ জন বন্ধুর জন্য খাতা ও কলম কিনতে চাও। প্রত্যেক বন্ধুর জন্য তুমি কত টাকা খরচ করতে পারবে?

মোট টাকা হবে ☐ + ☐ টাকা = ☐ টাকা

প্রত্যেককে দেওয়া যাবে ☐ টাকা ÷ ☐ = ☐ টাকা

প্রত্যেককে দেওয়া যাবে ☐ টাকা

**৬** একটি বাগানের ১৫টি লিচু গাছের প্রতিটি থেকে ৬০টি করে লিচু পেড়ে ২০ জনের মধ্যে সমানভাবে ভাগ করে নিলে প্রত্যেকে কয়টি করে পাবে?

সমস্যাটি সমাধান করার জন্য আমাদের প্রথমে গুণ ও পরে ভাগ করতে হবে।



১। প্রথমে ১টি গাছের লিচু ৬০ কে ১৫ দ্বারা গুণ করতে হবে।

৬০ × ১৫ = ৯০০
৯০০টি লিচু

২। মোট লিচু ২০ জনের মধ্যে ভাগ করে নিলে মোট লিচুকে ২০ দ্বারা ভাগ করতে হবে।

৯০০ ÷ ২০ = ৪৫
৪৫টি লিচু

৭ ঈদ উপলক্ষ্যে একটি গ্রামের দরিদ্র জনগণকে সহায়তা করার জন্য ৩০ জন সচ্ছল ব্যক্তির প্রত্যেকের নিকট থেকে ১২ কেজি করে চাল সংগ্রহ করা হলো। সংগৃহীত চাল ১৮টি দরিদ্র পরিবারের মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেক পরিবার কত কেজি করে চাল পাবে?

মোট চাল হবে ☐ × ☐ কেজি = ☐ কেজি

প্রত্যেক পরিবারকে দেওয়া যাবে ☐ কেজি ÷ ☐ = ☐ কেজি

গাণিতিক বাক্যটি হবে ☐ × ☐ ÷ ☐
= ☐ ÷ ☐
= ☐
প্রত্যেক পরিবারকে দেওয়া যাবে ☐ কেজি।

৮ একটি গাছ থেকে ৫৫০টি আম পাড়া হলো, যার মধ্যে ৪৬টি আম কাঁচা। পাকা আমগুলো ৮ জনের মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কয়টি করে পাবে?



সমস্যাটি সমাধান করার জন্য আমাদের প্রথমে কাঁচা আমের সংখ্যা বিয়োগ করতে হবে। তারপর ৮ দিয়ে ভাগ করতে হবে।

সমস্যাটি সমাধান করার জন্য গাণিতিক বাক্য কী হবে?



১। প্রথমে ৫৫০ থেকে ৪৬ বিয়োগ করতে হবে।

৫৫০ − ৪৬ = ৫০৪টি পাকা আম

২। ৫০৪ কে ৮ দিয়ে ভাগ করতে হবে।

৫০৪ ÷ ৮ = ৬৩
৬৩টি আম

৯ নিচের গাণিতিক বাক্যগুলো ব্যবহার করে গল্প তৈরি করি। একটি করে দেখানো হলো।

| | |
|---|---|
| ৭৫ ÷ ৩ + ৪৬ = ☐ | একটি গাছ থেকে ৭৫টি লিচু পেড়ে ৩ বন্ধু সমানভাবে ভাগ করে নিল। আবার অন্য একটি গাছ থেকে প্রত্যেকে ৪৬টি করে লিচু পেল। তাহলে প্রত্যেকে মোট কতটি করে লিচু পেল? |
| ৫৫ × ৩০ ÷ ৫০ = ☐ | |
| ৩৫ × ১২ − ১৪৫ = ☐ | |

২০২৫

## নিজে করি

**১** সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিই

(১) নাহিদ ৩০টি আম পেড়ে ১০টি রেখে বাকি আমগুলো ৫ জন বন্ধুর মধ্যে সমানভাবে ভাগ করে দিলো। প্রত্যেক বন্ধু কয়টি করে আম পেল?

ক) ৩টি খ) ৪টি গ) ৬টি ঘ) ২০টি

(২) তুমি বাবার কাছ থেকে ১৫০ টাকা ও মায়ের কাছ থেকে ৬০ টাকা নিয়ে ৩জন বন্ধুকে খাতা ও কলম কেনার জন্য সমানভাবে ভাগ করে দিলে। প্রত্যেক বন্ধু কত টাকা করে পেল?

ক) ১৫০ টাকা খ) ৯০ টাকা গ) ৭০ টাকা ঘ) ৬০ টাকা

(৩) ১টি পেনসিলের দাম ২০ টাকা ও ১টি খাতার দাম ৩০ টাকা। ৩টি পেনসিল ও ১টি খাতার দাম কত?

ক) ৩০ টাকা খ) ৫০ টাকা গ) ৬০ টাকা ঘ) ৯০ টাকা

(৪) ১ ডজন ডিমের দাম ১২০ টাকা হলে ৪টি ডিমের দাম কত?

ক) ১০ টাকা খ) ৩০ টাকা গ) ৪০ টাকা ঘ) ৪৮ টাকা

(৫) ৬টি গাছের প্রতিটি থেকে ৮টি করে আম পেড়ে ৪ জনের মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কয়টি করে আম পাবে?– সমস্যাটি সমাধানের জন্য নিচের কোনটি সঠিক?

ক) ৮ × ৬ ÷ ৪ খ) ৮ ÷ ৪ × ৬ গ) ৬ ÷ ৪ × ৮ ঘ) ৬ × ৮ ÷ ৪

(৬) রাইসা তার ৫ বন্ধুকে ৪টি করে চকলেট ভাগ করে দিয়ে ২টি নিজের জন্য রাখল। তার কাছে কয়টি চকলেট ছিল তা নির্ণয়ের জন্য নিচের কোনটি সঠিক?

ক) ৫ ÷ ৪ × ২ খ) ৫ × ৪+২ গ) ৪ × ৫+২ ঘ) ৪ × ৫ × ২

**২** ১টি পেনসিলের দাম ২০ টাকা ও ৫টি খাতার দাম ১৫০ টাকা। ৫টি পেনসিল ও ৫টি খাতা কিনতে কত টাকা লাগবে?

**৩** ১টি বই ও ৩টি কলমের মূল্য একত্রে ৯৫ টাকা। একটি কলমের মূল্য ২০ টাকা। একটি বইয়ের মূল্য কত?

**৪** ১টি তাকে ৪২টি বই রাখা যায়। এরূপ ২টি তাকভর্তি বই আছে। এছাড়া আরও ৮টি বই আছে। মোট কতগুলো বই আছে?

**৫** ফয়সাল প্রতিমাসে ১২০ টাকা বৃত্তি পায়। তার ১২ মাসের বৃত্তির টাকা থেকে সে তার বোন রিনাকে ১২০ টাকা দেয়। তার কাছে কত টাকা অবশিষ্ট থাকে?

২০২৫

৬ একটি ঝুড়িতে ৭৪টি লিচু আছে। অন্য একটি ঝুড়িতে ৭০টি লিচু আছে। দুইটি ঝুড়ির লিচু একত্র করে ৮ জনের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হলো। প্রত্যেকে কয়টি করে লিচু পেল?

৭ সুরমা প্রতি ডজন ১২০ টাকা দরে ৬ ডজন ডিম বিক্রি করে এবং তা থেকে সে ৯৫ টাকা খরচ করে। বাকি টাকা সে ব্যাংকে জমা রাখে। সে কত টাকা ব্যাংকে জমা রাখে?

৮ বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যের জন্য ৪০ জন শিক্ষার্থীর প্রত্যেকে ৮০ টাকা করে দেয় এবং মোট টাকা ১০ জনের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হয়। প্রত্যেকে কত টাকা করে পান?


৯ লুনা বছরে ১৮০০ টাকা বৃত্তি পায়। সে বৃত্তির টাকা থেকে প্রতি মাসে ৫৫ টাকা হিসাবে মাটির ব্যাংকে জমা রাখে এবং বাকি টাকা খরচ করে। সে মাসে কত টাকা খরচ করে?

১০ গল্প তৈরি করি

(ক) ৩৫০ − ৫০ ÷ ৬

(খ) ৫০ × ৩০ − ৯৫০

১১ খালিঘরের সংখ্যা খুঁজে বের করি।




২০২৫


# ভগ্নাংশ


একটি রুটি আছে। রুটিটি কীভাবে ভাগ করলে রেজা ও মিনা দুজনেই সমান পরিমাণ পাবে?







১ পাশের আকৃতির দুইটি কাগজকে সমান দুই টুকরা করি।






২ একটি কাগজের ফিতাকে সমান দুই ভাগে ভাগ করি।




যখন আমরা একটি বস্তুকে সমান ২ অংশে ভাগ করি, তখন প্রত্যেক অংশকে অর্ধেক বা দুই ভাগের এক ভাগ বলি এবং লিখি $\frac{১}{২}$ ।

$\frac{১}{২}$
অর্ধেক বা
দুই ভাগের এক ভাগ


১ কোন টুকরাটি ক এর $\frac{১}{২}$ ?




২ নিচের প্রত্যেক আকৃতির $\frac{১}{২}$ অংশ রং করি।



৩ দুইটি $\frac{১}{২}$ একত্রে রাখলে কী তৈরি হবে?





দুইটি $\frac{১}{২}$ একত্রে রাখলে ☐ তৈরি হয়

একটি কাগজকে ৪টি সমান অংশে ভাগ করা হয়েছে। প্রতিটি ভাগকে কী বলা হয়?



যখন আমরা সমগ্র বা পূর্ণ কোনো কিছুর দুই অংশের ১টি নিই, আমরা এটি লিখি $\frac{১}{২}$ । তাই আমরা যদি সমান ৪ অংশে ভাগ করি এবং ১টি অংশ নিই, তবে লিখতে হবে $\frac{১}{৪}$ ।




যখন আমরা একটি বস্তুকে সমান চার অংশে ভাগ করি, এই অংশগুলোর একটিকে এক চতুর্থাংশ বা চার ভাগের এক ভাগ বলি এবং লিখি $\frac{১}{৪}$ ।


$\frac{১}{৪}$
এক চতুর্থাংশ
বা
চার ভাগের এক ভাগ

$\frac{১}{২}$ এবং $\frac{১}{৪}$ এরূপ সংখ্যাকে ভগ্নাংশ বলে।


১ নিচের প্রত্যেক আকৃতির $\frac{১}{৪}$ অংশ রং করি।



১




চারটি $\frac{১}{৪}$ একত্রে রাখলে ☐ তৈরি হয়




২ উপরের চিত্র অনুযায়ী সঠিক উত্তরটিতে টিক (✓) চিহ্ন দিই।

$\frac{১}{৪}$ হলো $\frac{১}{২}$ এর থেকে বড়ো/সমান/ছোটো

$\frac{১}{৪}$ এর দুই টুকরা হলো $\frac{১}{২}$ এর থেকে বড়ো/সমান/ছোটো

$\frac{১}{৪}$ এর তিন টুকরা হলো $\frac{১}{২}$ এর থেকে বড়ো/সমান/ছোটো

৩ মিনা ডান পাশের চিত্রের গাঢ় রং করা অংশ তুলনা করে বলল $\frac{১}{৪}$ থেকে $\frac{১}{২}$ ছোট।
মিনার তুলনা কি সঠিক? কেন?



৪ ইচ্ছেমতো সমান আকৃতির দুইটি চিত্র আঁকি এবং একটির $\frac{১}{২}$ অংশ ও অন্যটির $\frac{১}{৪}$ অংশ রং করি।

২০২৫

## আমরা কীভাবে ভগ্নাংশে প্রকাশ করতে পারি?


১ মিটার ফিতাকে সমান ৩ ভাগে ভাগ করি।





**ফিতার ভাগ করা প্রতিটি অংশকে ১ মিটারের এক তৃতীয়াংশ বলা হয়। এটি লেখা হয় $\frac{১}{৩}$ মিটার।**

**১** রং করা অংশ কত লম্বা?

(১)




(২)




**২** $\frac{১}{৩}$ অংশ রং করি।










**১ মিটারের সমান ৩ টুকরার ২টিকে ১ মিটারের দুই-তৃতীয়াংশ বলা হয়। এটিকে লেখা হয় $\frac{২}{৩}$ মিটার।**



$\frac{৩}{৩}$ মিটার হচ্ছে ১ মিটারের সমতুল্য।

**৩** রং করা অংশ কত লম্বা?

(১)




(২)




**৪** রং করি

(১) $\frac{৩}{৫}$ অংশ রং করি



(২) $\frac{৭}{৮}$ অংশ রং করি



$\frac{৩}{৫}$, $\frac{৭}{৮}$ কে ভগ্নাংশ বলা হয়। এখানে ৩ ও ৭ কে লব বলে এবং ৫ ও ৮ হর বলে।

ভগ্নাংশ

লব ৩

হর ৫


**৫** লবকে △ এবং হরকে ○ করি।

যেমন $\frac{১}{৩}$

(১) $\frac{৪}{৫}$ (২) $\frac{১}{৭}$ (৩) $\frac{৫}{৮}$ (৪) $\frac{৭}{৯}$

**৬** একটি ভগ্নাংশ লিখি যার হর ৯ এবং লব ৫।

**৭** নিচের চিত্র সম্পর্কিত প্রশ্নের উত্তর দিই।





২০২৫

(১) খালিঘরে ভগ্নাংশ লিখি।


(২) উপরের চিত্রের $\frac{১}{৫}$ এর ৫ টুকরা কোথায়?

(৩) কোনটি লম্বা $\frac{২}{৫}$ মিটার নাকি $\frac{৩}{৫}$ মিটার?

**৮** নিচের চিত্রের রং করা অংশ ভগ্নাংশে লিখি।





**৯** নিচের ভগ্নাংশ তুলনা করি।







**১** নিচের চিত্রগুলো ভালোভাবে লক্ষ করি এবং প্রাপ্ত তথ্য নিয়ে আলোচনা করি।





কোন ভগ্নাংশগুলো $\frac{১}{২}$ এর সমান?

চিত্রে কী কী ভগ্নাংশ রয়েছে যেগুলোর মান সমান?



যে ভগ্নাংশগুলোর মান সমান সেগুলোকে আমরা সমতুল ভগ্নাংশ বলি।

$\frac{১}{২}$ এর সমতুল ভগ্নাংশগুলো হলো $\frac{২}{৪}, \frac{৩}{৬}, \frac{৪}{৮}, \frac{৫}{১০}$

**২** $\frac{১}{২}$ এর সমতুল ভগ্নাংশ নির্ণয় করি।



যদি আমরা লব ও হরকে ২ দ্বারা গুণ করি। আমরা পাই $\frac{১ \times ২}{২ \times ২} = \frac{২}{৪}$

$\frac{১ \times ৩}{২ \times ৩} = \frac{\square}{\square}$ $\qquad$ $\frac{১ \times \square}{২ \times \square} = \frac{৪}{৮}$ $\qquad$ $\frac{১ \times ৫}{২ \times ৫} = \frac{\square}{\square}$

কোনো ভগ্নাংশের লব ও হরকে একই সংখ্যা দ্বারা গুণ করলে যে ভগ্নাংশ পাওয়া যায়, তা পূর্বের ভগ্নাংশের সমতুল হয়।



আমরা কীভাবে সহজে সমতুল ভগ্নাংশ খুঁজে বের করব?

চলো খুঁজে দেখি।



আমরা $\frac{১}{২}$ ও $\frac{২}{৪}$ সমতুল ভগ্নাংশ দুইটি নিয়ে দেখি।

$\frac{১}{২}$ ⤫ $\frac{২}{৪}$ → $২ \times ২ = ৪$
→ $১ \times ৪ = ৪$

দুইটি ভগ্নাংশের লব ও হর পরস্পর গুণ করলে যদি গুণফল একই হয়, তবে ভগ্নাংশ দুইটি সমতুল হবে।

**১০** নিচের ভগ্নাংশের জোড়াগুলো যাচাই করি এবং সমতুল ভগ্নাংশ খুঁজে বের করি।

$\frac{২}{৪}$ ✕ $\frac{৩}{৬}$ → ☐ → ☐

$\frac{৩}{৬}$ ✕ $\frac{৪}{৮}$ → ☐ → ☐

$\frac{৩}{৮}$ ✕ $\frac{৫}{১০}$ → ☐ → ☐

$\frac{৪}{৮}$ ✕ $\frac{৫}{১০}$ → ☐ → ☐

**১১** $\frac{১}{৩}$ ও $\frac{১}{৪}$ এর সমতুল ভগ্নাংশ নির্ণয় করি।

**৩** খালিঘরে সমতুল ভগ্নাংশ লিখি

| ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ |
|---|---|---|---|---|---|---|---|
| $\frac{২}{৩}$ | $\frac{৪}{৬}$ | $\frac{৬}{৯}$ | | | | | |
| $\frac{৩}{৪}$ | | | | | | | |
| $\frac{৩}{৫}$ | | | | | | | |
| $\frac{১}{৬}$ | | | | | | | |

**৪** নিচের ভগ্নাংশ জোড়া সমতুল বা সমতুল নয়, তা নির্ণয় করি এবং টিক (✓) চিহ্ন দিই।

| ভগ্নাংশ | নির্ণয় করি | সমতুল | সমতুল নয় |
|---|---|---|---|
| $\frac{৩}{৪}, \frac{৯}{১২}$ | ৪ × ৯ = ৩৬<br>৩ × ১২ = ৩৬ | ✓ | |
| $\frac{২}{৫}, \frac{৩}{১০}$ | | | |
| $\frac{৪}{৬}, \frac{৮}{১২}$ | | | |
| $\frac{৩}{৫}, \frac{৯}{১০}$ | | | |

**১২** নিচের ভগ্নাংশ জোড়া তুলনা করি এবং প্রতীক (>,<) ব্যবহার করে ছোটো-বড়ো লিখি।


(ক) $\frac{১}{৩}$ $\frac{২}{৩}$ (খ) $\frac{২}{৫}$ $\frac{৪}{৫}$ (গ) $\frac{৭}{৮}$ $\frac{৫}{৮}$ (ঘ) ১ $\frac{৬}{৭}$

এখানে প্রত্যেক জোড়া ভগ্নাংশের হর একই। তাই আমরা শুধু লব তুলনা করব। এটা সংখ্যার তুলনার মতোই।



## ভগ্নাংশের যোগ

রিয়া একটি পাউরুটির $\frac{৩}{৫}$ অংশ পেল। তার ভাই রাফি পাউরুটির $\frac{১}{৫}$ অংশ পেল। তারা দুইজনে একত্রে পাউরুটির কত অংশ পেল?





আমরা কীভাবে যোগ করব, $\frac{৩}{৫}+\frac{১}{৫}$ ?



$\frac{১}{৫}$ ও $\frac{৩}{৫}$ তে কয়টি $\frac{১}{৫}$ অংশ আছে?



১টি এবং ৩টি $\frac{১}{৫}$ অংশ আছে।

$$\frac{৩}{৫}+\frac{১}{৫}=\frac{\square}{\square}$$

**১** জাহিদের গণিতের বাড়ির কাজ শেষ করতে সময় লাগে $\frac{২}{৫}$ ঘণ্টা এবং ইংরেজির বাড়ির কাজ করতে সময় লাগে $\frac{৩}{৫}$ ঘণ্টা। এই দুই বিষয়ের বাড়ির কাজ করতে তার কত ঘণ্টা সময় লাগে?




হিসাবটি সহজ। আমরা পূর্বের মতো ২টি ও ৩টি $\frac{১}{৫}$ হিসাব করব।

$$\frac{২}{৫}+\frac{৩}{৫}=\frac{৫}{৫}=১$$

১ ঘণ্টা

যখন আমরা সমহরবিশিষ্ট ভগ্নাংশের যোগ করব, যোগফলের হর হবে ভগ্নাংশগুলোর সাধারণ হর এবং লব হবে ভগ্নাংশের লবগুলোর যোগফল।

**২** যোগ করি $\frac{৩}{৭}+\frac{২}{৭}$



$$\frac{৩}{৭}+\frac{২}{৭}=\frac{\square}{\square}$$

**১** যোগ করি

(১) $\frac{১}{৩}+\frac{২}{৩}$ (২) $\frac{১}{৪}+\frac{২}{৪}$ (৩) $\frac{২}{৫}+\frac{২}{৫}$ (৪) $\frac{৩}{৪}+\frac{১}{৪}$

(৫) $\frac{৩}{৭}+\frac{১}{৭}$ (৬) $\frac{১}{৫}+\frac{৪}{৫}$ (৭) $\frac{৫}{৬}+\frac{১}{৬}$ (৮) $\frac{৩}{৮}+\frac{৫}{৮}$

(৯) $\frac{৫}{৭}+\frac{২}{৭}$ (১০) $\frac{১}{৯}+\frac{৮}{৯}$ (১১) $\frac{৪}{৮}+\frac{৩}{৮}$ (১২) $\frac{৪}{৯}+\frac{৩}{৯}$

**৩** একটি বাঁশের $\frac{১}{৭}$ অংশ লাল ও $\frac{৩}{৭}$ অংশ সবুজ রং করেছি। মোট কত অংশ রং করেছি?

রং করেছি $\frac{১}{৭}$ অংশ $+\frac{৩}{৭}$ অংশ $=\frac{১}{৭}+\frac{৩}{৭}=\frac{\square}{\square}=\frac{\square}{\square}$ অংশ

**২** রিয়া একটি দোকান থেকে $\frac{১}{৫}$ মিটার এবং লিয়া $\frac{৩}{৫}$ মিটার রঙিন ফিতা ক্রয় করল। তারা একত্রে মোট কত মিটার ফিতা ক্রয় করল?

**৩** রাফি একটি কেক এর $\frac{৫}{৮}$ অংশ খায় এবং নিধি $\frac{২}{৮}$ অংশ খায়। তারা একত্রে মোট কত অংশ খায়?

**৪** রেজার বাড়ি বিদ্যালয় থেকে $\frac{৫}{১০}$ কিলোমিটার পশ্চিমে এবং মিনার বাড়ি $\frac{৩}{১০}$ কিলোমিটার পূর্বে অবস্থিত। রেজার বাড়ি থেকে মিনার বাড়ির দূরত্ব কত?

# ভগ্নাংশের বিয়োগ

রেজার কাছে $\frac{৪}{৫}$ মিটার ফিতা আছে। সে যদি $\frac{২}{৫}$ মিটার ফিতা মিনাকে দেয়, তাহলে তার কত মিটার ফিতা থাকবে?









$\frac{৪}{৫}$ ও $\frac{২}{৫}$ তে কয়টি $\frac{১}{৫}$ অংশ আছে?



$\frac{৪}{৫}$ এ ৪ টি ও $\frac{২}{৫}$ এ ২টি $\frac{১}{৫}$ অংশ আছে।

$\frac{৪}{৫} - \frac{২}{৫} = \frac{\square}{\square} = \frac{\square}{\square}$ মিটার

১ কীভাবে বিয়োগ করা হয়েছে? $১ - \frac{৩}{৪} = \frac{১}{৪}$

আমরা লিখতে পারি $১ = \frac{৪}{৪}$




আমরা পাই, $\frac{৪}{৪} - \frac{৩}{৪} = \frac{১}{৪}$

সমহরবিশিষ্ট ভগ্নাংশের বিয়োগের ক্ষেত্রে, বিয়োগফলের হর হলো ভগ্নাংশ দুইটির সাধারণ হর এবং বিয়োজনের লব থেকে বিয়োজ্যের লব বিয়োগ করে বিয়োগফলের লব পাওয়া যায়।

২০২৫

**২** কীভাবে বিয়োগ করা হয়েছে? $\frac{৭}{৮} - \frac{২}{৮}$



$$\frac{৭}{৮} - \frac{২}{৮} = \frac{\square}{\square}$$

**১** বিয়োগ করি

(১) $১ - \frac{১}{২}$  (২) $\frac{২}{৩} - \frac{১}{৩}$  (৩) $\frac{৩}{৪} - \frac{১}{৪}$  (৪) $১ - \frac{১}{৫}$

(৫) $\frac{৪}{৫} - \frac{২}{৫}$  (৬) $\frac{৫}{৬} - \frac{৩}{৬}$  (৭) $\frac{৪}{৭} - \frac{৩}{৭}$  (৮) $১ - \frac{৩}{৮}$

(৯) $\frac{৭}{৯} - \frac{২}{৯}$  (১০) $\frac{৭}{৮} - \frac{৩}{৮}$  (১১) $১ - \frac{৪}{৯}$  (১২) $\frac{৮}{৯} - \frac{২}{৯}$

**৩** সিফাত একটি বাগানের $\frac{৫}{৯}$ অংশে ফুলের চারা লাগিয়েছে। মনিও $\frac{৪}{৯}$ অংশে ফুলের চারা লাগিয়েছে। কে বেশি অংশে ফুলের চারা লাগিয়েছে? কত অংশ বেশি লাগিয়েছে?

ভগ্নাংশ দুইটির হর একই। তাই লব তুলনা করে পাই, সিফাত বেশি অংশে ফুলের চারা লাগিয়েছে।

গাণিতিক বাক্য $\frac{\square}{\square} - \frac{\square}{\square} = \frac{\square - \square}{\square} = \frac{\square}{\square}$

সিফাত $\frac{\square}{\square}$ বেশি অংশে ফুলের চারা লাগিয়েছে।


**২** রিয়ার $\frac{৪}{৫}$ লিটার জুস আছে এবং হিয়ার $\frac{৩}{৫}$ লিটার জুস আছে। হিয়ার থেকে রিয়ার কত লিটার জুস বেশি আছে?

**৩** রনি একটি কেক-এর $\frac{৩}{৭}$ অংশ এবং মনি $\frac{৫}{৭}$ অংশ খায়। রনি অপেক্ষা মনি কত অংশ বেশি খায়?

**৪** ১ মিটার ফিতার $\frac{৬}{১১}$ অংশ নিধি এবং $\frac{৫}{১১}$ অংশ কেয়া নিল। কে বেশি ফিতা নিল এবং কত অংশ বেশি নিল?

## নিজে করি

**১** সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিই



(১) পাশের কোনটি চিত্রের খালি অংশ নির্দেশ করে?

ক) $\frac{২}{৮}$ খ) $\frac{৫}{৮}$ গ) $\frac{৬}{৮}$ ঘ) $\frac{৭}{৮}$

(২) নিচের কোনটি সঠিক?

ক) $\frac{৫}{৯} > \frac{২}{৯}$ খ) $\frac{৫}{৯} < \frac{২}{৯}$ গ) $\frac{২}{৯} > \frac{৪}{৯}$ ঘ) $\frac{৫}{৯} = \frac{২}{৯}$

(৩) $\frac{৮}{৯}$ □ $\frac{৩}{৯} = \frac{৫}{৯}$, খালিঘরে নিচের কোন প্রতীক বসবে?

ক) + খ) − গ) × ঘ) ÷

(৪) রিয়া একটি কেকের $\frac{১}{৪}$ অংশ খেলো। রাইসা কেকটির কত অংশ খেলে রিয়ার সমতুল হবে?

ক) $\frac{২}{৪}$ অংশ খ) $\frac{২}{৬}$ অংশ গ) $\frac{২}{৮}$ অংশ ঘ) $\frac{২}{১০}$ অংশ

(৫) নিচের কোনটির ভগ্নাংশগুলো $\frac{৩}{৪}$ এর সমতুল?

ক) $\frac{৩}{৮}, \frac{৬}{১২}, \frac{৯}{১৬}$ খ) $\frac{৬}{৮}, \frac{৯}{১২}, \frac{১২}{১৬}$ গ) $\frac{৬}{৮}, \frac{৮}{১২}, \frac{১২}{১৬}$ ঘ) $\frac{৬}{৮}, \frac{৯}{১২}, \frac{১৫}{১৬}$

(৬) নিচের কোন ভগ্নাংশটি ১ এর সমান?

ক) $\frac{৪}{৬}$ খ) $\frac{৩}{৫}$ গ) $\frac{৩}{৪}$ ঘ) $\frac{৩}{৩}$

(৭) বিদ্যালয় থেকে রাশেদের বাড়ি $\frac{৩}{৮}$ কিলোমিটার পশ্চিমে এবং এবং মিলির বাড়ি $\frac{২}{৮}$ কিলোমিটার পূর্বে অবস্থিত। রাশেদের বাড়ি থেকে মিলির বাড়ির দূরত্ব কত?



ক) $\frac{১}{৮}$ কিমি খ) $\frac{২}{৮}$ কিমি গ) $\frac{৩}{৮}$ কিমি ঘ) $\frac{৫}{৮}$ কিমি

(৮) রাসেল $\frac{৪}{৫}$ লিটার পানি পান করল এবং রিয়া $\frac{৩}{৫}$ লিটার পানি পান করল। রিয়া অপেক্ষা রাসেল কত লিটার পানি বেশি পান করল?

ক) $\frac{৪}{৫}$ লিটার খ) $\frac{৩}{৫}$ লিটার গ) $\frac{২}{৫}$ লিটার ঘ) $\frac{১}{৫}$ লিটার

২০২৫

২ দাগ টেনে মিল করি


| | | |
|---|---|---|
|  | | $\frac{৬}{৫}$ |
|  দুইটি একত্রে | | সমতুল ভগ্নাংশ |
|  | | ১ |
|  | | $\frac{৩}{৫}$ |

৩ নিচে কিছু ভগ্নাংশের লব ও হর দেওয়া হলো। ভগ্নাংশগুলো লিখি।

(১) লব ৭ হর ১৩
(২) হর ১১ লব ৭
(৩) লব ৯ হর ১৭
(৪) হর ১২ লব ৫

৪ চিত্র দেখি ও দাগ টেনে মিল করি

$\frac{৩}{৪}$ $\frac{১}{৫}$ $\frac{২}{৩}$ $\frac{১}{৬}$ $\frac{৩}{৫}$



তিন ভাগের দুই ভাগ
পাঁচ ভাগের তিন ভাগ
ছয় ভাগের এক ভাগ
পাঁচ ভাগের এক ভাগ
চার ভাগের তিন ভাগ

৫ নিচের ভগ্নাংশগুলোর জন্য ৩টি করে সমতুল ভগ্নাংশ লিখি।

| ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ | সমতুল ভগ্নাংশ |
|---|---|---|---|
| $\frac{১}{২}$ | | | |
| $\frac{৩}{৪}$ | | | |
| $\frac{২}{৩}$ | | | |
| $\frac{৫}{৬}$ | | | |

৬ নিচের ভগ্নাংশের জোড়াগুলো সমতুল বা সমতুল নয়, পরীক্ষা করি এবং খালিঘরে সমতুল বা সমতুল নয় লিখি।

| | | | |
|---|---|---|---|
| $\frac{২}{৫}, \frac{৩}{১০}$ | | $\frac{১}{৪}, \frac{৪}{১৬}$ | |
| $\frac{২}{৭}, \frac{৬}{২১}$ | | $\frac{৩}{৮}, \frac{৬}{২৪}$ | |
| $\frac{৩}{৮}, \frac{৫}{১২}$ | | $\frac{১}{৭}, \frac{৩}{২১}$ | |

৭ যোগ করি

(১) $\frac{১}{৩} + \frac{২}{৩}$ (২) $\frac{৩}{৪} + \frac{১}{৪}$ (৩) $\frac{৩}{৫} + \frac{১}{৫}$ (৪) $\frac{১}{৪} + \frac{১}{৪}$

(৫) $\frac{৩}{৫} + \frac{২}{৫}$ (৬) $\frac{১}{৬} + \frac{৫}{৬}$ (৭) $\frac{৫}{৭} + \frac{১}{৭}$ (৮) $\frac{২}{৮} + \frac{৫}{৮}$

(৯) $\frac{৪}{৭} + \frac{৩}{৭}$ (১০) $\frac{১}{৯} + \frac{৫}{৯}$ (১১) $\frac{৫}{৮} + \frac{৩}{৮}$ (১২) $\frac{৭}{৯} + \frac{১}{৯}$

৮ বিয়োগ করি

(১) $১ - \frac{১}{৩}$ (২) $\frac{৫}{৬} - \frac{১}{৬}$ (৩) $\frac{৩}{৫} - \frac{১}{৫}$ (৪) $১ - \frac{১}{৭}$

(৫) $\frac{৩}{৬} - \frac{২}{৬}$ (৬) $\frac{৫}{৭} - \frac{৩}{৭}$ (৭) $\frac{৫}{৮} - \frac{২}{৮}$ (৮) $১ - \frac{৫}{৮}$

(৯) $\frac{৮}{৯} - \frac{৩}{৯}$ (১০) $\frac{৭}{৮} - \frac{১}{৮}$ (১১) $১ - \frac{৭}{৯}$ (১২) $\frac{৭}{৯} - \frac{২}{৯}$

৯ মনির বাড়ি বিদ্যালয় থেকে $\frac{৭}{১০}$ কিলোমিটার উত্তরে এবং ফাহিমের বাড়ি $\frac{৩}{১০}$ কিলোমিটার দক্ষিণে অবস্থিত। মনির বাড়ি থেকে ফাহিমের বাড়ির দূরত্ব কত?

১০ বিদ্যালয় থেকে সামির বাড়ির দূরত্ব $\frac{৫}{৭}$ কিলোমিটার এবং মিনার বাড়ির দূরত্ব $\frac{৩}{৭}$ কিলোমিটার। বিদ্যালয় থেকে কার বাড়ির দূরত্ব বেশি এবং কত কিলোমিটার বেশি?

১১ একটি কেক-এর $\frac{৪}{৭}$ অংশ রেজাকে এবং $\frac{৩}{৭}$ অংশ রনিকে দেওয়া হলো। রেজাকে রনি অপেক্ষা কত অংশ কেক বেশি দেওয়া হলো?

# বাংলাদেশি মুদ্রা

নিচের ছবিগুলো কীসের?






আমার ধারণা নিই এগুলো কীসের ছবি। তবে দ্বিতীয় শ্রেণির বইয়ের ধাতব মুদ্রার মতো দেখতে।

আমার মনে হয় এগুলো পয়সার ছবি। আমি শুনেছি পয়সা দিয়ে আগে জিনিসপত্র কেনা যেত।



১ নিচের ছবিতে কী কী পয়সা আছে খুঁজে বের করি।

ধাতব মুদ্রার সঙ্গে নোটের মিল

| ধাতব মুদ্রা | | কাগজের নোট |
|---|---|---|
|  | ১ টাকা |  |
|  | ২ টাকা |  |
|  | ৫ টাকা |  |



১০৭



পয়সা ও টাকার সম্পর্ক কী?

চলো, তাদের সম্পর্ক দেখি।






৫০ পয়সা + ৫০ পয়সা = ১ টাকা




১০০ পয়সা ও ১ টাকা সমমূল্যের। টাকা ও পয়সা কীভাবে পড়তে ও অঙ্কে লিখতে হয় তুমি কি জানো?

হ্যাঁ জানি, যেমন  ও  একসাথে থাকলে বিশ টাকা পঞ্চাশ পয়সা পড়তে হয় এবং ২০ টাকা ৫০ পয়সা লিখতে হয়।



চলো, আমরা নিচের টাকা পয়সা চিনে পড়ি এবং অঙ্কে লিখি।





এখানে, ১০০ টাকা + ৫০ টাকা + ৫ টাকা = ১৫৫ টাকা এবং ৫ পয়সা + ১০ পয়সা = ১৫ পয়সা। সুতরাং, আমরা লিখব ১৫৫ টাকা ১৫ পয়সা।




৫০০ টাকা + ২০ টাকা = ৫২০ টাকা

৫০ পয়সা + ৫০ পয়সা + ২৫ পয়সা = ১২৫ পয়সা

আমরা শিখেছি, ১০০ পয়সা = ১ টাকা, তাহলে ১২৫ পয়সা = ১ টাকা ২৫ পয়সা

আমরা লিখব (৫২০+১) টাকা ২৫ পয়সা, হিসাবটি লিখব ৫২১ টাকা ২৫ পয়সা

## ২ ছবি দেখে অঙ্কে লিখি

| ছবি | অঙ্কে |
|---|---|
|  | ৫০০ টাকা ৭৫ পয়সা |
|  | |
|  | |
|  | |

## ৩ পড়ি এবং অঙ্কে লিখি


| কথায় | অঙ্কে |
|---|---|
| ক) বারো টাকা পঁয়তাল্লিশ পয়সা | ১২ টাকা ৪৫ পয়সা |
| খ) পাঁচ শত টাকা বাষট্টি পয়সা | |
| গ) সাত শত পঁচিশ টাকা পঁচাত্তর পয়সা | |
| ঘ) এক হাজার দুই শত টাকা পঞ্চাশ পয়সা | |
| ঙ) নয় শত পঞ্চান্ন টাকা ত্রিশ পয়সা | |
| চ) তিন হাজার আট শত পঁচিশ টাকা বত্রিশ পয়সা | |




যদি ১০ টাকার ২টি নোট এবং ৫০০ টাকার ২টি নোট থাকে, তবে টাকার পরিমাণ কত?



সংখ্যার হিসাব যেভাবে করেছি, এখানেও সেভাবে করা যায়।



১০ টাকার ২টি নোট ও ২০ টাকা সমমূল্যের



৫০০ টাকার ২টি নোট ও ১০০০ টাকা সমমূল্যের

টাকার পরিমাণ হবে ১০০০ + ২০ = ১০২০ টাকা

**১** মুদ্রা বিনিময় করি









## ২ সমাধান করি

| | |
|---|---|
| (১) ৫ টাকার ২০টি নোট = ______ টাকা | (৭) ১০০ টাকার ৫টি নোট = ______ টাকা |
| (২) ৫০ টাকার ৪টি নোট = ______ টাকা | (৮) ৫০০ টাকার ২টি নোট = ______ টাকা |
| (৩) ২০ টাকার ১০টি নোট = ______ টাকা | (৯) ১০ টাকার ______ টি নোট = ২০০ টাকা |
| (৪) ১০ টাকার ৫টি নোট = ______ টাকা | (১০) ১০০ টাকার ______ টি নোট = ১০০০ টাকা |
| (৫) ১ টাকার ১০০টি নোট = ______ টাকা | (১১) ৫ টাকার ______ টি নোট = ১০০ টাকা |
| (৬) ২ টাকার ৫০টি নোট = ______ টাকা | (১২) ২০ টাকার ______ টি নোট = ২০০ টাকা |

## ১ হিসাব করি




ও




একত্রে ______



আমরা যোগের মতো হিসাব করব।

১০ + ৫ + ৫ + ২৫ + ২৫ = ৭০

(১০, ১০, ৫০)

মোট ৭০ পয়সা




ও




ও




একত্রে ______

১০ + ২৫ + ২৫ + ৫০ = ১১০

১০০ পয়সা = ১ টাকা
উত্তর কী হবে?



মোট ১ টাকা ১০ পয়সা

বক্সে টাকার পরিমাণ, নোট ও মুদ্রায় গোল দাগ দিয়ে হিসাব করি।
একটি করে দেখানো হয়েছে।










**১** হিসাব করি

(১) ৫ পয়সা + ৫ পয়সা + ১০ পয়সা + ২৫ পয়সা + ৩ টাকা = ☐

(২) ১ পয়সা + ১০ পয়সা + ৫০ পয়সা + ২ টাকা + ৫ টাকা = ☐

(৩) ২০ টাকা + ২৫ পয়সা + ৫০ পয়সা + ৩০ টাকা = ☐

(৪) ৫ পয়সা + ২৫ পয়সা + ১০ টাকা + ২ টাকা + ১০ পয়সা = ☐

২০২৫

১ বকুল ৬৫ টাকা ৭৫ পয়সা দিয়ে একটি বই কিনল। ২০ টাকা, ১০ টাকা, ৫ টাকা ও ২ টাকা এবং ৫ পয়সা, ১০ পয়সা ও ২৫ পয়সা ব্যবহার করে কতভাবে মূল্য পরিশোধ করতে পারবে?



২ টাকা ৫টি, ৫ টাকা ১টি, ১০ টাকা ১টি, ২০ টাকা ২টি এবং ২৫ পয়সা ৩টি দিয়ে মূল্য পরিশোধ করতে পারবে।

অন্যভাবেও মূল্য পরিশোধ করা যায়।



| মূল্য | টাকা | | | | পয়সা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২ টাকা | ৫ টাকা | ১০ টাকা | ২০ টাকা | ৫ পয়সা | ১০ পয়সা | ২৫ পয়সা |
| ৬৫ টাকা ৭৫ পয়সা | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

২ যোগ করি

১৫০ টাকা ৬৫ পয়সা + ৬৭ টাকা ৮৩ পয়সা

```
  ১৫০ টাকা ৬৫ পয়সা
+  ৬৭ টাকা ৮৩ পয়সা
-------------------
মোট ২১৮ টাকা ৪৮ পয়সা
```

মোট ২১৮ টাকা ৪৮ পয়সা

১৪৮ পয়সা = ১ টাকা ৪৮ পয়সা
কাজেই আমরা ২১৭ টাকার সঙ্গে
১ টাকা যোগ করব।



২ যোগ করি

(১) ৩৫ টাকা ৫৫ পয়সা + ২৮ টাকা ৩৪ পয়সা
(২) ৭৭ টাকা ৪৯ পয়সা + ৪২ টাকা ৮৫ পয়সা
(৩) ২৫৯ টাকা ৭৫ পয়সা + ১৩৭ টাকা ৬৫ পয়সা
(৪) ২১৫৫ টাকা ৩৫ পয়সা + ৭৮৫ টাকা ৯০ পয়সা
(৫) ৪৭৪০ টাকা ৫৫ পয়সা + ৩৮৯ টাকা ৬৫ পয়সা

**৩** রাফির কাছে ২২৫ টাকা ২৫ পয়সা আছে। সে ১০৫ টাকা ৭৫ পয়সা দামের একটি বল কিনল। তার কাছে কত টাকা অবশিষ্ট থাকল?

```
  ২২৫ টাকা ২৫ পয়সা
– ১০৫ টাকা ৭৫ পয়সা
―――――――――――――――――
  .... টাকা ..... পয়সা
```

এক্ষেত্রে আমরা ২৫ থেকে ৭৫ বিয়োগ করতে পারি না। তাহলে কীভাবে হিসাব করব?





বিয়োগের মতো ১ টাকাকে পয়সাতে আনব। আমরা জানি, ১ টাকা হচ্ছে ১০০ পয়সা সমমূল্যের।

**পয়সা** যদি ১ টাকাকে পয়সায় নেওয়া যায়, তবে হিসাব হবে ১২৫ – ৭৫ = ৫০

**টাকা** ১ টাকা পয়সায় নেওয়া হয়েছে। সুতরাং হিসাব হবে ২২৫ – ১ = ২২৪ → ২২৪ – ১০৫ = ১১৯

ফেরত পাবে ১১৯ টাকা ৫০ পয়সা

**৩** বিয়োগ করি

(১) ৯৫ টাকা ৬০ পয়সা – ৪২ টাকা ২০ পয়সা

(২) ৩৬০ টাকা ৮০ পয়সা – ২১৫ টাকা ৩৫ পয়সা

(৩) ৭৫৫ টাকা ৪৫ পয়সা – ৩৪৫ টাকা ২০ পয়সা

(৪) ৪৭৫ টাকা ১৫ পয়সা – ৯৯ টাকা ৭৫ পয়সা

(৫) ৮০ টাকা – ৩৭ টাকা ৫০ পয়সা

(৬) ৮২৪ টাকা ৪৫ পয়সা – ৩০৭ টাকা ৭৫ পয়সা

(৭) ৯০০ টাকা – ২৭৯ টাকা ৫৫ পয়সা

২০২৫

৪ নিজের ইচ্ছেমতো জিনিস কিনি।


৮৫০ টাকা



৩২৫ টাকা ৫০ পয়সা


১৭৯ টাকা


১১০ টাকা


২৫০ টাকা


৪৩০ টাকা ৫০ পয়সা


১৪৫ টাকা


৪৬০ টাকা


২৫০ টাকা


৬৫ টাকা ৫০ পয়সা



৫২৫ টাকা


৪৯৫ টাকা ৫০ পয়সা

রং পেনসিল ও স্কুলব্যাগ কিনলে খরচ হবে → ☐ টাকা ☐ পয়সা
+ ☐ টাকা ☐ পয়সা
☐ টাকা ☐ পয়সা

☐ ও ঘড়ি কিনলে খরচ হবে → ☐ টাকা ☐ পয়সা
+ ☐ টাকা ☐ পয়সা
☐ টাকা ☐ পয়সা

☐ ও ☐ কিনলে খরচ হবে → ☐ টাকা ☐ পয়সা
+ ☐ টাকা ☐ পয়সা
☐ টাকা ☐ পয়সা


ফুটবল ও ব্যাটের মধ্যে কোনটির দাম বেশি? → ☐ টাকা ☐ পয়সা
কত বেশি?
− ☐ টাকা ☐ পয়সা
☐ টাকা ☐ পয়সা

## নিজে করি

১ বক্সে মোট কত টাকা ও পয়সা আছে?



= ☐



= ☐

২ নিচের হিসাবগুলো করি

ক) ৪৫ টাকা ৭৫ পয়সা + ৩৫ টাকা ৮০ পয়সা = ☐

খ) ৩৭ টাকা ২০ পয়সা – ২১ টাকা ৭০ পয়সা = ☐

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ) | ৬৯ টাকা | ৩৫ পয়সা | ঘ) | ৮৯ টাকা | ৪২ পয়সা |
| | + ৩৭ টাকা | ৭৭ পয়সা | | + ৪৫ টাকা | ৮৯ পয়সা |
| | ........ টাকা | ........ পয়সা | | ........ টাকা | ........ পয়সা |
| ঙ) | ৭৮ টাকা | ৫০ পয়সা | চ) | ২০০ টাকা | ২০ পয়সা |
| | – ৪২ টাকা | ৭৫ পয়সা | | – ১০ টাকা | ৪০ পয়সা |
| | ........ টাকা | ........ পয়সা | | ........ টাকা | ........ পয়সা |

৩ উষার ৬৫ টাকা ৭৫ পয়সা ছিল। তার মা তাকে খাতা কেনার জন্য ৮২ টাকা ৭৫ পয়সা দিলেন। এখন উষার কত টাকা হলো?

৪ জুবায়ের ৭৮ টাকা ২৫ পয়সা দিয়ে একটি খেলনা কিনল। সে দোকানদারকে ১০০ টাকা দিলে দোকানদার তাকে কত টাকা ফেরত দেবে?

২০২৫

৫ দুইটি খাতার দাম ৮০ টাকা এবং একটি কলমের দাম ২৫ টাকা ৭৫ পয়সা। আরিশা দোকানদারকে এই জিনিসগুলো কেনার জন্য ২০০ টাকার একটি নোট দিলো। দোকানদার আরিশাকে কত টাকা ফেরত দেবেন?

৬ শিমুল ৮৫ টাকা ৭৫ পয়সার চাল এবং ৪৫ টাকা ৫৫ পয়সার সবজি কেনে। সে মোট কত টাকা খরচ করে?

৭ মিতুর ১৩৫ টাকা ২৫ পয়সা ছিল। তার বাবা তাকে ৬৫ টাকা ৭৫ পয়সা দিলেন। তার কত টাকা হলো?

৮ তামান্না ৩৫ টাকা ৭৫ পয়সা দিয়ে একটি বিস্কুটের প্যাকেট কিনল। সে দোকানদারকে ৫০ টাকার নোট দিলো। দোকানদার তামান্নাকে কত টাকা ফেরত দিল?

৯ লিলি ৩০০ টাকা নিয়ে দোকানে গেল। সে ১২০ টাকা ৯৫ পয়সা দিয়ে একজোড়া জুতা কিনল। তার কাছে কত টাকা রইল?

১০ ডেভিডের ৫৪২ টাকা ৭৮ পয়সা আছে। তার মামা তাকে আরও ৩০০ টাকা ৫৫ পয়সা দিলো। এখন ডেভিডের মোট কত টাকা হলো?

১১ ১২৮ টাকা ৫০ পয়সা – ৭৭ টাকা ২৫ পয়সা = ........টাকা ........ পয়সা গাণিতিক বাক্যটি দিয়ে একটি গল্প তৈরি করি।

১২ রিয়া ১০০ টাকা নিয়ে দোকানে গেল। সে ৬৯ টাকা ৭৫ পয়সা দিয়ে একটি বই কিনল। তার কাছে কত টাকা রইল?

১৩ রতন ৪৫ টাকা ৫০ পয়সা দিয়ে একটি চানাচুরের প্যাকেট কিনল। সে দোকানদারকে ১০০ টাকার নোট দিলো। দোকানদার রতনকে কত টাকা ফেরত দিলো?

**প্রকল্প:** গত বছর তৃতীয় শ্রেণির শিক্ষার্থীরা টিফিনের টাকা থেকে কিছু টাকা মাটির ব্যাংকে জমিয়ে তা দিয়ে বিদ্যালয়ের উন্নয়নে খরচ করেছিল। তোমরাও মাটির ব্যাংকে টাকা জমিয়ে তা একত্র করে শিক্ষকের সহায়তায় ভালো কোনো কাজে ব্যয় করতে পারো।




# পরিমাপ

## দৈর্ঘ্য

প্রায় একই সমান লম্বা দুইটি পেনসিলের দৈর্ঘ্যের পার্থক্য কীভাবে পরিমাপ করব?




আমার পেনসিলের দৈর্ঘ্য আর তোমার পেনসিলের দৈর্ঘ্য প্রায় একই মনে হচ্ছে। এগুলোর দৈর্ঘ্যের পার্থক্য খুবই কম। আমরা দ্বিতীয় শ্রেণিতে শিখেছি, কোনো ছোটো বস্তুর দৈর্ঘ্য পরিমাপের জন্য সেন্টিমিটার একক ব্যবহার করা হয়, কিন্তু এই পেনসিল দুটির দৈর্ঘ্যের পার্থক্য ১ সেন্টিমিটারেরও কম মনে হচ্ছে।







সেন্টিমিটার থেকে ছোটো কোনো একক আছে কি?

১ সেন্টিমিটার থেকে ছোটো দৈর্ঘ্য পরিমাপের জন্য **মিলিমিটার (মিমি)** একক ব্যবহার করা হয়। সেন্টিমিটার স্কেলের সাহায্যে এ দৈর্ঘ্য পরিমাপ করা যায়।




১ মিলিমিটার বা ১ মিমি






ওহ! আমার পেনসিল তোমার পেনসিল থেকে ৩ মিমি বড়ো।

২০২৫

**১** বই, খাতা, জ্যামিতি বক্স, টিফিন বক্স ইত্যাদির দৈর্ঘ্য মিলিমিটার পর্যন্ত অনুমান করি। একটি স্কেল ব্যবহার করে সেগুলোর দৈর্ঘ্য মিলিমিটার পর্যন্ত পরিমাপ করে নিচের ছকটি পূরণ করি। আনুমানিক দৈর্ঘ্য কতটা সঠিক তা যাচাই করি।

| বস্তু | আনুমানিক দৈর্ঘ্য | প্রকৃত দৈর্ঘ্য |
|---|---|---|
| বই | | |
| খাতা | | |
| | | |
| | | |

**দৈর্ঘ্যের একক**

১ মিটার = ১০০ সেন্টিমিটার
১ সেন্টিমিটার = ১০ মিলিমিটার



গ্রামের বাড়ি যাওয়ার সময় আমি এই এককগুলোর বাইরে অন্য এককের নাম শুনেছি। কিন্তু আমি এটির নাম মনে করতে পারছি না।

এটি কিলোমিটার (কিমি)। আমরা বড়ো দৈর্ঘ্য (যেমন, দূরত্ব) পরিমাপের জন্য এই একক ব্যবহার করি।



১ কিলোমিটার (কিমি) = ১০০০ মিটার (মি)

**দৈর্ঘ্যের একক**

১ কিলোমিটার (কিমি) = ১০০০ মিটার (মি)
১ মিটার (মি) = ১০০ সেন্টিমিটার (সেমি)
১ সেন্টিমিটার (সেমি) = ১০ মিলিমিটার (মিমি)

২ ঈদের ছুটিতে নিপার নানাবাড়ি ভ্রমণের যাত্রাপথের গল্পটি চিত্রে দেখানো হলো। চলো, নিচের প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করি।




(১) নিপার বাড়ি এবং উদ্যানটির মধ্যবর্তী দূরত্ব ৭ কিলোমিটারকে মিটারে প্রকাশ করলে কত হবে?



আমরা জানি, ১ কিলোমিটার = ১০০০ মিটার

৭ কিলোমিটার = ১০০০ × ৭ মিটার
= ৭০০০ মিটার

৭ কিমি = ৭০০০ মিটার

(২) উদ্যান এবং পোস্ট অফিস এর মধ্যবর্তী দূরত্বকে মিটারে প্রকাশ করলে কত হবে?

(৩) নিপার বাড়ি থেকে নানাবাড়ির দূরত্ব কত হবে?

৩ রিমাদের শ্রেণিকক্ষের দৈর্ঘ্য ১৬ মিটার। শ্রেণিকক্ষের দৈর্ঘ্যকে সেন্টিমিটার ও মিলিমিটারে প্রকাশ করি।



আমরা জানি, ১ মিটার = ১০০ সেন্টিমিটার

১৬ মিটার = ১০০ × ১৬ সেন্টিমিটার
= ১৬০০ সেন্টিমিটার

দৈর্ঘ্য ১৬০০ সেন্টিমিটার



১ সেন্টিমিটার = ১০ মিলিমিটার

১৬০০ সেন্টিমিটার = ১৬০০ × ১০ মিলিমিটার
= ১৬০০০ মিলিমিটার

দৈর্ঘ্য ১৬০০০ মিলিমিটার

**১** বিভিন্ন দলে ভাগ হয়ে শ্রেণিকক্ষের ভিন্ন ভিন্ন দেয়ালের দৈর্ঘ্য ফিতার সাহায্যে পরিমাপ করি। এক দলের ফলাফল অন্য দল যাচাই করি। ফিতা ছাড়া অন্য আর কী কী উপায়ে পরিমাপ করা যায়? দলীয় আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নিই।

**২** নিচের খালিঘর পূরণ করি

(১) ২৪ সেন্টিমিটার = ☐ মিলিমিটার

(২) ৩৮ সেন্টিমিটার ৯ মিলিমিটার = ☐ মিলিমিটার

(৩) ৬ মিটার = ☐ সেন্টিমিটার

(৪) ৩ মিটার ২২ সেন্টিমিটার = ☐ সেন্টিমিটার

(৫) ২ কিলোমিটার ২৬ মিটার = ☐ মিটার

(৬) ১ কিলোমিটার = ☐ সেন্টিমিটার

**কিলোমিটার → মিটার → সেন্টিমিটার → মিলিমিটার**

**৩** ভুল বাক্যটি চিহ্নিত করি

(১) সেন্টিমিটারের সংক্ষিপ্ত রূপ সেমি।


(২) দৈর্ঘ্য পরিমাপ করে দুইটি বস্তু (ছোটো, বড়ো) তুলনা করা সম্ভব।

(৩) ছোটো বস্তুর দৈর্ঘ্য পরিমাপ করার জন্য কিলোমিটার একক ব্যবহার করা হয়।

**৪** দাগ টেনে সঠিক এককের সঙ্গে মিল করি

| | |
|---|---|
| ঢাকা থেকে খুলনার দূরত্ব | সেন্টিমিটার |
| একটি খাতার দৈর্ঘ্য | মিটার |
| খেলার মাঠের দৈর্ঘ্য | কিলোমিটার |

তরমুজের মতো ভারী জিনিস কীভাবে ওজন করব?






ফলটি খুব বড়ো ও ভারী। এটিকে কীভাবে আমরা ওজন করব?

আমরা ওজন পরিমাপক যন্ত্র ব্যবহার করতে পারি। ২য় শ্রেণিতে আমরা শিখেছি বস্তুর ওজন পরিমাপ করতে দাঁড়িপাল্লা বা ডিজিটাল মাপনী ব্যবহার করা হয়।





অ্যানালগ মাপনী




ডিজিটাল মাপনী

আমরা যখন ভারী কোনো জিনিস ওজন করব, তখন কিলোগ্রাম ব্যবহার করব। ১ কিলোগ্রাম ১০০০ গ্রামের সমতুল্য।

**ওজনের একক**

১ কিলোগ্রাম (কেজি) = ১০০০ গ্রাম

১ চলো, ১ কেজি পরিমাণ বালি একটি ব্যাগে ভরি এবং এর ওজন কেমন হয় তা বুঝার চেষ্টা করি।



আমার মনে হচ্ছে এখানে ১ কেজি বালি ভরা হয়ে গিয়েছে।



আমরা মাপনী দিয়ে এর ওজন মেপে দেখি।



২০২৫

২ ক্লে/কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিসের আকৃতি তৈরি করি (যেমন: বল, ইট, গাড়ি, বোতল ইত্যাদি) এবং ওজন অনুমান করি ও মেপে দেখি।




বাহ! সবগুলোর ওজনই সমান।

বস্তুর আকার পরিবর্তন হলেও ওজন একই থাকে।




৩ চিত্র দেখে ফলগুলোর ওজন নিচের খালিঘরে লিখি। কোন ফলগুলোর ওজন সবচেয়ে বেশি, তা বলি।




ওজন পরিমাপের জন্য আমরা বিভিন্ন রকমের বাটখারা ব্যবহার করি।

## আদর্শ বাটখারা



**৪** ৬৫০ গ্রাম ওজনের কোনো জিনিস আদর্শ বাটখারা দিয়ে ওজন করার জন্য কোন বাটখারা ব্যবহার করব, তা বের করি।





আমি ৬৫০ গ্রামের কাছাকাছি সবচেয়ে ভারী বাটখারা ৫০০ গ্রাম থেকে শুরু করেছি।



আমি এভাবে ওজন করেছি।



**৫** চিন্তা করি আদর্শ বাটখারা দিয়ে কীভাবে ৩ কিলোগ্রাম ২২০ গ্রাম ওজন করা যায়।



১ কিলোগ্রাম × ৩
২০০ গ্রাম × ১
২০ গ্রাম × ১

১ কিলোগ্রাম × ৩
১০০ গ্রাম × ২
১০ গ্রাম × ২



আরো কতভাবে করা যায় চিন্তা করি।



**১** ৫ কিলোগ্রাম ৪৫ গ্রাম ওজনের কোনো জিনিস পরিমাপ করতে কী কী আদর্শ বাটখারা ব্যবহার করা যায়?

৬ ৮ কিলোগ্রাম ৪৪৭ গ্রামকে গ্রাম-এ প্রকাশ করি।




৮ কিলোগ্রাম ৪৪৭ গ্রাম = ১০০০ × ৮ গ্রাম + ৪৪৭ গ্রাম

= ৮০০০ গ্রাম + ৪৪৭ গ্রাম

= ৮৪৪৭ গ্রাম

৮ কিলোগ্রাম ৪৪৭ গ্রাম = ৮৪৪৭ গ্রাম

২ খালিঘরে কোন সংখ্যা বসবে তা বলি ও লিখি

(১) ৬ কিলোগ্রাম = ☐ গ্রাম

(২) ৭ কিলোগ্রাম ৩৩ গ্রাম = ☐ গ্রাম

(৩) ৪ কিলোগ্রাম ৬৭০ গ্রাম = ☐ গ্রাম

(৪) ২০০০ গ্রাম = ☐ কিলোগ্রাম

৩ ১টি ১ কিলোগ্রাম, ২টি ৫০০ গ্রাম, ৩টি ২০০ গ্রাম ও ৬টি ২০ গ্রাম বাটখারা দিয়ে কী কী ভিন্ন উপায়ে ১ কিলোগ্রাম ৬২০ গ্রাম ওজনের কোন বস্তুর ওজন করতে পারি?

৪ এক প্যাকেট লবণের ওজন ১ কিলোগ্রাম ৩০০ গ্রাম। এটি মাপতে কমপক্ষে কী কী বাটখারা লাগবে?

৫ বই, খাতা, ডিকশনারি, জ্যামিতি বক্স ইত্যাদির ওজন অনুমান করি এবং ওজন পরিমাপক যন্ত্র ব্যবহার করে সেগুলোর প্রকৃত ওজন পরিমাপ করে নিচের ছকটি পূরণ করি। অনুমান কতটা সঠিক তা যাচাই করি।

| বস্তু | আনুমানিক ওজন | প্রকৃত ওজন |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |

২০২৫



ঘণ্টা, মিনিট ও সেকেন্ডের মধ্যে সম্পর্ক কী?

আমরা দ্বিতীয় শ্রেণিতে শিখেছি, ঘড়িতে ৩ রকমের কাঁটা থাকে। সবচেয়ে ছোটো কাঁটা ঘণ্টা, মাঝারি কাঁটা মিনিট এবং সবচেয়ে বড় কাঁটা সেকেন্ড নির্দেশ করে। আর ডিজিটাল ঘড়িতে বাম পাশের সংখ্যা দুইটি ঘণ্টা এবং ডান পাশের সংখ্যা দুইটি মিনিট নির্দেশ করে।







**সময় একক**

সেকেন্ড, মিনিট, ঘণ্টা

**সময়ের এককের মধ্যে সম্পর্ক**

৬০ সেকেন্ড = ১ মিনিট
৬০ মিনিট = ১ ঘণ্টা

**১** চলো, কয়টা বাজে নির্ণয় করি।



- ১ থেকে ১২ পর্যন্ত সংখ্যা ঘণ্টা নির্দেশ করে।
- একটি ঘড়িতে এই রকম ছোটো ছোটো ৬০টি দাগ কাটা থাকে।
- ১ ঘণ্টা = ৬০ মিনিট, কাজেই একেকটি ঘর ১ মিনিট নির্দেশ করে।



পরপর একটি সংখ্যা থেকে আরেকটি সংখ্যার মাঝখানে ৫টি ঘর রয়েছে।

মিনিটের কাঁটা ৩৩ মিনিট নির্দেশ করে। কাজেই সময় হলো ২টা বেজে ৩৩ মিনিট বা ২:৩৩।



২০২৫

## ২ ঘড়ি দেখে সময় বসাই



সকাল [৮] টা বেজে [৩০] মিনিট
বা সকাল সাড়ে [৮] টা



দুপুর [২] টা বেজে [ ] মিনিট
বা দুপুর পৌনে [৩] টা



রাত [১০] টা বেজে [১৫] মিনিট
বা রাত সোয়া [১০] টা



সকাল [ ] টা বেজে [ ] মিনিট
বা দুপুর পৌনে [১] টা



বিকাল [ ] টা বেজে [ ] মিনিট
বা বিকাল সোয়া [ ] টা



দুপুর [ ] টা বেজে [ ] মিনিট
বা দুপুর সাড়ে [ ] টা

## ৩ খালিঘরে সময় লিখি

এখন সময় কত?



৩০ মিনিট পর সময় কত? ছবিতে আঁকো।



৪৫ মিনিট আগে সময় কত? ছবিতে আঁকো।



২০২৫

**৪** কয়টা বাজে বলি










**৫** সঠিক উত্তরটিতে টিক (✓) চিহ্ন দিই।

(১) ঘন্টার কাঁটা মিনিটের কাঁটার চেয়ে ছোটো / বড়ো

(২) মিনিটের কাঁটা ১ বার সম্পূর্ণ ঘুরলে ৩০ মিনিট/ ৬০ মিনিট

(৩) ঘন্টার কাঁটা ১ বার সম্পূর্ণ ঘুরলে ১ ঘন্টা / ১২ ঘন্টা

(৪) ১ দিনে ঘড়িতে ১২টা বাজে ১ বার/ ২ বার

(৫) ১ দিনে ঘন্টার কাঁটা ৫ এর ঘরে আসে সকালে/বিকালে/সকালে-বিকালে

(৬) ১ দিনে ঘন্টার কাঁটা ১ বার / ২ বার / ৩ বার সম্পূর্ণ ঘোরে

(৭) ১ দিনে মিনিটের কাঁটা ১০ বার / ১২ বার / ২৪ বার সম্পূর্ণ ঘোরে

(৮) ১ দিনে ১২ ঘন্টা / ২৪ ঘন্টা

(৯) ১ ঘন্টা ৩০ মিনিট / ৬০ মিনিট

**৬** চলো, ৫ মিনিটে কত সেকেন্ড হয়, তা বের করি।



আমরা জানি, ১ মিনিট = ৬০ সেকেন্ড

৫ মিনিট = ৬০ সেকেন্ড × ৫

৫ মিনিট= ☐ সেকেন্ড

**৭** দিপু বইমেলা যাবার উদ্দেশ্যে ৩:২০ এ রওনা দিয়ে ৩০ মিনিট পর বইমেলায় পৌঁছায়। দিপু কয়টায় বইমেলা পৌঁছবে তা বের করি।




৩:২০ → ৩০ মিনিট → ☐


২০২৫

**১** মিতার বাড়ি থেকে বিদ্যালয়ে যেতে ২০ মিনিট সময় লাগে। যদি মিতা ৮:২৫ এ বিদ্যালয়ে পৌঁছায়, তবে সে কোন সময়ে বাড়ি থেকে রওনা দিয়েছিল?






**৮** সামি তার চাচার বাড়ি বেড়াতে গিয়েছিল



বাড়ি ত্যাগ করে → চাচার বাড়ি পৌঁছায় → চাচার বাড়ি ত্যাগ করে → বাড়ি ফিরে আসে



সামি বাড়ি ত্যাগ করার কত সময় পর চাচার বাড়ি পৌঁছায়?

৯:০০ টায় বাড়ি ত্যাগ করে ১০:০০ টায় পৌঁছায়। কাজেই ১ ঘন্টা পর পৌঁছায়।



(১) সামি কয়টায় বাড়ি ফিরে আসে?

(২) সামি কতক্ষণ চাচার বাড়ি ছিল?

**২** পলি সকালে ২ ঘন্টা ২৫ মিনিট এবং রাতে ২ ঘন্টা ৪৫ মিনিট পড়ে। সে প্রতিদিন কত সময় পড়ে?

**৯** শিক্ষকের সহায়তায় অভিনয়ের মাধ্যমে সময়ের ব্যবহার সম্পর্কে সচেতনতা ও সঠিক ব্যবহারের গুরুত্ব তুলে ধরি।



এই কাজটি কীভাবে করা যেতে পারে?

আমরা দুইটি দলে ভাগ হয়ে যেতে পারি। একটি দল সময়ের ব্যবহার সম্পর্কে সচেতনতার আর অন্য দলটি সময়ের ব্যবহার সম্পর্কে অসচেতনতার অভিনয় করতে পারি। সময়ের সঠিক ব্যবহারের সুফল এবং অসচেতনতার কুফল তুলে ধরতে পারি।




**১০** সময়ের কাজ সময়ে করার (যেমন: ঘুম থেকে ওঠা, পড়তে বসা, খাবার খাওয়া, ঘুমাতে যাওয়া ইত্যাদি) দৈনিক রুটিন তৈরি করি। এটি আমাদের কেন প্রয়োজন তা আলোচনা করি।

## নিজে করি

১ সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিই

(১) একটি কলমের নিপ পরিমাপ করতে কোন এককটি ব্যবহার সুবিধাজনক?

ক) কিলোমিটার　　খ) মিটার　　গ) সেন্টিমিটার　　ঘ) মিলিমিটার

(২)  এর দৈর্ঘ্য পরিমাপ করতে সাধারণত কোন একক ব্যবহার করা হয়?

ক) মিটার　　খ) সেন্টিমিটার　　গ) মিলিমিটার　　ঘ) কিলোমিটার

(৩) স্কেল ব্যবহার না করে নিচের পেনসিলটির আনুমানিক দৈর্ঘ্য কত হবে?



ক. ৫ সেমি　　খ. ১৫ সেমি　　গ. ৫০ সেমি　　ঘ. ১ মি

(৪) নিচের কোনটি সঠিক?

ক) ১ কিলোগ্রাম = ১০ গ্রাম　　খ) ১ কিলোগ্রাম = ১০০ গ্রাম

গ) ১ কিলোগ্রাম = ১০০০ গ্রাম　　গ) ১ কিলোগ্রাম = ১০০০০ গ্রাম

(৫) ৩ কেজি ২২০ গ্রাম ওজন পরিমাপের জন্য নিচের কোন আদর্শ বাটখারাগুলো লাগবে?

ক) ১ কেজি + ২ কেজি + ২০০ গ্রা + ২০ গ্রা　　খ) ৩ কেজি + ২০০ গ্রা + ১০ গ্রা + ১০ গ্রা

গ) ২ কেজি + ১ কেজি + ২২০ গ্রা　　ঘ) ৩ কেজি + ২০০ গ্রা + ২০ গ্রা

(৬) যদি রিমার শ্রেণিকক্ষের দৈর্ঘ্য ২০ মিটার হয়, তাহলে শ্রেণিকক্ষের এক প্রান্ত থেকে আরেক প্রান্ত পর্যন্ত ২৫ সেন্টিমিটার দৈর্ঘ্যের একটি স্কেল কতবার রেখে শ্রেণিকক্ষের দৈর্ঘ্য পরিমাপ করা যাবে?

ক) ৪০ বার　　খ) ৮০ বার　　গ) ১৬০ বার　　ঘ) ৩২০ বার

২০২৫

(৭) ঘড়িতে ৬টা বাজতে আর কত মিনিট বাকি আছে?




ক. ৫ মিনিট　　খ. ২৫ মিনিট　　গ. ৩৫ মিনিট　　ঘ. ৫৫ মিনিট

(৮) নিপার বাড়ি থেকে তার দাদাবাড়ির দূরত্ব ৩ কিলোমিটার। যদি নিপা প্রতি ১০ মিনিটে ৫০০ মিটার হাঁটে তাহলে তার দাদাবাড়িতে পৌঁছাতে কত সময় লাগবে?

ক) ৩০ মিনিট　　খ) ৫০ মিনিট　　গ) ৬০ মিনিট　　ঘ) ৭০ মিনিট

(৯) দুপুর ১২:৩০টায় বৃষ্টি শুরু হয়েছিল এবং ২ ঘণ্টা ৪৫ মিনিট বৃষ্টি হয়েছিল। কখন বৃষ্টি থেমেছিল?

ক) ৩:১৫ টায়　　খ) ৩:৩০ টায়　　গ) ৪:৪৫ টায়　　ঘ) ৫:১৫ টায়

(১০) একদিনে একটি ঘরির মিনিটের কাঁটা সম্পূর্ণভাবে কতবার ঘোরে?

ক) ৬০　　খ) ১২০　　গ) ২৪০　　ঘ) ১৪৪০

**২** খালিঘর পূরণ করি

(১) ৪ সেন্টিমিটার = ☐ মিলিমিটার　　(২) ৫ কিলোগ্রাম = ☐ গ্রাম

(৩) ৯০০০ গ্রাম = ☐ কিলোগ্রাম　　(৪) ৩০০ সেন্টিমিটার = ☐ মিটার

**৩** মিটারে প্রকাশ করি

(১) ২ কিলোমিটার　　(২) ৫ কিলোমিটার ৩২০ মিটার

(৩) ৭ কিলোমিটার　　(৪) ৭ কিলোমিটার ৫৭০ মিটার

**৪** মিলিমিটারে প্রকাশ করি


(১) ৩ মিটার ১০ সেন্টিমিটার

(২) ১১ মিটার

(৩) ৪ মিটার ২৩ সেন্টিমিটার ৩ মিলিমিটার

৫ এক ব্যাগ আলুর ওজন ৩ কেজি ২০০ গ্রাম। এটি ওজন করতে কমপক্ষে কী কী বাটখারা লাগতে পারে?

৬ খালিঘরে সময় লিখি




৭ ১৩ মিনিট কত সেকেন্ডের সমান?

৮ মিজান প্রতিদিন সকালে ১ ঘণ্টা ৩০ মিনিট ও বিকালে ২ ঘণ্টা ১০ মিনিট হাঁটে। সে প্রতিদিন কত সময় হাঁটে?

৯ রফিক ১০:২০ এ বন্ধুর বাসায় গিয়েছিল এবং ১২:৫০ এ ফিরে এসেছিল। সে কতক্ষণ বাড়ির বাইরে ছিল?

১০ বিদ্যালয় থেকে বাড়ি যেতে কাব্যর ৩৫ মিনিট সময় লাগে। যদি সে ৪:৫৫ এ বাড়ি পৌঁছায়, তবে কোন সময় সে তার বিদ্যালয় ত্যাগ করে?

১১ সকাল ১১:০০ টায় বৃষ্টি শুরু হয়ে দুপুর ১২:৩০ টায় থেমেছিল। কতক্ষণ বৃষ্টি হয়েছিল?

২০২৫

# জ্যামিতি


## বিন্দু, রেখা ও তল

বিন্দু, রেখা ও তল কী?



রাতের পরিষ্কার আকাশে তারাগুলোকে মনে হয় অনেকগুলো ছোটো ছোটো ফোঁটা। এরকম ফোঁটা আমরা আর কোথায় দেখতে পাই?









লুডু খেলার ছক্কাতে ছোটো ছোটো ফোঁটা রয়েছে। ডিজিটাল ঘড়ির সময়ের মাঝেও ফোঁটা দেখেছি।



আমরা পেনসিলের চোখা মাথা দিয়ে সহজেই ফোঁটা আঁকতে পারি।



আমরা এই ফোঁটাগুলোকে **বিন্দু** বলি।


বিন্দুর দৈর্ঘ্য, প্রস্থ বা উচ্চতা নেই, কেবল অবস্থান রয়েছে।




১ ইচ্ছেমতো কিছু বিন্দু আঁকি এবং বিন্দুগুলো যোগ করে পছন্দমতো চিত্র আঁকি।





আমি ৫টি বিন্দু এঁকেছি এবং এগুলো যোগ করে একটি তারা এঁকেছি।





দুই বিন্দুর উপর স্কেল রেখে পেনসিল দিয়ে সোজা দাগ টানলে নিচের চিত্রটি পাওয়া যায়।

আমরা একে **রেখা** বলি।



এই রকম রেখা আমরা কোথায় দেখতে পাই?




খেলার মাঠে, বড়ো রাস্তায় আমি এ রকম রেখা দেখেছি।





একটি ইটের বাইরের অংশকে আমরা কী বলি?



আমরা একে **তল** বলি। বিশেষভাবে এক্ষেত্রে আমরা একে **সমতল** বলি।

একটি ইটের সকল তল সমতল।





একটি বলের তল কেমন?



এটি সমতল নয়। এ তলটি বাঁকা।



আমরা একে **বক্রতল** বলি।


২ চলো, একটি খাতার পাতা নিয়ে বিন্দু, রেখা ও তল খুঁজে বের করি।



কাগজটির তল হলো সমতল। কাগজের পার্শ্ব হচ্ছে একটি রেখা। যে স্থানে দুই পার্শ্ব মিলিত (শীর্ষবিন্দু) হয়েছে তা একটি বিন্দু।



৩ চলো, নিচের জিনিসগুলোর তল খুঁজে বের করি এবং পৃথকভাবে সাজাই।




| সমতল | বক্রতল | উভয় তল |
|---|---|---|
| | | |



 এর সব তল সমতল।

 এর তল বক্রতল।

 এর সমতল ও বক্রতল উভয় তলই রয়েছে।

১ দুইজন বন্ধুর সঙ্গে আলোচনা করে চারপাশের জিনিস (যেমন: পেনসিল, বই, টেবিল ইত্যাদি) থেকে বিন্দু, রেখা, সমতল ও বক্রতল খুঁজে বের করি।

# কোণ

কোণ কী এবং বিভিন্ন প্রকার কোণ কীভাবে বের করব?






ছবিগুলোর মধ্যে কোথায় যেন একটা মিল আছে। কিন্তু আমি ঠিক তা ধরতে পারছি না।

প্রতিটি ছবিতেই **কোণ** রয়েছে।



দুইটি রেখার মিলিত বিন্দুতে (শীর্ষ বিন্দু) যে আকৃতি তৈরি হয়, তাকে **কোণ** বলে।





১ চলো, পাশের ছবিতে কোনো কোণ আছে কি না, আমরা তা খুঁজে বের করি।





আমি এই কোণগুলো খুঁজে পেয়েছি।






আমি এই কোণগুলো খুঁজে পেয়েছি।




আমরা আর কোথায় কোথায় কোণ খুঁজে পাই?




২ চলো, আমরা বিভিন্ন ধরনের কোণ নিয়ে চিন্তা করি।

যেকোনো আকৃতির একটি কাগজ নিয়ে মাঝ বরাবর ভাঁজ করি। ভাঁজ করা কাগজটি পুনরায় আড়াআড়ি ভাঁজ করি (নিচের চিত্রের মতো)।





ভাঁজ শেষে কোনায় যে কোণটি তৈরি হলো, সেটিই হলো **এক সমকোণ**।


এবার ভাঁজটি খুলে ফেলি।




মাঝ বরাবর ভাঁজ হওয়া অংশে রেখা টানি। রেখা দুটির মিলিত বিন্দুতে ৪টি কোণ তৈরি হবে। এগুলোর প্রতিটি এক **সমকোণ**।





ভাঁজ করে তৈরি দুইটি সমকোণ পাশাপাশি রাখি (নিচের চিত্রের মতো)।




দুইটি সমকোণ একত্রে মিলে যে কোণ তৈরি করল, সেটি হলো সরল কোণ।






যদি কোণটি এক সমকোণের চেয়ে ছোটো হয়, তবে তাকে আমরা **সূক্ষ্মকোণ** বলি।




যদি কোণটি এক সমকোণের চেয়ে বড়ো হয়, তবে তাকে আমরা **স্থূলকোণ** বলি।

৩ চলো, আমরা দুইটি কাঠি দিয়ে কোণ তৈরি করি ও শ্রেণিতে প্রদর্শন করি।





৪ নিচের ডট কাগজে বিভিন্ন প্রকার কোণ আঁকি এবং সেগুলোর নাম বলি। যেমনঃ সূক্ষ্মকোণ, স্থূলকোণ, সরল কোণ ইত্যাদি।



১ পেনসিল ও স্কেলের সাহায্যে সমকোণ, সূক্ষ্মকোণ, স্থূলকোণ ও সরল কোণ আঁকি।

# চতুর্ভুজ

আমরা এই চিত্রগুলোর মধ্যে কী কী মিল ও অমিল খুঁজে পাই?





আমরা দ্বিতীয় শ্রেণিতে চতুর্ভুজাকৃতি সম্পর্কে শিখেছি। আমার মনে হচ্ছে তিনটি চিত্রই চতুর্ভুজাকৃতির।




চিত্র তিনটিরই ৪টি বাহু ও ৪টি কোণ রয়েছে।



একটি আকৃতি যা ৪টি সরল রেখা দ্বারা আবদ্ধ, তাকে চতুর্ভুজ বলে।

১ পাশের চতুর্ভুজ দুইটির মধ্যে পার্থক্য কী?






এগুলোর কোণগুলো লক্ষ করি।

যে চতুর্ভুজের ৪টি কোণই সমকোণ, তাকে আয়ত বলে।


আয়তটিকে নিচের চিত্রের মতো করে বিভিন্ন উপায়ে ভাঁজ করে বাহুগুলোর দৈর্ঘ্য লক্ষ করি।



একটি আয়তের বিপরীত বাহুগুলোর দৈর্ঘ্য একই।

১৩৭


২ পাশের চতুর্ভুজ দুইটির মধ্যে কী কী মিল ও অমিল আছে তা খুঁজে বের করি।





আমি কিছু মিল খুঁজে পেয়েছি। চতুর্ভুজ দুইটির কোণগুলো সমকোণ এবং বিপরীত বাহুগুলোর দৈর্ঘ্য সমান। দুইটি চিত্রই **আয়ত**।

দ্বিতীয় চতুর্ভুজটিকে নিচের চিত্রের মতো করে ভাঁজ করে বাহুগুলোর দৈর্ঘ্য লক্ষ করি।





প্রতিটি বাহুর দৈর্ঘ্যই সমান।

যে আয়তের ৪ বাহুর দৈর্ঘ্য একই, তাকে বর্গ বলে।




সকল বর্গই আয়ত।





৩ সহপাঠীদের সঙ্গে আলোচনা করে যে বস্তুগুলোর তল আয়তাকার বা বর্গাকার, তা বের করি এবং কারণ ব্যাখ্যা করি।




৪ আয়তগুলোতে গোল দাগ দিই।



৫ যে চিত্রটি চতুর্ভুজ তার বাম পাশে ✓ দিই। যদি এগুলো আয়ত বা বর্গ হয়, তবে চিত্রের ডান পাশে নাম লিখি।


| ✓ | | নাম | ✓ | | নাম |
|---|---|---|---|---|---|
| |  | | |  | |
| |  | | |  | |
| |  | | |  | |
| |  | | |  | |

৬ স্কেল ব্যবহার করে নিচের ডট কাগজে আয়ত ও বর্গ আঁকি।



১ বন্ধুর সঙ্গে আলোচনা করে শ্রেণিকক্ষের চারপাশের জিনিস (যেমন: বই, টেবিল, বোর্ড ইত্যাদি) থেকে আয়ত ও বর্গ খুঁজে বের করি।


২ নিচের ৪টি চিত্রের প্রতিটিতে বর্গের কিছু অংশ দেওয়া আছে। বর্গগুলো সম্পূর্ণ করি।



# জ্যামিতিক প্যাটার্ন


আমরা কীভাবে প্যাটার্ন খুঁজব?


২য় শ্রেণিতে আমরা প্যাটার্ন সম্পর্কে জেনেছি। প্যাটার্নের ক্ষেত্রে নির্দিষ্ট নিয়মে কোন কিছু (যেমনঃ সংখ্যা, নকশা বা জ্যামিতিক আকৃতি ইত্যাদি) সাজানো থাকে। আমাদের চারপাশে তাকালে আমরা বিভিন্ন ধরনের প্যাটার্ন দেখতে পাই। মৌমাছির চাকে খুব চমৎকার জ্যামিতিক আকৃতির প্যাটার্ন আছে।





আমাদের বিদ্যালয়ের দেয়ালে আমি চতুর্ভুজাকৃতির প্যাটার্ন দেখেছি।






আমার বাসায় বসার ঘরের কার্পেটের নকশা বর্গাকৃতির প্যাটার্নে সাজানো।




১ চলো, নিচের চিত্রগুলোতে কোনো প্যাটার্ন আছে কি না, তা খুঁজে বের করি।

(১)




২০২৫

(২)



(৩)





১ নম্বর চিত্রে আমি প্যাটার্ন খুঁজে পেয়েছি। একটি বর্গের পরে একটি ত্রিভুজ এবং এর পুনরাবৃত্তি ঘটেছে।


২নম্বর চিত্রে আমি প্যাটার্ন খুঁজে পেয়েছি। নীল পাপড়ির ফুলের উপর আকারে একটু ছোটো লাল পাপড়ির ফুল, তার উপর আরও ছোটো হলুদ পাপড়ির ফুল এবং এর পুনরাবৃত্তি ঘটেছে।





৩ নম্বর চিত্রটিতে প্যাটার্ন আছে কি না, তা আমি বুঝতে পারছিনা।

৩ নম্বর চিত্রটি প্যাটার্ন তৈরি করেনি। প্যাটার্নে সাজাতে হলে




চিত্রের পরিবর্তে




চিত্র থাকতে হবে।

২ নিচের চিত্রগুলো লক্ষ করি এবং প্যাটার্ন সম্পূর্ণ করি।


(১)




(২)





(৩)




৩ নিচের জ্যামিতিক আকৃতিগুলো ব্যবহার করে পছন্দমতো প্যাটার্ন তৈরি করি।

















**১** আয়ত ও বর্গ ব্যবহার করে ইচ্ছেমতো দুইটি ভিন্ন প্যাটার্ন তৈরি করি।




**২** নিচের আকৃতিগুলো বিভিন্নভাবে ব্যবহার করে পছন্দমতো প্যাটার্ন তৈরি করি।




**৩** বিদ্যালয়ে বৈশাখী উৎসব উপলক্ষ্যে একটি অনুষ্ঠানের আয়োজন করা হবে। সেজন্য শ্রেণিকক্ষের দেয়াল সাজাতে রঙিন কাগজ কেটে পছন্দের প্যাটার্নের নকশা তৈরি করি। (প্রজেক্ট ওয়ার্ক) একটি নমুনা দেখানো হলো।

নিচের চিত্রের মতো ৩টি ভিন্ন বর্ণ ও আকারের বর্গ নিয়ে একটির উপর আরেকটি (বড়ো থেকে ছোটো) ক্রমান্বয়ে সাজিয়ে প্যাটার্ন তৈরি করা হয়েছে।



প্যাটার্নের নকশা



## নিজে করি

**১** সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিই

(১) নিচের কোনটিকে সরলরেখার উদাহরণ হিসেবে ব্যবহার করা যায়?

ক) একটি গোলকের পৃষ্ঠ খ) একটি টেবিলের প্রান্ত

গ) একটি আঁকাবাঁকা রাস্তা ঘ) একটি বলের পৃষ্ঠ

(২) একটি সরলকোণ গঠিত হয়–

ক) দুটি সমকোণ দিয়ে খ) দুটি সূক্ষ্মকোণ দিয়ে

গ) দুটি স্থূলকোণ দিয়ে ঘ) একটি সমকোণ এবং একটি স্থূলকোণ দিয়ে

(৩) যদি একটি কাগজ আড়াআড়িভাবে দুবার ভাঁজ করা হয় তাহলে নিচের কোনটি পাওয়া যায়?

ক) এক সমকোণ খ) দুটি সূক্ষ্মকোণ গ) চার সমকোণ ঘ) এক স্থূলকোণ

(৪) দুটি সরলরেখা পরস্পরকে সমকোণে অতিক্রম করলে কী হয়?

ক) একটি স্থূলকোণ গঠিত হয় খ) একটি সরলরেখা তৈরি হয়

গ) চারটি সমকোণ গঠিত হয় ঘ) দুটি সূক্ষ্মকোণ গঠিত হয়

(৫) আয়তের ক্ষেত্রে নিচের কোন শর্তটি আবশ্যিক?

ক) চারটি সমান বাহু খ) চারটি কোণ সমকোণ

গ) বিভিন্ন দৈর্ঘ্যের চারটি বাহু ঘ) শুধু একটি কোণ সমকোণ

(৬) তোমার একটি রোবট আছে যেটি শুধুমাত্র সমকোণে ঘুরতে পারে। তুমি যদি এটিকে একটি আয়তক্ষেত্রের চারপাশ বরাবর হাঁটতে বলো, তাহলে এটি শুরুর অবস্থানে ফিরতে কতটি বাঁক ঘুরবে?

ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

(৭) নিচের কোনটি প্যাটার্ন নয়?

ক) মৌচাকের গঠন খ) বর্গাকার টাইলসের দেয়াল

গ) এলোমেলো বিন্দু ঘ) একটি দাবার ছক

২০২৫

(৮) একটি ত্রিভুজের একটি কোণ সমকোণ কিনা তা কীভাবে বের করা যায়?

ক) ত্রিভুজটিকে আড়াআড়ি ভাঁজ করে
খ) একটি চাঁদা দিয়ে পরিমাপ করে
গ) ত্রিভুজটির উপর দিয়ে আরেকটি রেখা অংকন করে
ঘ) আকৃতির উপর ভিত্তি করে অনুমান করে

(৯) নিচের কোন বাক্যটি সঠিক নয়, তা শনাক্ত করি?
(ক) সূক্ষ্মকোণ এক সমকোণ অপেক্ষা ছোটো।
(খ) সরলকোণ দুই সমকোণের সমান।
(গ) স্থূলকোণ দুই সমকোণ অপেক্ষা বড়ো।
(ঘ) সকল বর্গই আয়ত।




## ২ সংক্ষিপ্ত প্রশ্ন

(১) ইমা তার বইগুলিকে একটি শেলফে V-আকৃতিতে সাজিয়েছে। বই দ্বারা গঠিত কোণ ৯০ ডিগ্রির কম হলে, ইমা কোন ধরনের কোণ তৈরি করেছে?


(২) একটি চাঁদা ব্যবহার করে রাফি ১২০° কোণ অঙ্কন করেছে। সে কোন ধরনের কোণ অঙ্কন করেছে এবং এটি এক সমকোণের চেয়ে কত ডিগ্রি বড়?

(৩) তুমি একটি আয়তাকার কাগজ দুটি সমান অর্ধেকে ভাঁজ করলে এবং তারপর আবার চতুর্থাংশে ভাঁজ করলে। মূল আয়তটির দৈর্ঘ্য ১২ সেমি এবং প্রস্থ ৮ সেমি হলে, দ্বিতীয় ভাঁজের পরে ভাঁজ করা আয়তটির দৈর্ঘ্য ও প্রস্থ কত হবে?

(৪) নিচের কোণগুলোর নাম লিখি ও কারণ ব্যাখ্যা করি।

| কোণ |  |  |  |  |
|---|---|---|---|---|
| নাম | | | | |
| কারণ | | | | |


৩ মিল করি

| | | |
|---|---|---|
|  | | বিন্দু |
|  | | রেখা |
|  | | সমতল |
|  | | বক্রতল |


৪ একটি চতুর্ভুজকে কখন বর্গ বলতে পারি?

৫ খালিস্থানে সঠিক আকৃতি বসিয়ে নিচের প্যাটার্নগুলো সম্পূর্ণ করি।

(ক) 

(খ) 

৬ নিচের চিত্রগুলো প্যাটার্ন হবে কি না, তা খুঁজে বের করি। সঠিক উত্তরের উপরে টিক (✓) চিহ্ন দিই এবং কারণ বলি।

(ক)  হ্যাঁ / না

(খ)  হ্যাঁ / না

২০১৮

# উপাত্ত সংগ্রহ ও বিন্যস্তকরণ

## সারণি তৈরি করা

স্কুল থেকে আনন্দ ভ্রমণের উদ্দেশ্যে শিশুপার্কে শিক্ষার্থীদের নিয়ে যাওয়া হয়েছিল এবং তারা বিভিন্ন রাইডে চড়েছিল। কতজন কোন রাইড চড়েছিল?




শিশুপার্ক




আমরা কীভাবে সহজে হিসাব করতে পারি?

আমাদের তালিকা তৈরি করতে হবে। এক্ষেত্রে আমরা ট্যালি চিহ্ন ব্যবহার করতে পারি।



দ্বিতীয় শ্রেণিতে আমরা হিসাব করার জন্য ট্যালি চিহ্নের ব্যবহার শিখেছিলাম। ৫টি করে সংখ্যার দলের হিসাব রাখার জন্য ট্যালি চিহ্ন একটি দ্রুততম পদ্ধতি। প্রথম ৪টির প্রতিটির জন্য একটি করে খাড়া রেখা টানা হয়, কিন্তু পঞ্চমটির জন্য আগের ৪টি রেখার আড়াআড়ি দাগ টানা হয়। এরপর একটু ফাঁক দিয়ে আবারও ট্যালি চিহ্ন দেওয়া হয়।



**১** চলো, ট্যালি চিহ্ন ব্যবহার করে ডান পাশের সারণিটি পূরণ করি এবং কতজন শিক্ষার্থী কোন রাইডে চড়েছিল, তা বের করি।

(১) কোন রাইডটিতে সবচেয়ে বেশি সংখ্যক শিক্ষার্থী চড়েছিল?

(২) কোন রাইডটিতে সবচেয়ে কম সংখ্যক শিক্ষার্থী চড়েছিল?

(৩) কতজন শিক্ষার্থী নাগরদোলা ও আনন্দঘূর্ণিতে চড়েছিল?

| খেলার নাম | ট্যালি চিহ্ন | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| ছোটো মণিদের রেলগাড়ি | 𝍸 𝍸 | ১০ |
| নাগরদোলা | | |
| উড়ন্ত বিমান | | |
| আনন্দঘূর্ণি | | |
| মোট | | |

**১** শিক্ষক শ্রেণিতে এলোমেলোভাবে কিছু রঙের নাম বারবার বলেছেন। মনোযোগ দিয়ে শুনে ট্যালি চিহ্ন ব্যবহার করে রঙের সংখ্যা লিপিবদ্ধ করি এবং পরবর্তীতে ট্যালি চিহ্নকে সংখ্যায় প্রকাশ করে ডান পাশের সারণিটি পূরণ করি।

(১) শিক্ষক কোন রংটি সবচেয়ে বেশি সংখ্যক বার বলেছেন?

(২) শিক্ষক লাল এবং হলুদ রং কতবার বলেছেন?

| রঙের নাম | ট্যালি চিহ্ন | সংখ্যা |
|---|---|---|
| লাল | | |
| নীল | | |
| হলুদ | | |
| সবুজ | | |




# চিত্রলেখ



একটি ফলের ঝুড়িতে ৫টি আপেল, ৪টি কলা, ৬টি পেয়ারা এবং ৭টি আনারস আছে। এগুলোকে কীভাবে সহজে সাজানো যায়?






আমি এভাবে সাজিয়েছি।

| | |
|---|---|
| আপেল |  |
| কলা |  |
| পেয়ারা |  |
| আনারস |  |

আমি এভাবে সাজিয়েছি।



| | | |
|---|---|---|
| আপেল |  |  |
| কলা |  |  |
| পেয়ারা |  |  |
| আনারস |  |  |

এগুলো চিত্রলেখ। চিত্রলেখ-এ উপাত্তকে **চিত্র** অথবা **প্রতীক** এর সাহায্যে প্রকাশ করা হয়।



১ ডানের সারণিতে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী তৃতীয় শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা দেওয়া আছে। চলো, আমরা একে চিত্রলেখ-এর সাহায্যে প্রকাশ করি।

| প্রতিযোগিতার নাম | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|
| দৌড় | ৫০ |
| মোরগ লড়াই | ২০ |
| যেমন খুশি তেমন সাজো | ১৫ |
| ছবি আঁকা | ৩৫ |



এখানে শিক্ষার্থীর সংখ্যা অনেক বেশি।

আমরা শিক্ষার্থীর সংখ্যাকে ১০-এর দলে সাজাতে পারি।



| | |
|---|---|
| দৌড় | ● ● ● ● ● |
| মোরগ লড়াই | ● ● |
| যেমন খুশি তেমন সাজো | ● ◖ |
| ছবি আঁকা | ● ● ● ◖ |

এখানে ১০ জন করে শিক্ষার্থী একটি দল তৈরি করেছে এবং দলটিকে '●' প্রতীক এর সাহায্যে প্রকাশ করা হয়েছে। অর্থাৎ

প্রতিটি ● = ১০ জন শিক্ষার্থী

বড়ো আকারের উপাত্তকে দলের মাধ্যমে খুব সহজেই চিত্রলেখ-এ প্রকাশ করা যায়।






বাহ! চিত্রলেখ আমাদের খুব সহজেই বড়ো সংখ্যা প্রকাশ ও তুলনা করতে সাহায্য করে।



আরও অন্য কোনোভাবে কি চিত্রলেখটিকে দেখানো যায়?




(১)  কতজন শিক্ষার্থীর সমান?


(২) কোন প্রতিযোগিতায় সবচেয়ে বেশি সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেছে?

(৩) কোন প্রতিযোগিতায় সবচেয়ে কম সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেছে?

১ ডানের সারণিটি একটি সবজির দোকানে বিভিন্ন সবজি বিক্রির মেমো। একে চিত্রলেখ-এর মাধ্যমে প্রকাশ করি।

| সবজি | সংখ্যা |
|---|---|
| বেগুন | ৩৫ |
| ফুলকপি | ২০ |
| লেবু | ৬০ |
| শসা | ৫০ |
| লাউ | ১৫ |

২ একটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের পছন্দের ফুলের চিত্রলেখ নিচে দেওয়া হলো। সহপাঠীদের সাথে আলোচনা করে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।




প্রতিটি  = ২০ জন শিক্ষার্থী

(১) ------------------ ফুলটি সবচেয়ে কম সংখ্যক শিক্ষার্থী পছন্দ করে।

(২) ------------------ জন শিক্ষার্থী বেলি ফুল পছন্দ করে।

(৩) মোট শিক্ষার্থীর সংখ্যা ------------------।

২ তৃতীয় শ্রেণির শিক্ষার্থীরা চিড়িয়াখানা ভ্রমণে গিয়েছিল। তারা যাবার পথে যা যা যানবাহন দেখেছিল তার একটি চিত্রলেখ আঁকা শুরু করি।




(১) শিক্ষার্থীরা ৮টি গাড়ি দেখেছিল। প্রতিটি  = ☐ যানবাহন?

(২) তারা রিকশার চেয়ে ☐ টি মোটরসাইকেল বেশি দেখেছিল।

(৩) তারা ৬টি দোতলা বাস দেখেছিল। চিত্রলেখ-এ তারা  আরও ☐ বার আঁকবে।

(৪) মোটরসাইকেলের চেয়ে সাইকেল ☐ টি কম ছিল।

৩ কিছু শিক্ষার্থীর পছন্দের মাছের চিত্রলেখ নিচে দেওয়া আছে। নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।

| | |
|---|---|
| ইলিশ | ☆ ☆ ☆ ☆ |
| চিংড়ি | ☆ ☆ ☆ ☆ ☆ ☆ |
| বোয়াল | ☆ ☆ |
| রুই | ☆ ☆ ☆ |

প্রতিটি ☆ = ৪ জন শিক্ষার্থী

(১) ৯ জন ছেলে শিক্ষার্থীর পছন্দের মাছ হলো ইলিশ। কতজন মেয়ে শিক্ষার্থী ইলিশ মাছ পছন্দ করে?


(২) ১২ জন মেয়ে শিক্ষার্থী চিংড়ি মাছ পছন্দ করে। কতজন ছেলে শিক্ষার্থী চিংড়ি মাছ পছন্দ করে?

(৩) ৪ জন ছেলে শিক্ষার্থী রুই মাছ পছন্দ করে। ছেলে শিক্ষার্থীর চেয়ে কতজন বেশি মেয়ে শিক্ষার্থী রুই মাছ পছন্দ করে?

**নিজে করি**

১ বাড়ির আশপাশের বিভিন্ন গাছের তালিকা তৈরি করে সারণি তৈরি করি এবং চিত্রলেখ-এর মাধ্যমে প্রকাশ করি।

২ নিচের চিত্র দুইটি তুলনা করি। দুইটি চিত্রকেই কি চিত্রলেখ বলতে পারি? সহপাঠীদের সঙ্গে আলোচনা করে মতামত লিই।










৩ একটি লাইব্রেরির বিভিন্ন ধরনের বইয়ের চিত্রলেখ নিচে দেওয়া আছে।







বইয়ের সংখ্যার সারণি তৈরি করি এবং নিচের খালিঘর পূরণ করি।

(ক) সবচেয়ে বেশি সংখ্যক বই হলো ---------- ও --------------- ।

(খ) --------------------- বইয়ের সংখ্যা হলো ৩০টি।

(গ) মোট বইয়ের সংখ্যা হলো ---------------------- ।

- সমাপ্ত -

২০২৫ শিক্ষাবর্ষের জন্য, তৃতীয় শ্রেণি-গণিত

বড়ো যদি হতে চাও ছোটো হও আগে।

তথ্য, সেবা ও সামাজিক সমস্যা প্রতিকারের জন্য '৩৩৩' কলসেন্টারে ফোন করুন।

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারে ১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য